বাংলা একাডেমি

বাংলা বানান-অভিধান

বাংলা একাডেমি বাংলা বানান-অভিধান

পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণ উচ্চারণ-সহ

www.pathagar.com

বাংলা একাডেমি

বাংলা বানান-অভিধান

পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণ উচ্চারণ-সহ

সংকলন ও সম্পাদনা

জামিল চৌধুরী

বাংলা একাডেমি

www.pathagar.com

বাংলা একাডেমি বাংলা বানান-অভিধান

পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণের পঞ্চম পুনর্মুদ্রণ : মাঘ ১৪২১/জানুয়ারি ২০১৫

প্রথম প্রকাশ : জ্যৈষ্ঠ ১৪০১/জুন ১৯৯৪
প্রথম পুনর্মুদ্রণ : মাঘ ১৪০১/ফেব্রুয়ারি ১৯৯৫
পরিবর্ধিত ও সংশোধিত সংস্করণ : মাঘ ১৪০৭/জানুয়ারি ২০০১
পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণ : ফাল্গুন ১৪১৪/ফেব্রুয়ারি ২০০৮
পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণের প্রথম পুনর্মুদ্রণ : জ্যৈষ্ঠ ১৪১৬/জুন ২০০৯
পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণের চতুর্থ পুনর্মুদ্রণ : মাঘ ১৪১৯/ফেব্রুয়ারি ২০১৩

পাণ্ডুলিপি
সংকলন উপবিভাগ

বাএ ৫২৯২

প্রকাশক

ড. জালাল আহমেদ
পরিচালক (চলতি দায়িত্ব)
বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা

মুদ্রক
সমীর কুমার সরকার
ব্যবস্থাপক
বাংলা একাডেমি প্রেস, ঢাকা

প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী

মুদ্রণ সংখ্যা : ৫০০০ কপি

মূল্য : ৪৪০.০০ টাকা

BANGLA ACADEMY BANGLA BANNAN ABHIDHAN [A Dictionary of Bangla Orthography], Compiled & Edited by Jamil Choudhury. Published by Dr. Jalal Ahmed, Director (in-charge), Sales, Marketing and Reprint Division, Bangla Academy, Dhaka 1000, Bangladesh. Revised and Enlarged Third Edition : Fifth Reprint : January 2015. Price : Tk. 440.00 only.

ISBN 984-07-5301-0

www.pathagar.com

উৎসর্গ

আবীর চৌধুরী

সবার উপরে মানুষ সত্য/তাহার উপরে নাই

www.pathagar.com

www.pathagar.com

প্রসঙ্গ-কথা

বাংলাদেশের ভাষা-সাহিত্য-সংস্কৃতির উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে এখন থেকে অর্ধ-শতকেরও বেশি আগে প্রতিষ্ঠিত হয়েছিল বাংলা একাডেমী। বাংলা ভাষার বিকাশ সাধনের জন্য একাডেমী গত শতকের পঞ্চাশের দশকেই যে-কয়েকটি বড় মাপের কাজ হাতে নিয়েছিল তার প্রথমটি ছিল তিন খণ্ডে সমাপ্য *পূর্ব পাকিস্তানী ভাষার আদর্শ অভিধান*। ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র সম্পাদনায় *আঞ্চলিক ভাষার অভিধান* ছিল এর প্রথম অংশ এবং ড. মুহম্মদ এনামুল হকের সম্পাদনায় *ব্যবহারিক বাংলা অভিধান* দ্বিতীয় অংশ। পূর্ব বাংলা অঞ্চলের অভিধান-চর্চার ধারায় এ-দুটি অভিধানই এখনও মাইলফলক হিসেবে সর্বজনস্বীকৃত।

মাঝে মাঝে বিরতি ঘটলেও নতুন অভিধান তৈরির এ-ধারা বাংলা একাডেমী অব্যাহত রেখেছে। গত তিন দশকে বাংলা একাডেমীর উদ্‌যোগে প্রকাশিত হয়েছে ইংরেজি, আরবি, উর্দু, ফারসি, তুর্কি, পালি ও হিন্দির বাংলা ভাষার অভিধান। এর মধ্যে ইংরেজি-বাংলা ও বাংলা-ইংরেজি অভিধান পেয়েছে অসাধারণ জনপ্রিয়তা। একাডেমী থেকে প্রকাশিত হয়েছে বাংলার বেশ কয়েকটি অভিধান—এগুলোর মধ্যে বিশেষ উল্লেখের দাবি রাখে *সমকালীন বাংলা ভাষার অভিধান* এবং *প্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষার অভিধান*।

বাংলা একাডেমীর বিশেষ ধরনের অভিধানও রয়েছে—*উচ্চারণ অভিধান, বানান অভিধান, চরিতাভিধান, ঐতিহাসিক অভিধান* ও *ছোটদের অভিধান*। *বানান অভিধানের* প্রথম সংস্করণ প্রকাশিত হয়েছিল ১৯৯৪ সালে। প্রকাশের এক বছরের মধ্যে পুনর্মুদ্রণের পর ২০০১ সালে বের হয় এর পরিবর্ধিত সংস্করণ। গত কয়েক বছর অভিধানটির পুনর্মুদ্রণ না হওয়ায় পাঠকের চাহিদা পূরণ করা যায় নি। বিলম্বে হলেও এখন যে-সংস্করণটি পাঠকের হাতে আমরা তুলে দিচ্ছি তাকে আকারে ও প্রকারে একটি নতুন অভিধান বলা যেতে পারে। আগের সংস্করণের তুলনায় একদিকে এর শব্দসংখ্যা বেড়েছে, অন্যদিকে পৃথকভাবে বাংলায় উচ্চারণ নির্দেশ করা হয়েছে।

বাংলাদেশে বাংলা বানানের সমতা আনার জন্য নানা উদ্‌যোগ নেওয়া হয়েছে গত কয়েক দশকে। ১৯৯৪ সালে প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করে বাংলা একাডেমীর *বানান অভিধান* প্রণয়ন এক্ষেত্রে একটি ইতিবাচক পদক্ষেপ। এই অভিধানে বাংলা একাডেমী যথাসম্ভব বিকল্প বর্জন করে বাংলাদেশে সম-ধরনের বানান প্রচলন করতে চেয়েছিল। কিন্তু বাস্তবে সেটি করা সম্ভব হয় নি। তা সত্ত্বেও এই লক্ষ্যকে

www.pathagar.com

সামনে রেখে অব্যাহতভাবে কাজ করে যেতে একাডেমী বদ্ধপরিকর। বর্তমান প্রকাশনা তারই প্রতিফলন।

বানান অভিধানের এই নতুন সংস্করণ প্রণয়নে সম্পাদক জামিল চৌধুরী যে আন্তরিক প্রয়াস ও কঠোর পরিশ্রম করেছেন সেজন্য একাডেমী তাঁর কাছে কৃতজ্ঞ। একাজে দাপ্তরিক দায়িত্ব পালন করেছে সংকলন উপবিভাগ। বাংলা একাডেমী প্রেসের কর্মীরা অক্লান্ত পরিশ্রম করেছেন। সকলকে ধন্যবাদ।

বাংলা একাডেমী
২১শে ফেব্রুয়ারি ২০০৮

সৈয়দ মোহাম্মদ শাহেদ
মহাপরিচালক

www.pathagar.com

দ্বিতীয় সংস্করণের প্রসঙ্গ-কথা

জামিল চৌধুরী সম্পাদিত ও সংকলিত 'বাংলা একাডেমী বাংলা বানান অভিধান'-এর প্রথম সংস্করণ প্রকাশিত হয় ১৯৯৪ সালে। এই বানান-অভিধানটি প্রচলিত বাংলা অভিধান থেকে ভিন্ন প্রকৃতির। প্রধানত বাংলা শব্দকোষে থাকে শব্দের অর্থ, উৎপত্তি ও ব্যুৎপত্তি, পদনাম, শব্দের জাতি (origin), উচ্চারণ পদ্ধতি, প্রয়োগরীতি ইত্যাদি। অপরদিকে আলোচ্য বানান অভিধানটির লক্ষ্য হলো শব্দের শুদ্ধ বানানরীতি উপস্থাপন ও পদনাম নির্দেশ। বাংলা একাডেমী প্রবর্তিত 'প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুযায়ী অভিধানটি প্রণীত হয়েছে।

অভিধানটি প্রকাশিত হওয়ার কয়েক মাসের মধ্যে তা নিঃশেষ হয়ে যায়। ১৯৯৫ সালে এটি পুনর্মুদ্রিত হয়। এবারও অতিঅল্প সময়ের মধ্যে তা ফুরিয়ে যায়। অভিধানটির এই জনপ্রিয়তার দিক লক্ষ্য করে জামিল চৌধুরীকে এর দ্বিতীয় সংস্করণ সম্পাদনার দায়িত্ব দেওয়া হয়। স্বল্প সময়ের মধ্যে তিনি এই সংস্করণের সংশোধিত, পরিমার্জিত ও পরিবর্ধিত পাণ্ডুলিপি প্রণয়ন করেন। এর মধ্য দিয়ে তিনি তাঁর আন্তরিকতা ও কর্মদক্ষতার স্বাক্ষর রেখেছেন। বর্তমান সংস্করণেও বাংলা একাডেমীর 'প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুসারে শব্দের অক্ষরবিন্যাস করা হয়েছে। এর পাশাপাশি সংযোজিত হয়েছে IPA (International Phonetic Association)-এর ধ্বনিলিপিতে বাংলা শব্দের প্রতিবর্ণীকরণ। আমাদের জানামতে IPA (ধ্বনিলিপির) ব্যবহার বাংলাদেশের কোনো অভিধানের ক্ষেত্রে এই প্রথম। এর ফলে যাঁদের মাতৃভাষা বাংলা নয় তাঁরাও সহজে বাংলা শব্দের যথাযথ উচ্চারণ করতে সক্ষম হবেন।

বাংলা একাডেমীর গবেষণা, সংকলন ও ফোকলোর বিভাগের পরিচালক জনাব সেলিনা হোসেন ও সংকলন উপবিভাগের উপপরিচালক জনাব নূরুল ইসলাম দক্ষতার সাথে যাবতীয় কাজের সমন্বয়সাধন করেছেন।

অভিধানটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানাই।

সৈয়দ আনোয়ার হোসেন
মহাপরিচালক
বাংলা একাডেমী, ঢাকা

www.pathagar.com

www.pathagar.com

প্রথম প্রকাশের প্রসঙ্গ-কথা

বাংলা একাডেমী কর্তৃক বাংলা বানান প্রমিতকরণ করা হয়েছে। বানানের ক্ষেত্রে দীর্ঘদিন কোনো সর্বজনগ্রাহ্য নিয়ম চালু করা সম্ভব হয় নি। বাংলা একাডেমী ১৯৯২ সালের এপ্রিলে এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করে। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। কমিটির রিপোর্ট ১৯৯২ সালের নভেম্বরে গৃহীত হয় এবং মতামত জরিপের জন্য রিপোর্টটি বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছে প্রেরণ করা হয়। অবশেষে ১৯৯৪ সালে তা চূড়ান্তভাবে গৃহীত হয় এবং বিগত ২১শে ফেব্রুয়ারির সময় সরকার এ ব্যাপারে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একুশের শ্লোগান হিসাবে শুদ্ধ বানানে বাংলা লেখার আবেদন জানান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলা একাডেমী কর্তৃক যে পোস্টারটি প্রকাশ করা হয় তাতে সংশ্লিষ্ট সকলকে বাংলা একাডেমীর প্রমিত বানান ব্যবহারের অনুরোধ জানানো হয়।

একাডেমীর এ প্রমিত বানানরীতি কোনো নতুন বিষয় নয়। বিশেষজ্ঞ কমিটির প্রস্তাবে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বানানরীতি, বাংলাদেশ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক গৃহীত বানানরীতি সবই বিশেষভাবে বিবেচিত হয়। বাংলা একাডেমীর প্রমিত বানানরীতিকে এ সবের সুন্দর সমন্বয় বলা যেতে পারে। আমাদের উদ্দেশ্য একটি অভিন্ন বানান পদ্ধতি সম্পর্কে সকলকে সচেতন করে তোলা।

কোনো নিয়মনীতিই জোর করে চাপিয়ে দেওয়া যায় না। তবে যেখানে কোনো কেন্দ্রীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোনো নিয়মই নেই সেখানে মানুষ কোন নীতি অনুসরণ করবে। বাংলা একাডেমীর 'প্রমিত বাংলা বানানের নিয়ম' সে অভাব পূরণ করবে বলে আমাদের বিশ্বাস।

বাংলা একাডেমী প্রমিত বানানরীতির আলোকে জনাব জামিল চৌধুরী প্রণীত বাংলা একাডেমী বাংলা বানান-অভিধান গ্রন্থটি প্রকাশিত হলো। এ গ্রন্থটি দীর্ঘদিনের অভাব পূরণ করবে বলে আমাদের বিশ্বাস। বানান সম্পর্কে কোনো দ্বিধাদ্বন্দ্ব দেখা দিলে চট করে খুলে দেখা যায় এমন একটি বইয়ের প্রয়োজন আমাদের সকলেরই। বিগত প্রজন্মের যাঁরা, তাঁদের অনেকেরই এ নতুন রীতির সঙ্গে খাপ খাওয়াতে সময় লাগবে। তবে তাঁরাও সম্ভবত এখন গর্বের সঙ্গে বলতে পারবেন আমাদের একটি নিজস্ব বানানরীতি আছে। এ অহংকারকে সকলে ধারণ করবেন এই আমাদের বিশ্বাস।

গ্রন্থটি বহুল ব্যবহৃত হলে এবং এর ফলে বানানের ক্ষেত্রে নৈরাজ্যকর পরিস্থিতির অবসান হলে খুশি হবো।

মোহাম্মদ হারুন-উর-রশিদ
মহাপরিচালক
বাংলা একাডেমী, ঢাকা

www.pathagar.com

www.pathagar.com

পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণের ভূমিকা

বানাননীতি

রবীন্দ্রনাথের অনুরোধে ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম প্রকাশ করার পর (১৯৩৭-এ সংশোধিত) ৭০ বছর অতিক্রান্ত হয়েছে। বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে মোটামুটিভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানাননীতি অনুসৃত হলেও বাংলা বানানে বিভ্রান্তি আজও পুরোপুরি কাটে নি।

বাংলাদেশের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের উদ্যোগে ১৯৮৮ সালে কুমিল্লায় অনুষ্ঠিত *সর্বজনীন প্রাথমিক শিক্ষার পটভূমিতে পাঠ্যপুস্তকে বাংলা বানানের সমতাবিধানবিষয়ক জাতীয় কর্মশিবিরে* প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তকে বাংলা বানানের একটি পূর্ণাঙ্গ সুপারিশমালা গৃহীত হয় এবং তার উপর ভিত্তি করে অধ্যাপক আনিসুজ্জামানের ও অন্যান্যদের সম্পাদনায় একটি নির্দেশিকা প্রণীত হয় (১৯৯২)। এর পর ১৯৯২-এ ঢাকার বাংলা একাডেমীও *প্রমিত বাংলা বানানের নিয়ম* (১৯৯৮-এ পরিমার্জিত এবং ২০০০-এ পুনরায় সংশোধিত) প্রকাশ করে।

পশ্চিমবঙ্গে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের *বাংলা বানানের নিয়ম সমিতি* [১৯৭৯] বাংলা বর্ণমালা থেকে কয়েকটি বর্ণ ও স্বরচিহ্ন বাদ দেওয়ার প্রস্তাব করে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এই প্রয়াস সফল হয় নি। ১৯৮৫ সালে অনুষ্ঠিত একটি সেমিনারে আলোচনার ধারাবাহিকতায় পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি *বাংলা বানান সংস্কার : একটি ভিত্তিপত্র* প্রকাশ করে পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের পণ্ডিত ও বিশেষজ্ঞদের কাছে পাঠিয়ে তাঁদের মতামত গ্রহণের উদ্যোগ নেয়। প্রাপ্ত মতামতের ভিত্তিতে ১৯৯৭ সালে আকাদেমির বানানবিধি গৃহীত হয়। ১৯৯১ সালে আনন্দ পাবলিশার্স নীরেন্দ্রনাথ চক্রবর্তীর সম্পাদনায় *বাংলা কী লিখবেন কেন লিখবেন* নামে আনন্দবাজার পত্রিকার নিজস্ব ব্যবহারবিধি প্রকাশ করে। ২০০৬-এর ফেব্রুয়ারিতে ঢাকা থেকে প্রকাশিত হয় *প্রথম আলো ভাষারীতি*। কলকাতার শিশু সাহিত্য সংসদ ও সাহিত্য সংসদ প্রকাশন সংস্থারও আছে নিজস্ব বানানবিধি। ব্যক্তিগত পর্যায়ে বাংলা বানান সংস্কারের প্রথম উদ্যোক্তা সম্ভবত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর [১৩৮৫ বঙ্গাব্দ]। এ ছাড়াও বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে বানান সংস্কারের প্রয়োজনীয়তা বোধ করে যাঁরা ব্যক্তিগত মত প্রকাশ করেন তাঁদের মধ্যে মুহম্মদ শহীদুল্লাহ, মুহম্মদ আবদুল হাই, আবুল হাসনাত, আবুল কাসেম, মোফাজ্জল হায়দার চৌধুরী, মুহম্মদ ফেরদাউস খান, শঙ্খ ঘোষ, পবিত্র সরকার, জগন্নাথ চক্রবর্তী, অশোক মুখোপাধ্যায়, অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, অরুণ সেন প্রমুখের নাম উল্লেখযোগ্য।

বাংলা একাডেমীর প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করে বাংলা একাডেমী বানান অভিধান প্রণীত হয় ১৯৯৪ সালে। এখন তার পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয়

www.pathagar.com

সংস্করণ প্রকাশিত হচ্ছে। এই অভিধানে কিছু কিছু শব্দের যে বানান দেওয়া হয়েছে তার ব্যাখ্যা আবশ্যক। সংস্কৃতে 'তীর' শব্দের অর্থ কূল বা তট এবং ফারসি ভাষায় এই শব্দের অর্থ বাণ বা শর। বাণ অর্থে 'তীর'-এর উৎস ফারসি হওয়ায় শব্দটির দীর্ঘস্বর বর্জন করে 'তীর' > 'তির' করা হয়েছে। একই যুক্তিতে ফারসি থেকে আগত 'দূরবীন' শব্দের বানান বদলে 'দুরবিন' করা হয়েছে। 'পক্ষী' শব্দটি বাংলায় দীর্ঘ ঈ-কার দিয়ে লেখা হয়ে আসছে। উৎস সন্ধান করলে দেখা যায় যে শব্দটি সংস্কৃত নয়। 'দেশী' শব্দটিও সংস্কৃত নয়। এই যুক্তিতে বাংলায় 'দেশী' ও 'পক্ষী'র বদলে যথাক্রমে 'দেশি' ও 'পক্ষি' বানান লেখাই সংগত।

বাংলা বর্ণ ও ধ্বনি

বাংলা বর্ণমালাকে সাধারণত দুটি ভাগে ভাগ করা হয়, স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ। স্বরবর্ণ ১১টি (অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ)। ব্যঞ্জনবর্ণের সংখ্যা ৪০টি (ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত ৎ থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল (অন্তঃস্থ) ব শ ষ স হ ং ঃ ঁ)।

অ — অ নিম্নমধ্য অর্ধ-বিবৃত পশ্চাৎ-ধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনিলিপির ɔ চিহ্ন দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে। ব্যঞ্জনের সঙ্গে যুক্ত অ-স্বর নির্দেশ করার জন্য বাংলায় কোনো স্বতন্ত্র চিহ্ন নেই। পরে ই বা উ স্বর থাকলে অ-র ধ্বনি সাধারণত ও-র মতো হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে o দিয়ে এবং ও (প্রযোজ্য ক্ষেত্রে ে া চিহ্ন) দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে।

আ — আ নিম্নমধ্য ও বিবৃত কেন্দ্রীয় ধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে a এবং া চিহ্ন দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে।

ই ঈ — ই এবং ঈ ঊর্ধ্বসম্মুখ সংবৃত স্বরধ্বনির দ্যোতক। হ্রস্ব ই এবং দীর্ঘ ঈ দুটি স্বতন্ত্র স্বরবর্ণ হলেও বাংলা উচ্চারণে এই দুটি বর্ণের ধ্বনিতে কোনো প্রভেদ নেই। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে i এবং ই (প্রযোজ্য ক্ষেত্রে ি চিহ্ন) দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে।

উ ঊ — উ এবং ঊ ঊর্ধ্বপশ্চাৎ ও বর্তুল স্বরধ্বনির দ্যোতক। মান্য উচ্চারণে হ্রস্ব উ এবং দীর্ঘ ঊ-র উচ্চারণও অভিন্ন। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে u এবং উ (প্রযোজ্য ক্ষেত্রে ু চিহ্ন দিয়ে) এই স্বর নির্দেশ করা হয়েছে।

ঋ — ঋ স্বরবর্ণের অন্তর্ভুক্ত হলেও এই বর্ণে ব্যঞ্জন চরিত্র লক্ষণীয়। শব্দের আরম্ভে স্বতন্ত্র অবস্থানে ঋ-র ধ্বনি ri বা রি-র মতো। ব্যঞ্জনের সঙ্গে যুক্ত রূপে

www.pathagar.com

ঋ-কারের ধ্বনি অনেকটা ই-কারযুক্ত র-ফলার মতো। আন্তর্জাতিক ধ্বনি-লিপিতে এবং বাংলায় যথাক্রমে ri এবং ৃ চিহ্ন দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে। শব্দের মধ্যে বা শেষে অবস্থিত ঋ-কারযুক্ত ব্যঞ্জনের ধ্বনি কোনো কোনো ক্ষেত্রে দ্বিত্ব হয়।

এ — মান্য উচ্চারণে এ-র দুটি স্বরধ্বনি পাওয়া যায়। একক, কেশ, তেল, বেল প্রভৃতি শব্দে এ বা এ-কার উর্ধ্বমধ্য অর্ধসংবৃত সম্মুখ স্বরধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে e এবং এ (প্রযোজ্য ক্ষেত্রে ে চিহ্ন) দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে। এক, খেলা, ঠেলা, প্রভৃতি শব্দে এ বা এ-কার নিম্নমধ্য অর্ধবিবৃতসম্মুখ স্বরধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে এবং বাংলায় যথাক্রমে æ এবং অ্যা অথবা ্যা চিহ্ন দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে।

ও — ও উর্ধ্বমধ্য ও অর্ধসংবৃত পশ্চাৎ স্বরধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনি-লিপিতে এবং বাংলায় যথাক্রমে o এবং ও (প্রযোজ্য ক্ষেত্রে ে া চিহ্ন) দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে।

ঐ ঔ — ঐ (= ও+ই) এবং ঔ (= ও+উ) যৌগিক স্বর। ঐকিক, ঐরাবত, ঔষধ, কৌণিক প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /ওই্কিক্/, /ওই্রাবত্ /, /ওউ্শধ্ / এবং /কোউ্নিক্/। যৌগিক স্বরধ্বনির একটি বৈশিষ্ট্য হলো প্রথম স্বর ও-র ধ্বনি মুক্ত এবং দ্বিতীয় স্বর ই বা উ-র ধ্বনি রুদ্ধ। স্বরের রুদ্ধ ধ্বনি নির্দেশের জন্য ই উ এবং ও-র নীচে হস চিহ্ন দিয়ে ই্ উ্ এবং ও্ লেখা হয়েছে। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে স্বরবর্ণের রুদ্ধ ধ্বনি নির্দেশের জন্য i u এবং o-র উপরে ˘ চিহ্ন দিয়ে ĭ ŭ এবং ŏ লেখা হয়েছে।

দীর্ঘস্বর — পূর্বে উল্লেখ করা হয়েছে যে মান্য উচ্চারণে ই এবং ঈ-র ধ্বনি অভিন্ন। একই নীতিতে উ এবং ঊ-র ধ্বনিও অভিন্ন। কিন্তু কয়েকটি বিশেষ ক্ষেত্রে স্বরচিহ্নের পরে : চিহ্ন দিয়ে উচ্চারণে দীর্ঘস্বর নির্দেশ করা হয়েছে।

ক-বর্গ — কোমল তালুর সঙ্গে জিভের গোড়া স্পর্শ করে কণ্ঠনালি থেকে নির্গত বায়ু ক্ষণকালের জন্য রুদ্ধ করে ব্যঞ্জনের সঙ্গে নিহিত (ব্যঞ্জনের পূর্বে বা পরে) স্বরধ্বনির সহায়তায় ক-বর্গের প্রথম চারটি বর্ণের (ক খ গ ঘ) উচ্চারণ সাধিত হয়। মহাপ্রাণ বর্ণ খ এবং ঘ উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। ঘোষবর্ণ গ এবং ঘ উচ্চারণকালে কণ্ঠনালির অনুরণন অনুভূত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে k kh g এবং gɦ চিহ্ন দিয়ে যথাক্রমে ক খ গ এবং ঘ-এর ধ্বনি নির্দেশ করা হয়েছে। ক-বর্গের নাসিক্য বর্ণ ঙ উচ্চারণের সময় কণ্ঠনালি

www.pathagar.com

থেকে নিঃসৃত বায়ু আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ŋ চিহ্ন ও বাংলায় ং দিয়ে (স্বরযুক্ত নাসিক্য ব্যঞ্জনের ক্ষেত্রে বাংলায় ং-এর পরিবর্তে ঙ দিয়ে) ঙ-র ধ্বনি নির্দেশ করা হয়েছে।

চ–বর্গ জিভের ডগা তালুতে স্পর্শ করে কণ্ঠনালি থেকে নির্গত বায়ু ক্ষণকালের জন্য বাধাপ্রাপ্ত হয়ে ব্যঞ্জনের সঙ্গে নিহিত (ব্যঞ্জনের পূর্বে বা পরে) স্বরধ্বনির সহায়তায় ঘৃষ্টধ্বনিরূপে চ–বর্গের প্রথম চারটি বর্ণের (চ ছ জ ঝ) উচ্চারণ সাধিত হয়। মহাপ্রাণ বর্ণ ছ এবং ঝ উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। ঘোষবর্ণ জ এবং ঝ উচ্চারণকালে কণ্ঠনালির অনুরণন অনুভূত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে c ch ɟ এবং ɟɦ চিহ্ন দিয়ে যথাক্রমে চ ছ জ এবং ঝ–এর ধ্বনি নির্দেশ করা হয়েছে। বিদেশি শব্দের উচ্চারণে z ধ্বনি নির্দেশের জন্য জ-এর নীচে বিন্দু দিয়ে জ় লেখা হয়েছে। চ–বর্গের নাসিক্য বর্ণ ঞ উচ্চারণের সময় কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয়। স্বাধীন বর্ণরূপে ঞ-র ধ্বনি ঙ-র মতো হয়। এই নিয়মে নঞ, নঞতৎপুরুষ প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /nɔŋ নং / এবং /nɔŋtɔtpuruʃ নংতত্‌পুরুশ্ /। কিন্তু নঞর্থক শব্দের মান্য উচ্চারণ /নোইঁর্‌থক্ /। ঞ-র সঙ্গে আ অথবা ই স্বর যুক্ত হলে ঞ–র ধ্বনিতে নাসিক্য স্বর যুক্ত হয়। বাংলায় স্বরবর্ণ বা স্বরচিহ্নের উপরে ঁ দিয়ে এবং আন্তর্জাতিক ধ্বনিলিপিতে স্বরধ্বনির উপরে ˜ চিহ্ন দিয়ে এই স্বর নির্দেশ করা হয়েছে। অন্য ব্যঞ্জনের সঙ্গে যুক্ত রূপে ঞ–র ধ্বনি ন–এর মতো। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে n এবং বাংলায় ন্ দিয়ে ঞ-র ধ্বনি নির্দেশ করা হয়েছে।

ট–বর্গ জিভের ডগা মূর্ধায় ঠেকিয়ে কণ্ঠনালি থেকে নির্গত বায়ু ক্ষণকালের জন্য বাধাপ্রাপ্ত হয়ে ব্যঞ্জনের সঙ্গে নিহিত (ব্যঞ্জনের পূর্বে বা পরে) স্বরধ্বনির সহায়তায় তালব্যধ্বনিরূপে ট-বর্গের প্রথম চারটি বর্ণের (ট ঠ ড ঢ) উচ্চারণ সাধিত হয়। মহাপ্রাণ বর্ণ ঠ এবং ঢ উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। ঘোষবর্ণ ড এবং ঢ উচ্চারণকালে কণ্ঠনালির অনুরণন অনুভূত হয়। জিভের ডগা দিয়ে মূর্ধায় দ্রুত আঘাত করে তাড়নজাত ধ্বনিরূপে ড–এ বিন্দু ড় এবং ঢ–এ বিন্দু ঢ়-র উচ্চারণ সাধিত হয়। তাড়নজাত মহাপ্রাণ বর্ণ ঢ় উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ṭ ṭh ḍ ṛ ḍɦ ṛɦ চিহ্ন দিয়ে যথাক্রমে ট ঠ ড ড় ঢ এবং ঢ়–এর ধ্বনি নির্দেশ করা হয়েছে। ট–বর্গের নাসিক্য বর্ণ ণ উচ্চারণের সময় কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয় এবং বাংলায় মূর্ধন্য ণ–র ধ্বনি দন্ত্য ন–র মতো। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ও বাংলায় যথাক্রমে n এবং ন দিয়ে মূর্ধন্য ণ–র ধ্বনি নির্দেশ করা হয়েছে।

www.pathagar.com

ত–বর্গ উপরের পাটি দাঁতের গোড়ায় জিভের ডগা স্পর্শ করে কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু ক্ষণকালের জন্য বাধাপ্রাপ্ত হয়ে ব্যঞ্জনের সঙ্গে নিহিত (ব্যঞ্জনের পূর্বে বা পরে) স্বরধ্বনির সহায়তায় দন্তমূলীয়ধ্বনিরূপে ত–বর্গের প্রথম চারটি বর্ণের (ত থ দ ধ) উচ্চারণ সাধিত হয়। মহাপ্রাণ বর্ণ থ এবং ধ উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। ঘোষবর্ণ দ এবং ধ উচ্চারণকালে কণ্ঠনালির অনুরণন অনুভূত হয়। ৎ–র ধ্বনি ব্যঞ্জনান্ত ত–এর (ত্) অনুরূপ। ত–বর্গের নাসিক্য বর্ণ দন্ত্য ন উচ্চারণের সময় কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে t th d dɦ এবং n চিহ্ন দিয়ে যথাক্রমে ত থ দ ধ এবং ন–এর ধ্বনি নির্দেশ করা হয়েছে।

প–বর্গ ওষ্ঠাধর একত্র করে কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু ক্ষণকালের জন্য সম্পূর্ণ রুদ্ধ করে ব্যঞ্জনের সঙ্গে যুক্ত (ব্যঞ্জনের পূর্বে বা পরে) স্বরধ্বনির সহায়তায় ওষ্ঠ্যধ্বনিরূপে প–বর্গের প্রথম চারটি বর্ণের (প ফ ব ভ) উচ্চারণ সাধিত হয়। মহাপ্রাণ বর্ণ ফ এবং ভ উচ্চারণকালে অতিরিক্ত প্রাণবায়ু নিঃসৃত হয়। ঘোষবর্ণ ব এবং ভ উচ্চারণকালে কণ্ঠনালির অনুরণন অনুভূত হয়। প–বর্গের নাসিক্য বর্ণ ম উচ্চারণের সময় কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে p ph b bɦ এবং m চিহ্ন দিয়ে যথাক্রমে প ফ ব ভ এবং ম–এর ধ্বনি নির্দেশ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে আরবি ফারসি এবং অন্যান্য বিদেশি ভাষার শব্দে f এবং v–র ধ্বনি হুবহু বাংলা ফ এবং ভ–র মতো নয়। বাংলা ফ এবং ভ উচ্চারণকালে ওষ্ঠাধর একত্র করে কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু ক্ষণকালের জন্য সম্পূর্ণভাবে রুদ্ধ করা হয়। কিন্তু বিদেশি শব্দের f এবং v উচ্চারণকালে ওষ্ঠাধর একত্র করে কণ্ঠনালি থেকে নিঃসৃত বায়ু সম্পূর্ণ রুদ্ধ করা হয় না। এই সূক্ষ্ম পার্থক্য বোঝাবার জন্য আন্তর্জাতিক ধ্বনিলিপিতে যথাক্রমে f এবং ʋ চিহ্ন দিয়ে এবং বাংলায় ফ় এবং ভ় দিয়ে যথাক্রমে f এবং v–র ধ্বনি নির্দেশ করা হয়েছে। যেমন ফিতরা, ফাস্ট, ভাইরাস শব্দের উচ্চারণ যথাক্রমে /fitra ফ়িতরা /, /fast ফ়াস্ট্ / এবং /ʋairas ভ়াইরাস্/।

অন্তঃস্থবর্ণ য য় র ল ব অন্তঃস্থ বর্ণ। স্বতন্ত্র বর্ণরূপে য–র উচ্চারণ জ–র মতো। র দন্তমূলীয় কম্পনজাত ঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক। ল দন্তমূলীয় ঘোষ অল্পপ্রাণ পার্শ্বিক তরল ধ্বনির দ্যোতক। স্বাধীন বর্ণরূপে অন্তঃস্থ ব–এর ধ্বনি বর্গ্য ব–এর অনুরূপ। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ɟ r l এবং b চিহ্ন দিয়ে যথাক্রমে য র ল এবং ব–এর ধ্বনি নির্দেশ করা হয়েছে। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে e̯ চিহ্ন দিয়ে য়–র ধ্বনি নির্দেশ করা হয়েছে। কওয়া খাওয়া নাওয়া প্রভৃতি শব্দে য়–র ধ্বনি বিশুদ্ধ আ–র মতো এবং আন্তর্জাতিক

www.pathagar.com

ধ্বনিলিপিতে ɑ চিহ্ন দিয়ে এবং বাংলায় আ দিয়ে য়-র ধ্বনি নির্দেশ করা হয়েছে।

উষ্মবর্ণ শ ষ স হ্ উষ্মবর্ণ। শ ষ এবং স যথাক্রমে অঘোষ অল্পপ্রাণ তালব্য, মূর্ধন্য এবং দন্তমূলীয় উ ষ্ম ধ্বনিরদ্যোতক। স্বরের আশ্রয় ছাড়াও এই তিনটি (শ ষ স) বর্ণ উচ্চারণ করা যায়। তৎসম ও তদ্ভব শব্দে স্বাধীন বর্ণরূপে শ ষ এবং স-র ধ্বনি অভিন্ন এবং অঘোষ পশ্চাৎ দন্তমূলীয় শিসধ্বনিরূপে উচ্চারিত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ʃ চিহ্ন দিয়ে এবং বাংলায় শ দিয়ে এই ধ্বনি নির্দেশ করা হয়েছে। অঘোষ তালব্য বর্ণ চ এবং ছ-এর পূর্বে যুক্ত হলে শ-র ধ্বনি পশ্চাৎ দন্তমূলীয়, অঘোষ মূর্ধন্য বর্ণ ট এবং ঠ-এর পূর্বে যুক্ত হলে ষ মূর্ধা থেকে উচ্চারিত। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ʃ চিহ্ন দিয়ে এবং বাংলায় শ দিয়ে এই ধ্বনি নির্দেশ করা হয়েছে। শব্দের আরম্ভে অন্তঃস্থ ব-এর পূর্বে যুক্ত শ (শ্ব), ষ (ষ্ব) এবং স (স্ব)-র ধ্বনি শ-র মতো এবং শব্দের মধ্যে ও শেষে শ্‌শ-এর মতো। শব্দের আরম্ভে মধ্যে ও শেষে ক প এবং ফ-এর পূর্বে যুক্ত ষ-র ধ্বনিও শ-র মতো। দন্ত্য বর্ণ ত এবং থ-এর পূর্বে যুক্ত স দন্তমূল থেকে উচ্চারিত হয়। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে s চিহ্ন দিয়ে এবং বাংলায় স দিয়ে এই ধ্বনি নির্দেশ করা হয়েছে। ক খ প এবং ফ-এর পূর্বে যুক্ত স-র ধ্বনি কখনো s-এর মতো এবং কখনো ʃ-এর মতো। হ্ অন্তঃস্বরযন্ত্রজাত মহাপ্রাণ ঘোষ উষ্মধ্বনির দ্যোতক। আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ɦ চিহ্ন দিয়ে হ্-এর ধ্বনি নির্দেশ করা হয়েছে।

মান্য উচ্চারণে অনুস্বরের (ং) ধ্বনি ঙ-র মতো এবং আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ŋ চিহ্ন দিয়ে এই ধ্বনি নির্দেশ করা হয়েছে। অনুস্বরের অব্যবহিত পূর্ববর্তী ব্যঞ্জনের ধ্বনি সর্বদা স্বরান্ত হয়। ঙ এবং ং-এর মধ্যে একটি পার্থক্য হলো ঙ-র সঙ্গে স্বর যুক্ত করা যায় কিন্তু অনুস্বরের সঙ্গে কোনো স্বর যোগ করা যায় না। শব্দের মধ্যে বিসর্গ (ঃ) থাকলে বিসর্গের অব্যবহিত পরবর্তী বঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় এবং বিসর্গের অব্যবহিত পূর্ববর্তী ব্যঞ্জনের ধ্বনি স্বরান্ত হয়। বর্তমানে অনুসৃত বানানের নিয়ম অনুযায়ী শব্দের শেষে (কয়েকটি ধ্বন্যাত্মক শব্দ ব্যতীত) বিসর্গ বর্জনীয়। ং এবং ঃ-কে অযোগবাহ বর্ণ বলা হয়, অর্থাৎ যে বর্ণের সঙ্গে অন্য স্বর কিংবা ব্যঞ্জনের যোগ কল্পিত হয় নি। ব্যঞ্জনে যুক্ত স্বরের সঙ্গে চন্দ্রবিন্দু যোগ করলে সেই স্বর অনুনাসিক হয়। এখানে উল্লেখ্য যে ব্যঞ্জনের সঙ্গে স্বর যুক্ত না থাকলে সেই ব্যঞ্জনের উপরে চন্দ্রবিন্দু দেওয়া যায় না।

যুক্তব্যঞ্জন দুটি ব্যঞ্জন পরস্পর যুক্ত হলে সাধারণভাবে প্রথমটির ধ্বনি ব্যঞ্জনান্ত এবং দ্বিতীয়টির ধ্বনি স্বরান্ত হয়। ক্ষ, ম-ফলা, য-ফলা এবং অন্তঃস্থ ব-ফলার ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম লক্ষ করা যায়। শব্দের আরম্ভে ক্ষ-র ধ্বনি খ-এর মতো। শব্দের মধ্যে বা শেষে ক্ষ-র ধ্বনি ক্খ-র মতো। শব্দের আরম্ভে অবস্থিত কোনো ব্যঞ্জনের সঙ্গে ম যুক্ত হলে সেই সেই ব্যঞ্জনের ধ্বনিতে

www.pathagar.com

কিঞ্চিৎ নাসিক্য স্বর যুক্ত হয়। শব্দের মধ্যে বা শেষে অবস্থিত ব্যঞ্জনের সঙ্গে ম যুক্ত হলে সেই ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় এবং সঙ্গে কিঞ্চিৎ নাসিক্য স্বর যুক্ত হয়। শব্দের আরম্ভে অবস্থিত ব্যঞ্জনের সঙ্গে য-ফলা (্য) যুক্ত হলে এবং তার সঙ্গে অন্য কোনো স্বর নিহিত না থাকলে সেই ব্যঞ্জন অ্যা-স্বর গ্রহণ করে। এই নিয়মে ত্যক্ত, ব্যক্ত, ব্যথা প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /ত্যাক্‌তো /, /ব্যাক্‌তো / এবং /ব্যাথা /। কিন্তু য-ফলার অব্যবহিত পরবর্তী ব্যঞ্জনে ই ঈ উ ঊ স্বর থাকলে ্য-ফলা উচ্চারণ শুদ্ধ এ-কারের মতো হয়। এই নিয়মে ব্যক্তি, ব্যথিত, ব্যতিক্রম, ব্যতীত প্রভৃতি শব্দের মান্য উচ্চারণ যথাক্রমে /বেক্‌তি /, /বেথিতো /, /বেতিক্‌ক্রোম্ / এবং /বেতিতো /। শব্দের প্রথম ব্যঞ্জনে য-ফলার সঙ্গে আ-স্বর নিহিত থাকলে (অর্থাৎ ্যা) থাকলে সেই ব্যঞ্জন অ্যা-স্বর গ্রহণ করে এবং অব্যবহিত পরবর্তী বর্ণে ই ঈ উ ঊ থাকলেও অ্যা-স্বর অপরিবর্তিত থাকে যেমন ব্যাধি, ব্যাঘ্রী, ব্যাকুল প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /ব্যাধি /, /ব্যাগ্‌ঘ্রি / এবং /ব্যাকুল্ /। শব্দের আরম্ভে ্য-ফলাযুক্ত ব্যঞ্জনের সঙ্গে উ কিংবা ঊ স্বর যোগ করলে সেই ব্যঞ্জনের ধ্বনিতে য-ফলার কোনো প্রভাব থাকে না। যেমন চ্যুত, ব্যুৎপন্ন, ব্যূঢ় প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /চুতো /, /বুত্‌পন্‌নো / এবং /বুঢ়ো /। শব্দের মাঝে বা শেষে য-ফলাযুক্ত ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় যেমন অব্যয়, বিচ্যুত, অব্যূঢ় প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /অব্‌বয় /, /বিচ্‌চুতো / এবং /অব্‌বুঢ়ো /।

ব্যঞ্জনের পরে র যুক্ত হলে র-এর যুক্ত রূপকে র-ফলা বলা হয়। শব্দের মধ্যে বা শেষে অবস্থিত র-ফলাযুক্ত ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয়। ব্যঞ্জনের পূর্বে র যুক্ত হলে র-এর যুক্ত রূপকে রেফ বলা হয়। অর্ক, আর্ত, কর্ম, বর্ষা প্রভৃতি শব্দের মান্য উচ্চারণ /অর্‌কো /, /আর্‌তো /, /কর্‌মো / এবং /বর্‌শা /। ধ্বনিবিশ্লেষণের ভিন্ন একটি মতে রেফযুক্ত বর্ণের উচ্চারণে ব্যঞ্জনের ধ্বনিদ্বিত্ব এবং তৎপূর্ব র-ধ্বনি খণ্ডিত হওয়ার কথা বলা হয়েছে (সে ক্ষেত্রে ঈর্ষা, কর্তা প্রভৃতি শব্দের উচ্চারণ হওয়া উচিত ইর্‌শ্‌শা এবং কর্‌ত্‌তা)। কিন্তু মান্য উচ্চারণে সাধারণভাবে এই প্রবণতা লক্ষিত হয় না। রেফযুক্ত ব্যঞ্জনের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো যে র্ট র্ঠ র্ড এবং র্ঢ দিয়ে গঠিত শব্দের উচ্চারণে র-ধ্বনির পরিবর্তে ড়-ধ্বনির প্রবণতা লক্ষ্য করা যায়। অর্ডার, আর্ট, ওয়র্ডেন, কার্ড, গার্ড, দার্ঢ্য প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে /অড়ডার্ /, /আড়ট্ /, /ওআড়ডেন্ /, /কাড়ড় /, /গাড়ড় / এবং /দাড়ঢো /। উদাহৃত শব্দগুলোর মধ্যে 'দার্ঢ্য' একমাত্র ব্যতিক্রম যে শব্দটি বিদেশি নয়।

হ-এর সঙ্গে কোনো ব্যঞ্জন কিংবা ঋ-কার যুক্ত হলে সেই বর্ণ মহাপ্রাণ বর্ণরূপে উচ্চারিত হয়। ণ ন ম র ল এবং ঋ-র মহাপ্রাণ রূপ নির্দেশের জন্য বাংলায় কোনো চিহ্ন না থাকায় আন্তর্জাতিক ধ্বনিলিপির nɦ nɦ mɦ rɦ lɦ r̥ɦi চিহ্ন দিয়ে যথাক্রমে ণ ন ম র ল এবং ঋ-র মহাপ্রাণ ধ্বনি নির্দেশ করা হয়েছে। হ-এর সঙ্গে যুক্ত অন্তঃস্থ ব-এর (হ্ব) ধ্বনি আন্তর্জাতিক ধ্বনিলিপিতে ʋ এবং বাংলায় ভ় দিয়ে নির্দেশ করা হয়েছে।

www.pathagar.com

কৃতজ্ঞতা

বাংলা একাডেমী বানান অভিধান পরিমার্জন ও সংশোধনের কাজে যাঁরা সাহায্য করেছেন তাঁদের সকলের কাছেই সংকলক কৃতজ্ঞ। তারই মধ্যে বিশেষভাবে উল্লেখ করতে চাই অধ্যাপক আনিসুজ্জামান ও বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক সৈয়দ মোহাম্মদ শাহেদের নাম। প্রুফ সংশোধন করেছেন কল্যাণীয়া অনিন্দিতা ভাদুড়ী। তাঁকে জানাই আন্তরিক ধন্যবাদ।

ঢাকা
১২ই মাঘ ১৪১৪

জামিল চৌধুরী

www.pathagar.com

বাংলা যুক্তব্যঞ্জনের তালিকা ও ধ্বনিচিহ্ন

যোজিত ব্যঞ্জন	যুক্তব্যঞ্জনের রূপ	ধ্বনি	প্রয়োগ	উচ্চারণ
ক্+ক	=ক্ক	kk	টেক্কা	ṭekka
ক্+ট	=ক্ট, ক্‌ট	kṭ	ডক্টর	ḍɔkṭɔr
ক্+ট্+র	=ক্ট্র	kṭr	অক্ট্রয়	ɔkṭrɔĕ
ক্+ত	=ক্ত	kt	রিক্ত	rikto
ক্+ত্+র	=ক্ত্র	ktr	বক্ত্র	bɔktro
ক্+ব (অন্তঃস্থ ব)	=ক্ব	k	ক্বণ	kɔn
		kk	পক্ব	pɔkko
ক্+ম	=ক্ম	kkõ	রুক্মিণী	rukkĩni
ক্+য	=ক্য	kæ	ক্যাঁচ	kæ̃c
		kk	বাক্য	bakko
ক্+র	=ক্র	kr	ক্রয়	krɔĕ
		kkr	বিক্রয়	bikkrɔĕ
ক্+ল	=ক্ল	kl	ক্লান্ত	klanto
		kkl	অক্লান্ত	ɔkklanto
ক্+ষ	=ক্ষ	kh	ক্ষত্র	khɔttro
		kkh	নক্ষত্র	nokkhottro
ক্+ষ্+ণ	=ক্ষ্ণ	khn	তীক্ষ্ণ	tikhno
ক্+ষ্+ব (অন্তঃস্থ ব)	=ক্ষ্ব	kkh	ইক্ষ্বাকু	ikkhaku
ক্+ষ্+ম	=ক্ষ্ম	kkhõ	সূক্ষ্ম	ʃukkhõ
ক্+ষ্+য	=ক্ষ্য	kkh	লক্ষ্য	lokkho
ক্+স	=ক্স	kʃ	বাক্স	bakʃo
খ্+য	=খ্য	khæ	খ্যাত	khæto
		kkhæ	বিখ্যাত	bikkhæto
		kkh	সখ্য	ʃokkho
খ্+র	=খ্র	khr	খ্রিষ্ট	khriʃṭo
গ্+ণ	=গ্ণ	gn	রুগ্ণ	rugno
গ্+ধ	=গ্ধ	gdɦ	দগ্ধ	dɔgdɦo
গ্+ধ্+য	=গ্ধ্য	gdɦ	বৈদগ্ধ্য	boĭdogdɦo
গ্+ধ্+র	=গ্ধ্র	gdɦr	দোগ্ধ্রী	dogɦdɦri
গ্+ন	=গ্ন	gn	লগ্ন	lɔgno
গ্+ন্+য	=গ্ন্য	gn	অগ্ন্যাশয়	ognaʃɔĕ
গ্+ব (অন্তঃস্থ ব)	=গ্ব, গ্‌ব	gb	দিগ্বিজয়	digbiɟɔĕ
গ্+ম	=গ্ম	gm	বাগ্মিতা	bagmita
গ্+য	=গ্য	gæ	গ্যাঁজ	gæ̃ɟ

www.pathagar.com

		gg	ভাগ্য	bɦaggo
গ্+র	=গ্র	gr	গ্রহ্	groɦo
		ggr	নিগ্রহ্	niggroɦo
গ্+র্+য	=গ্র্য	ggro	অগ্র্য	oggro
গ্+ল	=গ্ল	gl	গ্লানি	glani
ঘ্+ন	=ঘ্ন	gɦn	বিঘ্ন	bigɦno
ঘ্+র	=ঘ্র	gɦr	ঘ্রাণ	gɦran
ঙ্+ক	=ঙ্ক	ŋk	অঙ্ক	ɔŋko
ঙ্+ক্+ত	=ঙ্ক্ত	ŋkt	পঙ্‌ক্তি	poŋkti
ঙ্+ক্+য	=ঙ্ক্য	ŋk	অঙ্ক্য	oŋko
ঙ্+ক্+র	=ঙ্ক্র, ঙ্ক্র	ŋkr	চঙ্ক্রমণ	cɔŋkromon
ঙ্+ক্+ষ	=ঙ্ক্ষ	ŋkh	আকাঙ্ক্ষা	akaŋkha
ঙ্+খ	=ঙ্খ	ŋkh	শঙ্খ	ʃɔnkho
ঙ্+গ	=ঙ্গ	ŋg	বঙ্গ	bɔŋgo
ঙ্+গ্+য	=ঙ্গ্য	ŋg	ব্যঙ্গ্যাক্তি	bæŋgokti
ঙ্+ঘ	=ঙ্ঘ	ŋgɦ	লঙ্ঘন	lɔŋgɦon
ঙ্+ঘ্+য	=ঙ্ঘ্য	ŋgɦ	লঙ্ঘ্য	loŋgɦo
ঙ্+ঘ্+র	=ঙ্ঘ্র	ŋgɦr	অঙ্ঘ্রি	oŋgɦri
ঙ্+ম	=ঙ্ম	ŋm	বাঙ্ময়	baŋmɔĕ
চ্+চ	=চ্চ	cc	উচ্চ	ucco
চ্+ছ্	=চ্ছ্	cch	ইচ্ছা	iccha
চ্+ছ্+ব (অন্তঃস্থ ব)	=চ্ছ্ব	cch	উচ্ছ্বাস	ucchaʃ
চ্+ছ্+র	=চ্ছ্র	cchr	উচ্ছ্রয়	ucchrɔĕ
চ্+ঞ	=চ্ঞ	cn	যাচ্ঞা	ɟacna
চ্+ব (অন্তঃস্থ ব)	=চ্ব	c	চ্বী	ci
চ্+য	=চ্য	cæ	চ্যবন	cæbon
		cc	বাচ্য	bacco
জ্+জ	=জ্জ	ɟɟ	লজ্জা	lɔɟɟa
জ্+জ+ব	=জ্জ্ব	ɟɟ	উজ্জ্বল	uɟɟɔl
জ্+ঝ	=জ্ঝ	ɟɟɦ	কুজ্ঝটিকা	kuɟɟɦoṭika
জ্+ঞ	=জ্ঞ	gæ̃	জ্ঞান	gæ̃n
		ggæ̃	অজ্ঞান	ɔggæ̃n
		ggŏ	বিজ্ঞ	biggŏ
জ্+ব (অন্তঃস্থ ব)	=জ্ব	ɟ	জ্বলন	ɟɔlon
		ɟɟ	প্রজ্বলন	proɟɟɔlon
জ্+য	=জ্য	ɟæ	জ্যামিতি	ɟæmiti
		ɟɟ	রাজ্য	raɟɟo

www.pathagar.com

জ্+র	=জ্র	ɟɟr	বজ্র	bɔɟɟro
ঞ+চ	=ঞ্চ	nc	অঞ্চল	ɔncɔl
ঞ+ছ	=ঞ্ছ	nch	বাঞ্ছা	bancha
ঞ+জ	=ঞ্জ	nɟ	অঞ্জলি	ɔnɟoli
ঞ+ঝ	=ঞ্ঝ	nɟɦ	ঝঞ্ঝা	ɟɦɔnɟɦa
ট্+ট	=ট্ট	ṭṭ	চট্টগ্রাম	cɔṭṭogram
ট্+ব (অন্তঃস্থ ব)	=ট্ব	ṭṭ	খট্বাঙ্গ	khɔṭṭaŋgo
ট্+ম	=ট্ম	ṭm	কুট্মল	kuṭmɔl
ট্+য	=ট্য	ṭæ	ট্যাংরা	ṭæŋra
		ṭṭ	অকাট্য	ɔkaṭṭo
ট্+র	=ট্র	ṭr	ট্রাক	ṭrak
		ṭṭr	পেট্রোল	peṭṭrol
ড্+ড	=ড্ড	ḍḍ	আড্ডা	aḍḍa
ড্+ব (অন্তঃস্থ ব)	=ড্ব	ḍḍ	অনড্বান	ɔnḍan
ড্+য	=ড্য	ḍḍ	জাড্য	ɟaḍḍo
ড্+র	=ড্র	ḍr	ড্রাম	ḍram
ড়্+গ	=ড়্গ	ṛg	খড়্গ	khɔṛgo
ঢ্+য	=ঢ্য	ḍɦæ	ঢ্যাঙা	ḍæŋa
		ḍḍɦ	ধনাঢ্য	dɦɔnaḍḍɦo
ঢ্+র	=ঢ্র	ḍḍɦr	মেঢ্র	meḍḍɦro
ণ্+ট	=ণ্ট	nṭ	ঘণ্টা	gɦɔnṭa
ণ্+ঠ	=ণ্ঠ	nṭh	কণ্ঠ	kɔnṭho
ণ্+ঠ+য	=ণ্ঠ্য	nṭh	কণ্ঠ্য	konṭho
ণ্+ড	=ণ্ড	nḍ	পণ্ডিত	ponḍit
ণ্+ড্+য	=ণ্ড্য	nḍo	পাণ্ড্য	panḍo
ণ্+ড্+র	=ণ্ড্র	nḍr	পুণ্ড্রক	punḍrɔk
ণ্+ঢ	=ণ্ঢ	nḍɦ	ষণ্ঢ	ʃɔnḍɦo
ণ্+ণ	=ণ্ণ	nn	বিষণ্ণ	biʃɔnno
ণ্+ব (অন্তঃস্থ ব)	=ণ্ব	nn	কণ্ব	kɔnno
ণ্+ম	=ণ্ম	nm	হিরণ্ময়	ɦirɔnmɔẽ
ণ্+য	=ণ্য	nn	অরণ্য	ɔronno
ত্+ত	=ত্ত	tt	চিত্ত	citto
ত্+ত্+ব(অন্তঃস্থ ব)	=ত্ত্ব	tt	সত্ত্বগুণ	ʃɔttogun
ত্+ত্+য	=ত্ত্য	tto	বৈচিত্ত্য	boĭcitto
ত্+থ	=ত্থ	tth	উত্থান	utthan
ত্+ন	=ত্ন	tn	রত্ন	rɔtno
ত্+ব (অন্তঃস্থ ব)	=ত্ব	t	ত্বরণ	tɔron

www.pathagar.com

		tt	সত্ত্বর	ʃɔttɔr
ত্+ম	=ত্ম	ttõ	আত্ম	attõ
ত্+ম্+য	=ত্ম্য	ttõ	মাহাত্ম্য	mafiattõ
ত্+য	=ত্য	tæ	ত্যাগ	tæg
		ttæ	পরিত্যাগ	porittæg
ত্+র	=ত্র	tr	ত্রাণ	tran
		ttr	পরিত্রাণ	porittran
ত্+র্+য	=ত্র্য	tro	ত্র্যশীতিতম	troʃititɔmo
		ttro	বৈচিত্র্য	boĭcittro
থ্+ব (অন্তঃস্থ ব)	=থ্ব	tth	পৃথ্বী	pritthi
থ্+য	=থ্য	thæ	থ্যাসথেসে	thæʃtheʃe
		ttho	কথ্য	kottho
থ্+র	=থ্র	thr	থ্রু	thru
দ্+গ	=দ্‌গ	dg	উদ্‌গম	udgɔm
দ্+ঘ	=দ্‌ঘ	dgfi	উদ্‌ঘাটন	udgfiaṭon
দ্+দ	=দ্দ	dd	উদ্দাম	uddam
দ্+দ্+ব	=দ্দ্ব	dd	এতদ্দ্বারা	etoddara
দ্+ধ	=দ্ধ	ddh	রুদ্ধ	ruddfio
দ্+ব (অন্তঃস্থ ব)	=দ্‌ব	db	উদ্‌বেগ	udbeg
	=দ্ব	d	দ্বিতীয়	ditiĕo
		dd	অদ্বিতীয়	ɔdditiĕo
দ্+ভ	=দ্ভ	dbfi	সদ্ভাব	ʃɔdbfiab
দ্+ভ্+র	=দ্ভ্র	dbfir	উদ্ভ্রান্ত	udbfiranto
দ্+ম	=দ্ম (+অ)	ddõ	পদ্ম	pɔddõ
দ্+য	=দ্য	ddo	অদ্য	oddo
দ্+র	=দ্র	dr	দ্রবণ	drobon
		ddr	বিদ্রোহ	biddrofio
দ্+র্+য	=দ্র্য	ddr	দারিদ্র্য	dariddro
ধ্+ন	=ধ্ন	dfin	গৃধ্নু	gridfinu
ধ্+ব (অন্তঃস্থ ব)	=ধ্ব	dfi	ধ্বনি	dfioni
		ddfi	প্রতিধ্বনি	protiddfioni
ধ্+ম	=ধ্ম (+আ)	ddfiã	আধ্মান	addfiãn
ধ্+য	=ধ্য	dfiæ	ধ্যান	dfiæn
		ddfi	আরাধ্য	araddfio
ধ্+র	=ধ্র	dfir	ধ্রুব	dfirubo
ন্+ট	=ন্ট	nṭ	টেন্ট	ṭenṭ
ন্+ট্+র	=ন্ট্র	nṭr	কন্ট্রোল	kɔnṭrol

ন্+ঠ	=ন্ঠ	nṭh	লন্ঠন	lɔnṭhɔn
ন্+ড	=ন্ড	nḍ	গন্ডার	gɔnḍar
ন্+ড্+র	=ন্ড্র	nḍr	হান্ড্রেড	hanḍreḍ
ন্+ত	=ন্ত	nt	অন্ত	ɔnto
ন্+ত্+ব (অন্তঃস্থ ব)	=ন্ত্ব	nt	সান্ত্বনা	ʃantona
ন্+ত্+র	=ন্ত্র	ntr	যন্ত্র	ɟɔntro
ন্+ত্+র্+য	=ন্ত্র্য	ntro	স্বাতন্ত্র্য	ʃatontro
ন্+থ	=ন্থ	nth	গ্রন্থ	grontho
ন্+থ্+র	=ন্থ্র	nthr	অ্যান্থ্রাক্স	ænthraks
ন্+দ	=ন্দ	nd	আনন্দ	anondo
ন্+দ্+ব (অন্তঃস্থ ব)	=ন্দ্ব	nd	দ্বন্দ্ব	dɔndo
ন্+দ্+য	=ন্দ্য	nd	অনিন্দ্য	ɔnindo
ন্+দ্+র	=ন্দ্র	ndr	চন্দ্র	cɔndro
ন্+ধ	=ন্ধ	ndh	বন্ধ	bɔndɦo
ন্+ধ্+য	=ন্ধ্য	ndɦ	সন্ধ্যা	ʃondɦa
ন্+ধ্+র	=ন্ধ্র	ndɦr	অন্ধ্র	ɔndɦro
ন্+ন	=ন্ন	nn	অন্ন	ɔnno
ন্+ব (অন্তঃস্থ ব)	=ন্ব	nn	অন্বিত	onnito
ন্+ম	=ন্ম	nm	জন্ম	ɟɔnmo
ন্+য	=ন্য	næ	ন্যায়	næẽ
		nn	অন্যায়	ɔnnæẽ
ন্+স	=ন্স	ns	আউন্স	aũns
প্+ট	=প্ট	pṭ	চ্যাপ্টার	cæpṭar
প্+ত	=প্ত	pt	সপ্ত	ʃɔpto
প্+ন	=প্ন	pn	স্বপ্ন	ʃɔpno
প্+প	=প্প	pp	গপ্প	gɔppo
প্+য	=প্য	pp	প্রাপ্য	prappo
প্+র	=প্র	pr	প্রথম	prothom
		ppr	দীপ্র	dippro
প্+ল	=প্ল	pl	প্লাবন	plabon
		ppl	বিপ্লব	bipplɔb
প্+স	=প্স	pʃ	অপ্সরী	ɔpʃori
ফ্+র	=ফ্র	fr	আফ্রিকা	afrika
ফ্+ল	=ফ্ল	fl	ফ্লপি	flɔpi
ব্+জ	=ব্জ	bɟ	কব্জি	kobɟi
ব্+দ	=ব্দ	bd	শব্দ	ʃɔbdo
ব্+ধ	=ব্ধ	bdɦ	লব্ধ	lɔbdɦo

www.pathagar.com

ব্+ব	=ব্ব	bb	ছাব্বিশ	chabbiʃ
ব্+য	=ব্য	bb	দিব্য	dibbo
ব্+র	=ব্র	br	ব্রত	broto
		bbr	বিব্রত	bibbroto
ব্+ল	=ব্ল	bl	ব্লেড	bleḍ
ভ্+ব (অন্তঃস্থ ব)	=ভ্ব	bbɦ	ভ্বা	bɦa
ভ্+য	=ভ্য	bɦæ	ভ্যাপসা	bɦæpʃa
		bbɦ	সভ্য	ʃobbɦo
ভ্+র	=ভ্র	bɦr	ভ্রান্ত	bɦranto
		bbɦr	অভ্রান্ত	ɔbbɦranto
ভ্+ল	=ভ্ল	bɦl	ভ্লাদিমির	bɦladimir
ম্+ন	=ম্ন	mn	নিম্ন	nimno
ম্+প	=ম্প	mp	কম্প	kɔmpo
ম্+প্+র	=ম্প্র	mpr	কম্প্র	kɔmpro
ম্+ফ	=ম্ফ	mph	লম্ফ	lɔmpho
ম্+ব	=ম্ব	mb	লম্ব	lɔmbo
ম্+ব+র	=ম্ব্র	mbr	মেম্ব্রেন	membren
ম্+ভ	=ম্ভ	mbɦ	দম্ভ	dɔmbɦo
ম্+ভ্+র	=ম্ভ্র	mbɦr	সম্ভ্রম	ʃɔmbɦrom
ম্+ম	=ম্ম	mm	সম্মান	ʃɔmman
ম্+য	=ম্য	mm	রম্য	rommo
ম্+র	=ম্র	mr	নম্র	nɔmro
ম্+ল	=ম্ল	ml	ম্লান	mlan
য্+য	=য্য	ɟɟ	সাহায্য	ʃaɦaɟɟo
র্+ক,খ,...	=র্ক, র্খ,...	rk	অর্ক	ɔrko
র্+ঘ্+য, চ+য,...	=র্ঘ্য, র্চ্য,...	rgɦ	অর্ঘ্য	ɔrgɦo
ল্+ক	=ল্ক	lk	শুল্ক	ʃulko
ল্+ক্+য	=ল্ক্য	lk	যাজ্ঞবল্ক্য	ɟaggõbolko
ল্+গ	=ল্গ	lg	বল্গা	bɔlga
ল্+ট	=ল্ট	lṭ	বেল্ট	belṭ
ল্+ড	=ল্ড	lḍ	গোল্ড	golḍ
ল্+প	=ল্প	lp	অল্প	ɔlpo
ল্+ফ	=ল্‌ফ	lf	গল্‌ফ	gɔlf
ল্+ব	=ল্ব	lb	বাল্ব	balb
ল্+ব (অন্তঃস্থ ব)	=ল্ব	ll	বিল্ব	billo
ল্+ভ	=ল্‌ভ	lbɦ	প্রগল্‌ভা	progɔlbɦa
ল্+ম	=ল্ম	lm	গুল্ম	gulmo

www.pathagar.com

ল্+য	=ল্য	læ	ল্যান্ড	lænḍ
		llo	কল্য	kollo
ল্+ল	=ল্ল	llo	উল্লাস	ullaʃ
শ্+চ	=শ্চ	ʃc	নিশ্চিত	niʃcito
শ্+ছ	=শ্ছ	ʃch	নিশ্ছিদ্র	niʃchiddro
শ্+ন	=শ্ন	sn	প্রশ্ন	prosno
শ্+ব (অন্তঃস্থ ব)	=শ্ব	ʃo	শ্বশুর	ʃoʃur
		ʃʃo	অশ্ব	ɔʃʃo
শ্+ম	=শ্ম	ʃɔ̃	শ্মশান	ʃɔ̃ʃan
শ্+য	=শ্য	ʃæ	শ্যামল	ʃæmol
		ʃʃo	প্রকাশ্য	prokaʃʃo
শ্+র	=শ্র	sr	শ্রাবণ	srabon
		ssr	আশ্রয়	assrɔĕ
শ্+ল	=শ্ল	sl	শ্লীল	slil
ষ্+ক	=ষ্ক	ʃk	শুষ্ক	ʃuʃko
ষ্+ক্+র	=ষ্ক্র	ʃkr	নিষ্ক্রমণ	niʃkromon
ষ্+ট	=ষ্ট	ʃṭ	শিষ্ট	ʃiʃṭo
ষ্+ট+য	=ষ্ট্য	ʃṭ	বৈশিষ্ট্য	boĭʃiʃṭo
ষ্+ট্+র	=ষ্ট্র	ʃṭr	রাষ্ট্র	raʃṭro
ষ্+ঠ	=ষ্ঠ	ʃṭh	জ্যৈষ্ঠ	ɟoĭʃṭho
ষ্+ঠ্+য	=ষ্ঠ্য	ʃṭh	ওষ্ঠ্য	oʃṭho
ষ্+ণ	=ষ্ণ	ʃn	তৃষ্ণা	triʃna
ষ্+প	=ষ্প	ʃp	পুষ্প	puʃpo
ষ্+প্+র	=ষ্প্র	ʃpr	নিষ্প্রভ	niʃprobho
ষ্+ফ	=ষ্ফ	ʃph	নিষ্ফলা	niʃphɔla
ষ্+ব (অন্তঃস্থ ব)	=ষ্ব	ʃʃ	পিতৃষ্বসা	pituʃʃɔʃa
ষ্+ম	=ষ্ম (+অ)	ʃʃõ	গ্রীষ্ম	griʃʃõ
ষ্+য	=ষ্য	ʃʃ	শিষ্য	ʃiʃʃo
স্+ক	=স্ক	sk	স্কন্ধ	skɔndɦo
		ʃk	পুরস্কার	puroʃkar
স্+ক্+র	=স্ক্র	skr	স্ক্রু	skru
স্+খ	=স্খ	skh	স্খলন	skhɔlon
স্+ট	=স্ট	sṭ	মাস্টার	masṭar
স্+ট্+র	=স্ট্র	sṭr	স্ট্রিট	sṭriṭ
স্+ত	=স্ত	st	অস্ত	ɔsto
স্+ত্+ব	=স্ত্ব	st	বহিস্ত্বক	boɦistɔk
স্+ত্+য	=স্ত্য	st	অগস্ত্য	ɔgosto

www.pathagar.com

স্+ত্+র	=স্ত্র	str	স্ত্রী	stri
স্+থ	=স্থ	sth	স্থান	sthan
স্+থ্+য	=স্থ্য	sth	স্বাস্থ্য	ʃastho
স্+ন	=স্ন	sn	স্নান	snan
স্+প	=স্প	sp	স্পর্শ	spɔrʃo
		ʃp	পরস্পর	pɔroʃpɔr
স্+প্+র	=স্প্র	spr	স্প্রিং	spriŋ
স্+প্+ল	=স্প্ল	spl	স্প্লিন	spli:n
স্+ফ	=স্ফ	sph	স্ফোটন	sphoṭon
		ʃph	বিস্ফোরণ	biʃphoron
স্+ব (অন্তঃস্থ ব)	=স্ব	ʃ	স্বামী	ʃami
		ʃʃ	ভূস্বামী	bɦuʃʃami
স্+ম	=স্ম	ʃɔ̃	স্মরণ	ʃɔ̃ron
		ʃʃɔ̃	বিস্মরণ	biʃʃɔron
স্+য	=স্য	ʃo	স্যন্দ	ʃondo
		ʃæ	স্যাকরা	ʃækra
		ʃʃo	হাস্য	ɦaʃʃo
স্+র	=স্র	sr	স্রোত	srot
		ssr	বিস্রস্ত	bissrosto
স্+ল	=স্ল	sl	স্লেট	sleṭ
হ্+ণ	=হ্ণ	nnɦ	অপরাহ্ণ	ɔporannɦo
হ্+ন	=হ্ন	nnɦ	মধ্যাহ্ন	moddɦannɦo
হ্+ব (অন্তঃস্থ ব)	=হ্ব	ʋ	আহ্বান	aɓʋan
হ্+ম	=হ্ম	mmɦ	ব্রহ্মাণ্ড	brommɦanḍo
হ্+য	=হ্য	ɟɟɦ	গ্রাহ্য	graɟɟɦo
হ্+র	=হ্র	rɦ	হ্রাস	rɦaʃ
হ্+ল	=হ্ল	lɦ	হ্লাদ	lɦad
		llɦ	আহ্লাদ	allɦad

www.pathagar.com

সহায়ক গ্রন্থপঞ্জি (বর্ণনুক্রমে)

অরুণ সেন	বানানের অভিধান (দ্বিতীয় সংস্করণ, ১৯৯৬)
অশোক মুখোপাধ্যায়	সংসদ বানান অভিধান (দ্বিতীয় সংস্করণ, ২০০৪)
অশোক মুখোপাধ্যায়	সংসদ ব্যাকরণ অভিধান (পরিবর্ধিত তৃতীয় সংস্করণ, ২০০৫)
কাজী আবদুল ওদুদ	ব্যবহারিক শব্দকোষ (বহুল সংশোধিত ও পরিবর্ধিত সংস্করণ)
জাতীয় গণমাধ্যম ইনসটিটিউট	ব্যাবহারিক বাংলা উচ্চারণ অভিধান (১৯৮৮)
জ্ঞানেন্দ্রমোহন দাস	বাঙ্গালা ভাষার অভিধান (পরিবর্তিত ও পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ, ১৯৭৯)
পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি	আকাদেমি বানান অভিধান (দ্বিতীয় সংস্করণ, ১৯৯৮)
পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি	আকাদেমি বিদ্যার্থী বাংলা অভিধান (১৯৯৯)
বাংলা একাডেমী	ব্যবহারিক বাংলা অভিধান (পরিমার্জিত সংস্করণ২০০০)
যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি	বাঙ্গালা শব্দকোষ (১৩৯৭ বঙ্গাব্দ)
রাজশেখর বসু	চলন্তিকা (ত্রয়োদশ সংস্করণ, ১৩৮৯ বঙ্গাব্দ)
সাহিত্য সংসদ	সংসদ বাংলা অভিধান (সংশোধিত ও পরিবর্ধিত পঞ্চম সংস্করণ, ২০০০)
সুবলচন্দ্র মিত্র	সরল বাঙ্গালা অভিধান
হরিচরণ বন্দ্যোপাধ্যায়	বঙ্গীয় শব্দকোষ (তৃতীয় মুদ্রণ, ১৯৮৮)

www.pathagar.com

সংকেত পরিচিতি

অশি.	অশিষ্ট
অশুপ্র.	অশুদ্ধ কিন্তু প্রচলিত
দ্র.	দ্রষ্টব্য
স্ত্রী.	স্ত্রীলিঙ্গ
r̃hi	ঋ-র মহাপ্রাণ রূপ
ñh	ণ এবং ন-র মহাপ্রাণ রূপ
m̃h	ম-এর মহাপ্রাণ রূপ
r̃h	র-এর মহাপ্রাণ রূপ
l̃h	ল-এর মহাপ্রাণ রূপ

www.pathagar.com

বাংলা একাডেমি

বাংলা বানান-অভিধান

উচ্চারণ-সহ

www.pathagar.com

বাংলা একাডেমি
বাংলা বানান-অভিধান
উচ্চারণ-সহ

অ / ɔ অ /

অঋণ /ɔrin অরিন্/।
অঋণিতা /ɔrinita অরিনিতা/।
অঋণিত্ব /ɔrinitto অরিনিত্তো/।
অঋণী /ɔrini অরিনি/ -ণিন্। স্ত্রী. অঋণিনী /ɔrinini অরিনিনি/।
অংশ /ɔŋʃo অংশো/ (ভাগ); দ্র. অংশ্য, অংস।
অংশক /ɔŋʃɔk অংশক্/।
অংশকল্পনা /ɔŋʃokɔlpona অংশোকল্পোনা/।
অংশগত /ɔŋʃogɔto অংশোগতো/।
অংশগ্রহণ¹ /ɔŋʃogroɦon অংশোগ্রোহোন্/ (যোগদান); দ্র. অংশ গ্রহণ²।
অংশ গ্রহণ² /ɔŋʃo groɦon অংশো গ্রোহোন্/ (ভাগ নেওয়া); দ্র. অংশগ্রহণ¹।
অংশগ্রহণকারী /ɔŋʃogroɦonkari অংশোগ্রোহোন্কারি/ -রিন্। স্ত্রী. অংশগ্রহণকারিণী /ɔŋʃogroɦonkarini অংশোগ্রোহোন্কারিনি/।
অংশগ্রাহক /ɔŋʃograɦok অংশোগ্রাহোক্/। স্ত্রী. অংশগ্রাহিকা /ɔŋʃograɦika অংশোগ্রাহিকা/।
অংশগ্রাহী /ɔŋʃograɦi অংশোগ্রাহি/ -হিন্। স্ত্রী. অংশগ্রাহিণী /ɔŋʃograɦini অংশোগ্রাহিনি/।
অংশত /ɔŋʃoto অংশোতো/।
অংশন /ɔŋʃon অংশোন্/।
অংশনীয় /ɔŋʃoniĕo অংশোনিয়ো/।
অংশপ্রার্থী /ɔŋʃoprarthi অংশোপ্রারথি/ -র্থিন্। স্ত্রী. অংশপ্রার্থিনী /ɔŋʃoprarthini অংশোপ্রারথিনি/।
অংশপ্রেষ /ɔŋʃopreʃ অংশোপ্রেশ্/।
অংশভাক /ɔŋʃobɦak অংশোভাক্/।
অংশয়িতব্য /ɔŋʃoĕitobbo অংশোয়িতোব্বো/।
অংশরূপ /ɔŋʃorup অংশোরুপ্/।
অংশরূপী /ɔŋʃorupi অংশোরুপি/ -পিন্। স্ত্রী. অংশরূপিণী /ɔŋʃorupini অংশোরুপিনি/।
অংশহর /ɔŋʃoɦɔr অংশোহরো/। স্ত্রী. অংশহরা /ɔŋʃoɦɔra অংশোহরা/।
অংশহারী /ɔŋʃoɦari অংশোহারি/ -রিন্। স্ত্রী. অংশহারিণী /ɔŋʃoɦarini অংশোহারিনি/।
অংশাংশি /ɔŋʃaŋʃi অংশাংশি/।
অংশাগ্র /ɔŋʃaggro অংশাগ্গ্রো/।
অংশাঙ্ক /ɔŋʃaŋko অংশাংকো/।
অংশাঙ্কন /ɔŋʃaŋkon অংশাংকোন্/।
অংশাঙ্কিত /ɔŋʃaŋkito অংশাংকিতো/।
অংশানো /ɔŋʃano অংশানো/।
অংশান্তর /ɔŋʃantɔr অংশান্তর্/।
অংশাবতার /ɔŋʃabotar অংশাবোতার্/।
অংশিত /oŋʃito ওংশিতো/।
অংশিতা¹ /oŋʃita ওংশিতা/ (অংশিত-র স্ত্রীলিঙ্গ); দ্র. অংশিতা²।
অংশিতা² /oŋʃita ওংশিতা/ (শরিকানা); দ্র. অংশিতা¹।
অংশিত্ব /oŋʃitto ওংশিত্তো/।
অংশী /oŋʃi ওংশি/ -শিন্।
অংশীদার /oŋʃidar ওংশিদার্/।
অংশীদারি /oŋʃidari ওংশিদারি/।
অংশু /oŋʃu ওংশু/।
অংশুক /oŋʃuk ওংশুক্/।
অংশুজাল /oŋʃuɟal ওংশুজাল্/।
অংশুধর /oŋʃudɦɔr ওংশুধর্/।
অংশুপট্ট /oŋʃupɔtto অংশুপট্টো/।

www.pathagar.com

অংশুপতি /ɔŋʃupoti অংশুপোতি /।
অংশুমতী /ɔŋʃumoti অংশুমোতি /।
অংশুময় /ɔŋʃumɔĕ অংশুময় /।
অংশুময়তা /ɔŋʃumɔĕɔta অংশুময়তা /।
অংশুমান /ɔŋʃuman ওংশুমান্ /।
অংশুমালা /ɔŋʃumala ওংশুমালা /।
অংশুমালী /ɔŋʃumali ওংশুমালি / -লিন্। স্ত্রী. অংশুমালিনী /ɔŋʃumalini ওংশুমালিনি /।
অংশুল /ɔŋʃul ওংশুল্ /।
অংশুলতা /ɔŋʃulɔta ওংশুলতা /।
অংশ্য /ɔŋʃo ওংশো / (ভাগ করার যোগ্য); দ্র. অংশ, অংস।
অংশ্যমান /ɔŋʃoman ওংশোমান্ /।
অংস /ɔŋʃo অংশো / (কাঁধ); দ্র. অংশ, অংশ্য।
অংসকূট /ɔŋʃokuṭ অংশোকূট্ /।
অংসত্র /ɔŋʃottro অংশোত্ত্রো /।
অংসফলক /ɔŋʃophɔlok অংশোফলোক্ /।
অংসফলকাস্থি /ɔŋʃophɔlokasthi অংশোফলোকাস্থি /।
অংসভার /ɔŋʃobɦar অংশোভার্ /।
অংসল /ɔŋʃɔl অংশল্ /।
অংসলতা /ɔŋʃɔlɔta অংশলতা /।
অকচ /ɔkɔc অকচ্ /।
অকঞ্চুক /ɔkoncuk অকোন্চুক্ /।
অকটবিকট /ɔkɔṭobikɔṭo অকটোবিকটো /।
অকটু /ɔkoṭu অকোটু /।
অকটুতা /ɔkoṭuta অকোটুতা /।
অকঠিন /ɔkoṭhin অকোঠিন্ /।
অকঠোর /ɔkɔṭhor অকঠোর্ /।
অকঠোরতা /ɔkɔṭhorɔta অকঠোরতা /।
অকন্টক /ɔkɔnṭɔk অকন্টক্ /।
অকণ্ঠস্থ /ɔkɔnṭhostho অকন্ঠোস্থো /।
অকথন /ɔkɔthon অকথোন্ /।
অকথনীয় /ɔkɔthonieo অকথোনিয়ো /।
অকথা /ɔkɔtha অকথা /।
অকথাকুকথা /ɔkɔthakukɔtha অকথাকুকথা /।
অকথিত /ɔkothito অকোথিতো /।
অকথ্য /ɔkottho অকোত্থো /।
অকথ্যতা /ɔkotthota অকোত্থোতা /।
অকথ্যকথন /ɔkotthokɔthon অকোত্থোকথোন্ /।
অকনিষ্ঠ /ɔkoniʃṭho অকোনিশ্ঠো /।
অকপট /ɔkɔpoṭ অকপোট্ /।
অকপটচিত্ত /ɔkɔpoṭcitto অকপোট্চিত্তো /।
অকপটচিত্ততা /ɔkɔpoṭcittota অকপোট্চিত্তোতা /।
অকপটতা /ɔkɔpoṭɔta অকপোটতা /।
অকপটাচার /ɔkɔpoṭacar অকপোটাচার্ /।
অকপটাচারণ /ɔkɔpoṭacaron অকপোটাচারোন্ /।
অকপটাচারিতা /ɔkɔpoṭacarita অকপোটাচারিতা /।
অকপটাচারী /ɔkɔpoṭacari অকপোটাচারি / -রিন্। স্ত্রী. অকপটাচারিণী /ɔkɔpoṭacarini অকপোটাচারিনি /।
অকবি /ɔkobi অকোবি /।
অকমনীয় /ɔkɔmonieo অকমোনিয়ো /।
অকমনীয়তা /ɔkɔmonieota অকমোনিয়োতা /।
অকম্প /ɔkɔmpo অকম্পো /।
অকম্পন /ɔkɔmpon অকম্পোন্ /।
অকম্পনশীল /ɔkɔmponʃil অকম্পোন্শিল্ /।
অকম্পনশীলতা /ɔkɔmponʃilɔta অকম্পোন্শিলতা /।
অকম্পমান /ɔkɔmpoman অকম্পোমান্ /।
অকম্পিত /ɔkompito অকোম্পিতো /।
অকম্প্য /ɔkompo অকোম্পো /।
অকম্প্র /ɔkɔmpro অকম্প্রো /।
অকর /ɔkɔr অকর্ /।
অকরণ /ɔkɔron অকরোন্ /।
অকরণি /ɔkɔroni অকরোনি /।
অকরণীয় /ɔkɔronieo অকরোনিয়ো /।
অকরুণ /ɔkorun অকোরুন্ /।
অকরুণা /ɔkoruna অকোরুনা /।
অকরোটি /ɔkɔroṭi অকরোটি /।
অকর্কশ /ɔkɔrkɔʃ অকর্কশ্ /।
অকর্ণ /ɔkɔrno অকর্নো /।
অকর্ণধার /ɔkɔrnodɦar অকর্নোধার্ /।
অকর্ণন /ɔkɔrnon অকর্নোন্ /।
অকর্তন /ɔkɔrton অকর্তোন্ /।
অকর্তব্য /ɔkɔrtobbo অকর্তোব্বো /।
অকর্তব্যনিষ্ঠ /ɔkɔrtobboniʃṭho অকর্তোব্বোনিশ্ঠো /।
অকর্তব্যনিষ্ঠতা /ɔkɔrtobboniʃṭhota অকর্তোব্বোনিশ্ঠোতা /।

অকর্তব্যপরায়ণ /ɔkɔrtobbopɔraĕon অকর্‌তোব্‌বোপরায়োন্ /।
অকর্তব্যপরায়ণতা /ɔkɔrtobbopɔraĕonɔta অকর্‌তোব্‌বোপরায়োনতা /।
অকর্তা /ɔkɔrta অকর্‌তা /। স্ত্রী. অকর্ত্রী /ɔkorttri অকোর্‌ত্‌ত্রি /।
অকর্তৃত্ব /ɔkortritto অকোর্‌তৃত্‌তো /।
অকর্ম /ɔkɔrmo অকর্‌মো /।
অকর্মক /ɔkɔrmok অকর্‌মোক্ /।
অকর্মক ক্রিয়া /ɔkɔrmok kria অকর্‌মোক্–ক্রিআ /।
অকর্মকারী /ɔkɔrmokari অকর্‌মোকারি / -রিন্। স্ত্রী. অকর্মকারিণী /ɔkɔrmokarini অকর্‌মোকারিনি /।
অকর্মঠ /ɔkɔrmoṭho অকর্‌মোঠো /।
অকর্মণ্য /ɔkɔrmonno অকর্‌মোন্‌নো /। স্ত্রী. অকর্মণ্যা /ɔkɔrmonna অকর্‌মোন্‌না /।
অকর্মণ্যতা /ɔkɔrmonnota অকর্‌মোন্‌নোতা /।
অকর্মা /ɔkɔrma অকর্‌মা /।
অকর্মান্বিত /ɔkɔrmannito অকর্‌মান্‌নিতো /। স্ত্রী. অকর্মান্বিতা /ɔkɔrmannita অকর্‌মান্‌নিতা /।
অকর্মিষ্ঠ /ɔkormiʃṭho অকোর্‌মিশ্‌ঠো /। স্ত্রী. অকর্মিষ্ঠা /ɔkormiʃṭha অকোর্‌মিশ্‌ঠা /।
অকর্ষণ /ɔkɔrʃon অকর্‌শোন্ /।
অকর্ষিত /ɔkorʃito অকোর্‌শিতো /।
অকলঙ্ক /ɔkɔlonko অকলোংকো /।
অকলঙ্কিত /ɔkɔlonkito অকলোংকিতো /। স্ত্রী. অকলঙ্কিতা /ɔkɔlonkita অকলোংকিতা /।
অকলঙ্কী /ɔkɔlonki অকলোংকি / -ঙ্কিন্। স্ত্রী. অকলঙ্কিনী /ɔkɔlonkini অকলোংকিনি /।
অকলুষ /ɔkoluʃ অকোলুশ্ /।
অকলুষিত /ɔkoluʃito অকোলুশিতো /। স্ত্রী. অকলুষিতা /ɔkoluʃita অকোলুশিতা /।
অকল্ক /ɔkɔlko অকল্‌কো /। স্ত্রী. অকল্কা /ɔkɔlka অকল্‌কা /।
অকল্পনা /ɔkɔlpona অকল্‌পোনা /।
অকল্পনীয় /ɔkɔlponiĕo অকল্‌পোনিয়ো /।
অকল্পনীয়তা /ɔkɔlponiĕota অকল্‌পো–নিয়োতা /।
অকল্পিত /ɔkolpito অকোল্‌পিতো /।
অকল্প্য /ɔkolpo অকোল্‌পো /।
অকল্মষ /ɔkɔlmɔʃ অকল্‌মশ্ /।
অকল্য /ɔkollo অকোল্‌লো /।
অকল্যা /ɔkolla অকোল্‌লা /।
অকল্যাণ /ɔkollæn অকোল্‌ল্যান্ /।
অকল্যাণকর /ɔkollænkɔr অকোল্‌ল্যান্‌কর্ /।
অকল্যাণজনক /ɔkollænɟɔnok অকোল্‌ল্যান্–জনোক্ /।
অকল্যাণী /ɔkollæni অকোল্‌ল্যানি /।
অকল্যাণেচ্ছা /ɔkollænec̣cha অকোল্‌ল্যা–নেচ্‌ছা /।
অকষ্ট /ɔkɔʃṭo অকশ্‌টো /।
অকষ্টকল্পনা /ɔkɔʃṭokɔlpona অকশ্‌টো–কল্‌পোনা /।
অকষ্টকল্পিত /ɔkɔʃṭokolpito অকশ্‌টো–কোল্‌পিতো /।
অকষ্টবদ্ধ /ɔkɔʃṭobɔddɦo অকশ্‌টোবদ্‌ধো /।
অকস্মাৎ /ɔkoʃʃāt অকোশ্‌শাত্ /।
অকহতব্য /ɔkɔɦotobbo অকহোতোব্‌বো /।
অকহিত /ɔkoɦito অকোহিতো /।
অকাজ /ɔkaɟ অকাজ্ /।
অকাট /ɔkaṭ অকাট্ /।
অকাট্য /ɔkaṭṭo অকাট্‌টো /।
অকাট্যতা /ɔkaṭṭota অকাট্‌টোতা /।
অকাঠিন্য /ɔkaṭhinno অকাঠিন্‌নো /।
অকাণ্ড /ɔkanḍo অকান্‌ডো /।
অকাণ্ডজাত /ɔkanḍoɟato অকান্‌ডোজাতো /।
অকাণ্ডে /ɔkanḍe অকান্‌ডে /।
অকাতর /ɔkator অকাতোর্ /।
অকাতরে /ɔkatɔre অকাতরে /।
অকাদেমি /ɔkademi অকাদেমি /।
অকাপট্য /ɔkapoṭṭo অকাপোট্‌টো /।
অকাম[১] /ɔkam অকাম্ / (নিষ্কাম); দ্র. অকাম[২]।
অকাম[২] /ɔkam অকাম্ / (অকাজ); দ্র. আকাম[১]।
অকামকুকাম /ɔkamkukam অকাম্‌কুকাম্ /।
অকামনা /ɔkamona অকামোনা /।
অকামিক /ɔkamik অকামিক্ /।
অকামিকতা /ɔkamikɔta অকামিকতা /।
অকামী /ɔkami অকামি / -মিন্। স্ত্রী. অকামিনী /ɔkamini অকামিনি /।
অকামুক /ɔkamuk অকামুক্ /।
অকাম্য /ɔkammo অকাম্‌মো /।
অকায় /ɔkaĕ অকায় /।
অকার[১] /ɔkar অকার্ / (ব্রহ্মা); দ্র. অ–কার[২]।

অ-কার² /ɔkar অকার্/ (অ-স্বর); দ্র. অকার¹।
অকারণ /ɔkaron অকারোন্/।
অকারণসম্ভূত /ɔkaronʃɔmbɦuto অকারোন্-শম্‌ভুতো/।
অকারণে /ɔkarone অকারোনে/।
অকারাদি /ɔkaradi অকারাদি/।
অকারাদিক্রম /ɔkaradikkrom অকারাদিক্-ক্রোম্/।
অকারান্ত /ɔkaranto অকারান্‌তো/।
অকারুণ্য /ɔkarunno অকারুন্‌নো/।
অকার্পণ্য /ɔkarponno অকার্‌পোন্‌নো/।
অকার্যকর /ɔkarɟokɔr অকার্‌জোকর্/।
অকার্যকরতা /ɔkarɟokɔrɔta অকার্‌জো-করতা/।
অকার্যকারক /ɔkarɟokarɔk অকার্‌জো-কারক্/।
অকার্যকারিতা /ɔkarɟokarita অকার্‌জো-কারিতা/।
অকার্যকারী /ɔkarɟokari অকার্‌জোকারি/ -রিন্। স্ত্রী. অকার্যকারিণী /ɔkarɟokarini অকার্‌জোকারিনি/।
অকার্যক্ষম /ɔkarɟokkhɔm অকার্‌জোক্‌খম্/।
অকাল /ɔkal অকাল্/ (অনুপযুক্ত বা অপ্রশস্ত সময়); আকাল।
অকালকুষ্মাণ্ড /ɔkalkuʃʃãn̪do অকাল্-কুশ্‌শান্‌ডো/।
অকালকুসুম /ɔkalkuʃum অকাল্‌কুশুম্/।
অকালগোধূলি /ɔkalgodɦuli অকাল্‌গোধুলি/।
অকালজ /ɔkaloɟo অকালোজো/।
অকালজলদোদয় /ɔkalɟɔlododɔĕ অকাল্-জলোদোদয়্/।
অকালজাত /ɔkalɟato অকাল্‌জাতো/।
অকালজ্ঞ /ɔkaloggõ অকালোগ্‌গোঁ/।
অকালপক্ব /ɔkalpɔkko অকাল্‌পক্‌কো/।
অকালপক্বতা /ɔkalpɔkkota অকাল্‌পক্‌কো-তা/।
অকালবর্ষণ /ɔkalbɔrʃon অকাল্‌বর্‌শোন্/।
অকালবার্ধক্য /ɔkalbardɦokko অকাল্-বার্‌ধোক্‌কো/।
অকালবিধবা /ɔkalbidɦɔba অকাল্‌বিধবা/।
অকালবৃদ্ধ /ɔkalbriddɦo অকাল্‌বৃদ্‌ধো/। স্ত্রী. অকালবৃদ্ধা /ɔkalbriddɦa অকাল্‌বৃদ্‌ধা/।
অকালবৃদ্ধত্ব /ɔkalbriddɦɔtto অকাল্-বৃদ্‌ধত্‌তো/।
অকালবৃষ্টি /ɔkalbriʃti অকাল্‌বৃশ্‌টি/।
অকালবৈধব্য /ɔkalbŏidɦobbo অকাল্‌বোই্-ধোব্‌বো/।
অকালবোধন /ɔkalbodhon অকাল্‌বোধোন্/।
অকালমরণ /ɔkalmɔron অকাল্‌মরোন্/।
অকালমৃত /ɔkalmrito অকাল্‌মৃতো/। স্ত্রী. অকালমৃতা /ɔkalmrita অকাল্‌মৃতা/।
অকালমৃত্যু /ɔkalmrittu অকাল্‌মৃত্‌তু/।
অকালমেঘোদয় /ɔkalmegɦodɔĕ অকাল্-মেঘোদয়্/।
অকালসন্ধ্যা /ɔkalʃondɦa অকাল্‌শোন্‌ধা/।
অকালসহ /ɔkalʃɔɦo অকাল্‌শহো/।
অকালসহা /ɔkalʃɔɦa অকাল্‌শহা/।
অকালি /ɔkali অকালি/।
অকালিক /ɔkalik অকালিক্/।
অকালীয় /ɔkaliĕo অকালিয়ো/।
অকালে /ɔkale অকালে/।
অকাল্পনিক /ɔkalponik অকাল্‌পোনিক্/।
অকিক /ɔkik অকিক্/।
অকিঞ্চন /ɔkincɔn অকিন্‌চন্/।
অকিঞ্চনতা /ɔkincɔnɔta অকিন্‌চনতা/।
অকিঞ্চনত্ব /ɔkincɔnɔtto অকিন্‌চনত্‌তো/।
অকিঞ্চিৎ /ɔkincit অকিন্‌চিত্/।
অকিঞ্চিৎকর /ɔkincitkɔr অকিন্‌চিত্‌কর্/।
অকিঞ্চিৎকরতা /ɔkincitkɔrɔta অকিন্‌চিত্-করতা/।
অকীর্তি /ɔkirti অকির্‌তি/।
অকীর্তিকর /ɔkirtikɔr অকির্‌তিকর্/।
অকীর্তিজনক /ɔkirtiɟɔnok অকির্‌তিজনোক্/।
অকীর্তিত /ɔkirtito অকির্‌তিতো/।
অকীর্তিমান /ɔkirtiman অকির্‌তিমান্/।
অকীর্তিমতী /ɔkirtimoti অকির্‌তিমোতি/।
অকু /oku ওকু/।
অকুঞ্চন /ɔkuncɔn অকুন্‌চন্/।
অকুঞ্চিত /ɔkuncito অকুন্‌চিতো/।
অকুটিল /ɔkut̪il অকুটিল্/। স্ত্রী. অকুটিলা /ɔkut̪ila অকুটিলা/।
অকুটিলতা /ɔkut̪ilɔta অকুটিলতা/।
অকুণ্ঠ /ɔkun̪tho অকুন্‌ঠো/।
অকুণ্ঠচিত্ত /ɔkun̪thocitto অকুন্‌ঠোচিত্‌তো/।
অকুণ্ঠচিত্তে /ɔkun̪thocitte অকুন্‌ঠোচিত্‌তে/।
অকুণ্ঠমনে /ɔkun̪thomone অকুন্‌ঠোমোনে/।

www.pathagar.com

অকুণ্ঠহৃদয় /ɔkunthorhidɔĕ অকুনঠোর্হিদয়্/।
অকুণ্ঠা /ɔkuntha অকুনঠা/।
অকুণ্ঠিত /ɔkunthito অকুনঠিতো/। স্ত্রী. অকুণ্ঠিতা /ɔkunthita অকুনঠিতা/।
অকুণ্ঠিতচিত্ত /ɔkunthitocitto অকুনঠিতো-চিত্তো/।
অকুণ্ঠিতহৃদয় /ɔkunthitorhidɔĕ অকুনঠিতো-র্হিদয়্/।
অকুতোভয় /ɔkutobhiɔĕ অকুতোভয়্/। স্ত্রী. অকুতোভয়া /ɔkutobhiɔĕa অকুতোভয়া/।
অকুতোভয়তা /ɔkutobhiɔĕɔta অকুতো-ভয়তা/।
অকুতোভয়ে /ɔkutobhiɔĕe অকুতোভয়ে/।
অকুতোমৃত্যু /ɔkutomrittu অকুতোমৃত্তু/।
অকুৎসা /ɔkutʃa অকুত্শা/।
অকুৎসিত /ɔkutʃit অকুত্শিত্/।
অকুপিত /ɔkupito অকুপিতো/।
অকুব /ɔkub অকুব্/।
অকুমার /ɔkumar অকুমার্/। স্ত্রী. অকুমারী /ɔkumari অকুমারি/।
অকুল /ɔkul অকুল্/ (অকুলীন বা কথিত হীন সম্প্রদায়); দ্র. অকূল।
অকুলন /ɔkulɔn অকুলন্/।
অকুলান /ɔkulan অকুলান্/।
অকুলীন /ɔkulin অকুলিন্/।
অকুলীনতা /ɔkulinɔta অকুলিনতা/।
অকুশল /ɔkuʃɔl অকুশল্/।
অকুশলী /ɔkuʃoli অকুশোলি/ -লিন্।
অকুস্থল /okusthɔl ওকুস্থল্/।
অকুস্থান /okusthan ওকুস্থান্/।
অকূপার /ɔkupar অকুপার্/।
অকূল /ɔkul অকুল্/ (তটহীন); দ্র. অকুল।
অকূলতারণ /ɔkultaron অকুলতারোন্/।
অকূলপাথার /ɔkulpathar অকুলপাথার্/।
অকূলসিন্ধু /ɔkulʃindhu অকুলশিনধু/।
অকূলসিন্ধুতীর /ɔkulʃindhutir অকুলশিনধু-তির্/।
অকৃত /ɔkrito অকৃতো/ (করা হয়নি এমন, অসম্পাদিত); দ্র. অক্রীত।
অকৃতকর্মা /ɔkritokɔrma অকৃতোকর্‌মা/।
অকৃতকার্য /ɔkritokarɟo অকৃতোকারজো/।
অকৃতকার্যতা /ɔkritokarɟota অকৃতো-কারজোতা/।
অকৃতকৃত্য /ɔkritokritto অকৃতোকৃত্তো/।
অকৃতঘ্ন /ɔkritɔghno অকৃতঘ্‌নো/। স্ত্রী. অকৃতঘ্না /ɔkritɔghna অকৃতঘ্‌না/।
অকৃতঘ্নতা /ɔkritɔghnota অকৃতঘ্‌নোতা/।
অকৃতজ্ঞ /ɔkritɔggõ অকৃতগ্গোঁ/। স্ত্রী. অকৃতজ্ঞা /ɔkritɔggã অকৃতগ্গাঁ/।
অকৃতজ্ঞতা /ɔkritɔggõta অকৃতগ্গোঁতা/।
অকৃতদার /ɔkritodar অকৃতোদার্/।
অকৃতধী /ɔkritodhi অকৃতোধি/।
অকৃতাত্মা/ɔkritattã অকৃতাত্তাঁ/।
অকৃতাদর/ɔkritadɔr অকৃতাদর্/।
অকৃতাপরাধ /ɔkritaporadh অকৃতাপোরাধ্/।
অকৃতার্থ /ɔkritartho অকৃতার্‌থো/।
অকৃতার্থতা /ɔkritarthota অকৃতার্‌থোতা/।
অকৃতাহ্নিক /ɔkritannhik অকৃতান্‌নহিক্/।
অকৃতিত্ব /ɔkrititto অকৃতিত্তো/।
অকৃতী /ɔkriti অকৃতি/ -তিন্।
অকৃতোদ্বাহ /ɔkritodbaho অকৃতোদ্‌বাহো/।
অকৃত্ত /ɔkritto অকৃত্তো/ (অখণ্ডিত); দ্র. অকৃত্য।
অকৃত্য /ɔkritto অকৃত্তো/ (যা করা উচিত নয়); দ্র. অকৃত্ত।
অকৃত্যকারী /ɔkrittokari অকৃত্তোকারি/ -রিন্। স্ত্রী. অকৃত্যকারিণী /ɔkrittokarini অকৃত্তোকারিনি/।
অকৃত্রিম /ɔkrittrim অকৃত্ত্রিম্/।
অকৃত্রিমতা /ɔkrittrimɔta অকৃত্ত্রিমতা/।
অকৃপণ /ɔkripɔn অকৃপন্/।
অকৃপণতা /ɔkripɔnɔta অকৃপনতা/।
অকৃপা /ɔkripa অকৃপা/।
অকৃশ /ɔkriʃo অকৃশো/।
অকৃষ্ট /ɔkriʃto অকৃশ্টো/।
অকেজো /ɔkeɟo অকেজো/।
অকেশ /ɔkeʃ অকেশ্/।
অকৈতব /ɔkoĭtɔb অকোইতব্/।
অকৈবল্য /ɔkoĭbollo অকোইবোল্লো/।
অকোট /ɔkot অকোট্/।
অকোপ /ɔkop অকোপ্/।
অকোপন /ɔkopon অকোপোন্/।
অকোবিদ /ɔkobid অকোবিদ্/।
অকোমল /ɔkomol অকোমোল্/।
অকৌটিল্য /ɔkoŭtillo অকোউটিল্লো/।
অকৌশল /ɔkoŭʃɔl অকোউশল্/।

www.pathagar.com

অক্কা /ɔkka অক্‌কা /।
অক্কাপ্রাপ্তি /ɔkkaprapti অক্‌কাপ্রাপ্‌তি /।
অক্টেন /ɔkten অক্‌টেন্ /।
অক্টেন নম্বর /ɔkten nɔmbor অক্‌টেন্ নম্‌বোর্ /।
অক্টোপাস /ɔktopas অক্‌টোপাস্ /।
অক্টোবর /ɔktobɔr অক্‌টোবর্ /।
অক্ত১ /ɔkto অক্‌তো / (সময়); দ্র. –অক্ত২।
–অক্ত২ /ɔkto অক্‌তো / (লিপ্ত); দ্র. অক্ত১।
অক্রম /ɔkkrom অক্‌ক্রোম্ /।
অক্রমিক /ɔkkromik অক্‌ক্রোমিক্ /।
অক্রিয় /ɔkkriĕo অক্‌ক্রিয়ো /।
অক্রিয়তা /ɔkkriĕota অক্‌ক্রিয়োতা /।
অক্রিয়া /ɔkkria অক্‌ক্রিআ /।
অক্রিয়ান্বিত /ɔkkriannito অক্‌ক্রিআন্‌নিতো /। স্ত্রী. অক্রিয়ান্বিতা /ɔkkriannita অক্‌ক্রিআন্‌নিতা /।
অক্রিয়ারত /ɔkkriarɔto অক্‌ক্রিআরতো /। স্ত্রী. অক্রিয়ারতা /ɔkkriarɔta অক্‌ক্রিআরতা /।
অক্রিয়াশীল /ɔkkriaʃil অক্‌ক্রিআশিল্ /। স্ত্রী. অক্রিয়াশীলা /ɔkkriaʃila অক্‌ক্রিআশিলা /।
অক্রিয়াশীলতা /ɔkkriaʃilɔta অক্‌ক্রিআশিল্‌তা /।
অক্রিয়াসক্ত /ɔkkriaʃɔkto অক্‌ক্রিআশক্‌তো /। স্ত্রী. অক্রিয়াসক্তা /ɔkkriaʃɔkta অক্‌ক্রিআশক্‌তা /।
অক্রীত /ɔkkrito অক্‌ক্রিতো / (কেনা হয়নি এমন); দ্র. অকৃত।
অক্রুদ্ধ /ɔkruddɦo অক্রুদ্‌ধো /। স্ত্রী. অক্রুদ্ধা /ɔkruddɦa অক্রুদ্‌ধা /।
অক্রূর১ /ɔkkrur অক্‌ক্রুর্ / (কুটিল, অসরল); দ্র. অক্রূর২।
অক্রূর২ /okkrur ওক্‌ক্রুর্ / (কৃষ্ণের পিতৃব্য); দ্র. অক্রূর১।
অক্রূরসংবাদ/okkrurʃɔŋbad ওক্‌ক্রুরশংবাদ্ /।
অক্রেয় /ɔkkreĕo অক্‌ক্রেয়ো /।
অক্রোধ /ɔkkrodɦ অক্‌ক্রোধ্ /।
অক্রোধন /ɔkkrodɦon অক্‌ক্রোধোন্ /।
অক্রোধান্বিত /ɔkkrodɦannito অক্‌ক্রোধান্‌নিতো /। স্ত্রী. অক্রোধান্বিতা /ɔkkrodɦannita অক্‌ক্রোধান্‌নিতা /।
অক্রোধী /ɔkkrodɦi অক্‌ক্রোধি / –ধিন্।
অক্লম /ɔkklom অক্‌ক্লোম্ /।
অক্লান্ত /ɔkklanto অক্‌ক্লান্‌তো /।
অক্লান্তকর্মা /ɔkklantokɔrma অক্‌ক্লান্‌তোকর্‌মা /।
অক্লান্তকর্মী /ɔkklantokormi অক্‌ক্লান্‌তোকোর্‌মি / –র্মিন্। স্ত্রী. অক্লান্তকর্মিণী /ɔkklantokormini অক্‌ক্লান্‌তোকোর্‌মিনি /।
অক্লান্তি /ɔkklanti অক্‌ক্লান্‌তি /।
অক্লিন্ন /ɔkklinno অক্‌ক্লিন্‌নো /।
অক্লিষ্ট /ɔkkliʃto অক্‌ক্লিশ্‌টো /।
অক্লিষ্টকর্মা /ɔkkliʃtokɔrma অক্‌ক্লিশ্‌টোকর্‌মা /।
অক্লিষ্টকান্তি /ɔkkliʃtokanti অক্‌ক্লিশ্‌টোকান্‌তি /।
অক্লিষ্টতা /ɔkkliʃtota অক্‌ক্লিশ্‌টোতা /।
অক্লীব /ɔkklib অক্‌ক্লিব্ /।
অক্লেশ /ɔkkleʃ অক্‌ক্লেশ্ /।
অক্লেশে /ɔkkleʃe অক্‌ক্লেশে /।
অক্ষ /okkho ওক্‌খো /।
অক্ষক /okkhɔk ওক্‌খক্ /।
অক্ষকর্ণ /okkhokɔrno ওক্‌খোকর্‌নো /।
অক্ষকুশল /okkhokuʃɔl ওক্‌খোকুশল্ /।
অক্ষকুশলতা /okkhokuʃɔlɔta ওক্‌খোকুশলতা /।
অক্ষকূট /okkhokut ওক্‌খোকুট্ /।
অক্ষকোবিদ /okkhokobid ওক্‌খোকোবিদ্ /।
অক্ষক্রীড়া /okkhokrira ওক্‌খোক্রিড়া /।
অক্ষচক্র /okkhocɔkkro ওক্‌খোচক্‌ক্রো /।
অক্ষজ /okkhojo ওক্‌খোজো /।
অক্ষটি /okkhoti ওক্‌খোটি /।
অক্ষত /ɔkkhɔto অক্‌খতো /।
অক্ষতদেহ /ɔkkhɔtodeɦo অক্‌খতোদেহো /।
অক্ষতযোনি /ɔkkhɔtojoni অক্‌খতোজোনি /।
অক্ষতিকারক /ɔkhotikarɔk অখোতিকারক্ /।
অক্ষদণ্ড /okkhodɔndo ওক্‌খোদন্‌ডো /।
অক্ষধর /okkhodɦɔr ওক্‌খোধর্ /।
অক্ষধুরা /okkhodɦura ওক্‌খোধুরা /।
অক্ষধূর্ত /okkhodɦurto ওক্‌খোধুর্‌তো /।
অক্ষপটল /okkhopɔtol ওক্‌খোপটোল্ /।
অক্ষপাটি /okkhopati ওক্‌খোপাটি /।
অক্ষপাদ /okkhopad ওক্‌খোপাদ্ /।
অক্ষবতী /okkhoboti ওক্‌খোবোতি /।
অক্ষবাট /okkhobat ওক্‌খোবাট্ /।
অক্ষবিচলন/okkhobicɔlon ওক্‌খোবিচলোন্ /।

www.pathagar.com

অক্ষবিৎ /okkhobit ওক্‌খোবিত্ /।
অক্ষবৃত্ত /okkhobritto ওক্‌খোবৃত্‌তো /।
অক্ষবেত্তা /okkhobetta ওক্‌খোবেত্‌তা /।
অক্ষম /ɔkkhɔm অক্‌খম্ /।
অক্ষমতা /ɔkkhɔmɔta অক্‌খমতা /।
অক্ষমদ /okkhomɔd ওক্‌খোমদ্ /।
অক্ষমা /ɔkkhɔma অক্‌খমা /।
অক্ষমার্হ /ɔkhɔmarɦo অখমারহো /।
অক্ষমার্হতা /ɔkhɔmarɦota অখমারহোতা /।
অক্ষমালা /okkhomala ওক্‌খোমালা /।
অক্ষয় /ɔkkhɔĕ অক্‌খয় /। স্ত্রী. অক্ষয়া /ɔkkhɔĕa অক্‌খয়া /।
অক্ষয়কীর্তি /ɔkkhɔĕkirti অক্‌খয়কির্‌তি /।
অক্ষয়তা /ɔkkhɔĕta অক্‌খয়তা /।
অক্ষয়তূণ /ɔkkɦɔĕtun অক্‌খয়তুন্ /।
অক্ষয়তৃতীয়া /ɔkkhɔĕtritia অক্‌খয়তৃতিআ /।
অক্ষয়ত্ব /ɔkkhɔĕɔtto অক্‌খয়ত্‌তো /।
অক্ষয়বট /ɔkkhɔĕbɔṭ অক্‌খয়বট্ /।
অক্ষয়লোক /ɔkkhɔĕlok অক্‌খয়লোক্ /।
অক্ষয়স্বর্গ /ɔkkhɔĕʃɔrgo অক্‌খয়শরগো /।
অক্ষয়স্বর্গলোক /ɔkkhɔĕʃɔrgolok অক্‌খয়শরগোলোক্ /।
অক্ষর[১] /okkhor ওক্‌খোর্ / (প্রতীকরূপে ব্যবহৃত বর্ণ; দল, syllable); দ্র. অক্ষর[২]।
অক্ষর[২] /ɔkkhɔr অক্‌খর্ / (ক্ষরহীন; ব্রহ্ম; শিব; বিষ্ণু); দ্র. অক্ষর[১]।
অক্ষরজীবক /okkhorjibɔk ওক্‌খোর্‌জিবক্ /।
অক্ষরজীবিক /okkhorjibik ওক্‌খোর্‌জিবিক্ /।
অক্ষরজীবী /okkhorjibi ওক্‌খোর্‌জিবি / -বিন্। স্ত্রী. অক্ষরজীবিনী /okkhorjibini ওক্‌খোর্‌জিবিনি /।
অক্ষরজ্ঞান /okkhorgæ̃n ওক্‌খোর্‌গ্যাঁন্ /।
অক্ষরজ্ঞানসম্পন্ন /okkhorgæ̃nʃɔmpɔnno ওক্‌খোর্‌গ্যাঁন্‌শম্‌পন্‌নো /।
অক্ষরজ্ঞানহীন /okkhorgæ̃nɦin ওক্‌খোর্‌গ্যাঁন্‌হিন্ /। স্ত্রী. অক্ষরজ্ঞানহীনা /okkhorgæ̃nɦina ওক্‌খোর্‌গ্যাঁন্‌হিনা /।
অক্ষরণ /ɔkhɔron অখরোন্ /।
অক্ষরণশীল /ɔkhɔronʃil অখরোন্‌শিল্ /।
অক্ষরতূলিকা /okkhortulika ওক্‌খোর্‌তুলিকা /।
অক্ষরপরিচয় /okkhorporicɔĕ ওক্‌খোর্‌পোরিচয় /।
অক্ষরপরিচয়হীন /okkhorporicɔĕɦin ওক্‌খোর্‌পোরিচয়্‌হিন্ /।
অক্ষরবদ্ধ /okkhorbɔddɦo ওক্‌খোর্‌বদ্‌ধো /।
হৃদয়হীন /rɦidɔĕɦin rɦiদয়্‌হিন্/।

www.pathagar.com

হৃদয়াবেগ /rĥidɔĕabeg rĥiদয়াবেগ্ /।
হৃদয়িক /rĥidoĕik rĥiদোয়িক্ /।
হৃদয়েশ /rĥidɔĕeʃ rĥiদয়েশ্ /।
হৃদি /rĥidi rĥiদি /।
হৃদিস্থ /rĥidistho rĥiদিস্থো /।
হৃদ্ /rĥid rĥiদ্ /।
হৃদ্গত /rĥidgɔto rĥiদ্গতো /।
হৃদ্বোধ /rĥidbodĥ rĥiদ্বোধ্ /।
হৃদ্যন্ত্র /rĥidɟɔntro rĥiদ্জন্ত্রো /।
হৃদ্রোগ /rĥidrog rĥiদ্রোগ্ /।
হৃদ্রোগবিশেষজ্ঞ /rĥidrogbiʃeʃɔggŏ rĥiদ্-রোগ্বিশেশগ্গোঁ /।
হৃদ্দেশ /rĥiddeʃ rĥiদ্দেশ্ /।
হৃদ্য /rĥiddo rĥiদ্দো /। স্ত্রী. হৃদ্যা /rĥidda rĥiদ্দা /।
হৃদ্যতা /rĥiddota rĥiদ্দোতা /।
হৃষিত /rĥiʃito rĥiশিতো /। স্ত্রী. হৃষিতা /rĥiʃita rĥiশিতা /।
হৃষীক /rĥiʃik rĥiশিক্ /।
হৃষীকেশ /rĥiʃikeʃ rĥiশিকেশ্ /।
হৃষ্ট /rĥiʃṭo rĥiশ্টো /। স্ত্রী. হৃষ্টা /rĥiʃṭa rĥiশ্টা /।
হৃষ্টচিত্ত /rĥiʃṭocitto rĥiশ্টোচিত্তো /।
হৃষ্টপুষ্ট /rĥiʃṭopuʃṭo rĥiশ্টোপুশ্টো /।
হৃষ্টি /rĥiʃṭi rĥiশ্টি /।
হে /ĥe হে /।
হেই /ĥeĭ হেই /।
হেঁই /ĥẽĭ হেঁই /।
হেঁইও /ĥẽĭo হেঁইও /।
হেঁচকা /ĥæ̃cka হ্যাঁচ্কা /।
হেঁচকি /ĥẽcki হেঁচ্কি /।
হেঁচড়ানো /ĥæ̃cṛano হ্যাঁচ্ড়ানো /।
হেঁজিপেঁজি /ĥẽɟipẽɟi হেঁজিপেঁজি /।
হেঁট /ĥẽṭ হেঁট্ /।
হেঁড়ে /ĥẽṛe হেঁড়ে /।
হেঁড়ে গলা /ĥẽṛe gɔla হেঁড়ে গলা /।
হেঁড়েল /ĥẽṛel হেঁড়েল্ /।
হেঁতাল /ĥẽtal হেঁতাল্ /।
হেঁয়ালি /ĥẽali হেঁআলি /।
হেঁশেল /ĥẽʃel হেঁশেল্ /।
হেঁসে /ĥẽʃe হেঁশে /।
হেঁসো /ĥẽʃo হেঁশো /।
হেকমত /ĥekmɔt হেক্মত্ /।
হেড /ĥeḍ হেড্ /।
হেডপণ্ডিত /ĥeḍpondit হেড্পোন্ডিত্ /।
হেডমাস্টার /ĥeḍmasṭar হেড্মাস্টার্ /।
হেডমাস্টারি /ĥeḍmasṭari হেড্মাস্টারি /।
হেডলাইট /ĥeḍlai̯ṭ হেড্লাইট্ /।
হেডলাইন /ĥeḍlai̯n হেড্লাইন্ /।
হেতি /ĥeti হেতি /।
হেতু /ĥetu হেতু /।
-হেতুক /ĥetuk হেতুক্ /।
হেতুবাদ /ĥetubad হেতুবাদ্ /।
হেতুশাস্ত্র /ĥetuʃastro হেতুশাস্ত্রো /।
হেত্বাভাস /ĥettabĥaʃ হেত্তাভাশ্ /
হেথা /ĥetha হেথা /।
হেথায় /ĥethaĕ হেথায় /।
হেদানো /ĥædano হ্যাদানো /।
হেদায়েত /ĥedaĕet হেদায়েত্ /।
হেন /ĥæno হ্যানো /।
হেনস্তা /ĥænosta হ্যানোস্তা /।
হেনা /ĥena হেনা /।
হেপা /ĥæpa হ্যাপা /।
হেফাজত /ĥefazɔt হেফাজত্ /।
হেবা /ĥeba হেবা /।
হেবানামা /ĥebanama হেবানামা /।
হেম /ĥem হেম্ /।
হেমকলা /ĥemkɔla হেম্কলা /।
হেমকান্তি /ĥemkanti হেম্কান্তি /।
হেমকার /ĥemkar হেম্কার্ /।
হেমকূট /ĥemkuṭ হেম্কুট্ /।
হেমচন্দ্র /ĥemcɔndro হেম্চন্দ্রো /।
হেমন্ত /ĥemonto হেমোন্তো /।
হেমন্তকাল /ĥemontokal হেমোন্তোকাল্ /।
হেমন্তিকা /ĥemontika হেমোন্তিকা /।
হেমপর্বত /ĥempɔrbot হেম্পর্বোত্ /।
হেমপুষ্প /ĥempuʃpo হেম্পুশ্পো /।
হেমলক /ĥemlɔk হেম্লক্ /।
হেমলতা /ĥemlɔta হেম্লতা /।
হেমা /ĥema হেমা /।
হেমাঙ্গ /ĥemaŋgo হেমাংগো /।
হেমাঙ্গিনি /ĥemaŋgini হেমাংগিনি /।
হেমাঙ্গী /ĥemaŋgi হেমাংগি /।
হেমাদ্রি /ĥemaddri হেমাদ্দ্রি /।
হেমাভ /ĥemabĥo হেমাভো /।
হেয় /ĥeĕo হেয়ো /।

www.pathagar.com

হেয়তা /ɦeĕota হেয়োতা /।
হেরফের /ɦerpher হের্‌ফের্ /।
হেরম্ব /ɦerɔmbo হেরম্‌বো /।
হেরা¹ /ɦera হেরা / (মক্কার পর্বতবিশেষ); দ্র. হেরা²।
হেরা² /ɦæra হ্যারা / (দেখা); দ্র. হেরা¹।
হেরি /ɦeri হেরি /।
হেরেম /ɦerem হেরেম্ /।
হেরো /ɦæro হ্যারো /।
হেরোয়িন /ɦeroĕin হেরোয়িন্ /।
হেলন /ɦelɔn হেলন্ /।
হেলপার /ɦelpar হেল্‌পার্ /।
হেলমেট /ɦelmeṭ হেল্‌মেট্ /।
হেলা /ɦæla হ্যালা /।
হেলান /ɦælan হ্যালান্ /।
হেলানো /ɦælano হ্যালানো /।
হেলাফেলা /ɦælaphæla হ্যালাফ্যালা /।
হেলায় /ɦælaĕ হ্যালায় /।
হেলাহেলি /ɦælaheli হ্যালাহেলি /।
হেলিকপটার /ɦelikɔpṭar হেলিকপ্‌টার্ /।
হেলিপ্যাড /ɦelipæḍ হেলিপ্যাড্ /।
হেলে /ɦele হেলে /।
হেলেঞ্চা /ɦelenca হেলেন্‌চা /।
হেষা /ɦeʃa হেশা /।
হেস্তনেস্ত /ɦæstonæsto হ্যাস্‌তোন্যাস্‌তো /।
হৈম¹ /ɦoĭmo হোইমো /।
হৈমন্ত /ɦoĭmonto হোইমোন্‌তো /।
হৈমন্তচন্দ্র /ɦoĭmontocɔndro হোইমোন্‌তো–চন্‌দ্রো /।
হৈমন্তিক /ɦoĭmontik হোইমোন্‌তিক্ /।
হৈমবত /ɦoĭmobɔt হোইমোবত্ /।
হৈমবতী /ɦoĭmoboti হোইমোবোতি /।
হৈয়ঙ্গবীন /ɦoĭɔŋgobin হোইঅংগোবিন্ /।
হোঁচট /ɦõcoṭ হোঁচোট্ /।
হোঁতকা /ɦõtka হোঁত্‌কা /।
হোঁদড় /ɦõdoṛ হোঁদোড় /।
হোঁদল /ɦõdol হোঁদোল্ /।
হোঁদলকুতকুত /ɦõdolkutkut হোঁদোলকুত্–কুত্ /।
হোক /ɦok হোক্ /।
হোগল /ɦogol হোগোল্ /।
হোগলা /ɦogla হোগ্‌লা /।
হোজপাইপ /ɦozpaĭp হোজ্‌পাইপ্ /।
হোটেল /ɦoṭel হোটেল্ /।
হোড় /ɦoṛ হোড় /।
হোতা /ɦota হোতা /।
হোত্র /ɦottro হোত্‌ত্রো /। স্ত্রী. হোত্রী /ɦottri হোত্‌ত্রি /।
হোত্রীয় /ɦottriĕo হোত্‌ত্রিয়ো /।
হোথা /ɦotha হোথা /।
হোথায় /ɦothaĕ হোথায় /।
হোবল /ɦobol হোবোল্ /।
হোম /ɦom হোম্ /।
হোমকুণ্ড /ɦomkuṇḍo হোম্‌কুন্‌ডো /।
হোমযজ্ঞ /ɦomɟoggõ হোম্‌জোগ্‌গোঁ /।
হোমরাচোমরা /ɦomracomra হোম্‌রাচোম্‌রা /।
হোমশিখা /ɦomʃikha হোম্‌শিখা /।
হোমাগ্নি /ɦomagni হোমাগ্‌নি /।
হোমানল /ɦomanɔl হোমানল্ /।
হোমাবশেষ /ɦomaboʃeʃ হোমাবোশেশ্ /।
হোমিওপ্যাথি /ɦomiopæthi হোমিওপ্যাথি /।
হোমিওপ্যাথিক /ɦomiopæthik হোমিও–প্যাথিক্ /।
হোরা /ɦora হোরা /।
হোরি /ɦori হোরি /।
হোলা /ɦola হোলা /।
হোলি /ɦoli হোলি / (বসন্তোৎসব); দ্র. হলি, হলী।
হোল্ডার /ɦolḍar হোল্‌ডার্ /।
হো হো /ɦo ɦo হো হো /।
হোস্টেল /ɦosṭel হোস্‌টেল্ /।
হৌজ /ɦoŭz হোউজ্ /।
হ্যাংগাম /ɦæŋgam হ্যাংগাম্ /।
হ্যাংলা /ɦæŋla হ্যাংলা /।
হ্যাংলাপনা /ɦæŋlapɔna হ্যাংলাপনা /।
হ্যাংলামি /ɦæŋlami হ্যাংলামি /।
হ্যাঁ /ɦæ̃ হ্যাঁ /।
হ্যাঁচকা /ɦæ̃cka হ্যাঁচ্‌কা /।
হ্যাঁচকানো /ɦæ̃ckano হ্যাঁচ্‌কানো /।
হ্যাঁচড়ানো /ɦæ̃cṛano হ্যাঁচ্‌ড়ানো /।
হ্যাঁ–বাচক /ɦæ̃bacɔk হ্যাঁবাচক্ /।
হ্যাক–স /ɦæksɔ হ্যাক্‌স /।
হ্যাজাক /ɦæɟak হ্যাজাক্ /।
হ্যাট /ɦæṭ হ্যাট্ /।
হ্যাটা /ɦæṭa হ্যাটা /।
হ্যাট্রিক /ɦæṭṭrik হ্যাট্‌ট্রিক্ /।

www.pathagar.com

হ্যাদে /ɦæde হ্যাদে /।
হ্যান্ডনোট /ɦændnot হ্যান্‌ড্‌নোট্ /।
হ্যান্ডবল /ɦændbɔl হ্যান্‌ড্‌বল্ /।
হ্যান্ডবিল /ɦændbil হ্যান্‌ড্‌বিল্ /।
হ্যান্ডশেক /ɦændʃek হ্যান্‌ড্‌শেক্ /।
হ্যাপা /ɦæpa হ্যাপা / (হেপা-র বানানভেদ)।
হ্যাম্বারগার /ɦæmbargar হ্যাম্‌বার্‌গার্ /।
হ্যালোজেন /ɦæloɟen হ্যালোজেন্ /।
হ্রদ /rɦɔd rɦɔদ্ / (লাঘব; ঘাটতি); দ্র. হ্রাস,
রাস।
হ্রদিনী /rɦodini rɦoদিনি /।
হ্রসমান /rɦɔʃoman rɦɔশোমান্ /।
হ্রসিত /rɦoʃito rɦoশিতো /।
হ্রসিমা /rɦoʃima rɦoশিমা /।
হ্রস্ব /rɦɔʃʃo rɦɔশ্‌শো /।
হ্রস্বতা /rɦɔʃʃota rɦɔশ্‌শোতা /।
হ্রস্বত্ব /rɦɔʃʃɔtto rɦɔশ্‌শত্‌তো /।
হ্রস্বদীর্ঘজ্ঞান /rɦɔʃʃodirgɦogæ̃n rɦɔশ্‌শো-
দির্‌ঘোগ্যাঁন্ /।
হ্রস্বস্বর /rɦɔʃʃoʃɔr rɦɔশ্‌শোশর্ /।
হ্রস্বীকরণ /rɦoʃʃikɔron rɦoশ্‌শিকরোন্ /।
হ্রস্বীকৃত /rɦoʃʃikrito rɦoশ্‌শিকৃতো /।
হ্রস্বীভূত /rɦoʃʃibɦuto rɦoশ্‌শিভুতো /।
হ্রাদ /rɦad rɦaদ্ /।
হ্রাদিনী /rɦadini rɦaদিনি /।
হ্রাদী /rɦadi rɦaদি / -দিন্।
হ্রাস /rɦaʃ rɦaশ্ / (কমতি; লাঘব); দ্র. হ্রাস,
• রাস।
হ্রাসক /rɦaʃɔk rɦaশক্ /।
হ্রাসন /rɦaʃon rɦaশোন্ /।
হ্রাসপ্রাপ্ত /rɦaʃprapto rɦaশ্‌প্রাপ্‌তো /।
হ্রিত /rɦito rɦiতো / (লজ্জিত); দ্র. হৃত, হৃৎ।
হ্রী /rɦi rɦi /।
হ্রীজিত /rɦiɟito rɦiজিতো /।
হ্রীণ /rɦin rɦiন্ /।
হ্রীমতী /rɦimoti rɦiমোতি /।
হ্রীমান /rɦiman rɦiমান্ /।
হ্রীমূঢ় /rɦimuɽɦo rɦiমুঢ়ো /।
হ্রেষা /rɦeʃa rɦeশা /।
হ্লাদ /lɦad lɦaদ্ /।
হ্লাদন /lɦadon lɦaদোন্ /।
হ্লাদিত /lɦadito lɦaদিতো /।
হ্লাদিনী /lɦadini lɦaদিনি /।
হ্লাদী /lɦadi lɦaদি / -দিন্।

www.pathagar.com

www.pathagar.com

পরিশিষ্ট ক

সংখ্যা ও পূরক

সংখ্যা		পূরক	
সংখ্যা	উচ্চারণ	সংক্ষিপ্ত রূপ	উচ্চারণ
১	/æk অ্যাক্ /	১ম	প্রথম /prothom প্রোথোম্ /
২	/duĭ দুই্ /	২য়	দ্বিতীয় /ditiĕo দিতিয়ো /
৩	/tin তিন্ /	৩য়	তৃতীয় /tritiĕo তৃতিয়ো /
৪	/car চার্ /	৪র্থ	চতুর্থ /coturtho চোতুর্থো /
৫	/pāc পাঁচ্ /	৫ম	পঞ্চম /pɔncom পন্চোম্ /
৬	/chɔĕ ছয়্ /	৬ষ্ঠ	ষষ্ঠ /ʃɔʃtho শশ্ঠো /
৭	/ʃat শাত্ /	৭ম	সপ্তম /ʃɔptom শপ্তোম্ /
৮	/aṭ আট্ /	৮ম	অষ্টম /ɔʃṭom অশ্টোম্ /
৯	/nɔĕ নয়্ /	৯ম	নবম /nɔbom নবোম্ /
১০	/dɔʃ দশ্ /	১০ম	দশম /dɔʃom দশোম্ /
১১	/ægaro অ্যাগারো /	১১শ	একাদশ /ekadɔʃ একাদশ্ /
১২	/baro বারো /	১২শ	দ্বাদশ /dadɔʃ দাদশ্ /
১৩	/tæro ত্যারো /	১৩শ	ত্রয়োদশ /troĕodɔʃ ত্রোয়োদশ্ /
১৪	/coddo চোদ্দো /	১৪শ	চতুর্দশ /coturdɔʃ চোতুর্দশ্ /
১৫	/ponero পোনেরো /	১৫শ	পঞ্চদশ /pɔncodɔʃ পন্চোদশ্ /
১৬	/ʃolo শোলো /	১৬শ	ষোড়শ /ʃoṛoʃ শোড়োশ্ /
১৭	/ʃɔtero শতেরো /	১৭শ	সপ্তদশ /ʃɔptodɔʃ শপ্তোদশ্ /
১৮	/aṭhero আঠেরো /	১৮শ	অষ্টাদশ /ɔʃṭadɔʃ অশ্টাদশ্ /
১৯	/uniʃ উনিশ্ /	১৯শ	ঊনবিংশ /unobiŋʃo ঊনোবিংশো /
২০	/kuṛi কুড়ি /	২০শ	বিংশ /biŋʃo বিংশো /
২১	/ekuʃ একুশ্ /	২১শ	একবিংশ /ekobiŋʃo একোবিংশো /
২২	/bāĭʃ বাইশ্ /	২২শ	দ্বাবিংশ /dabiŋʃo দাবিংশো /
২৩	/teiʃ তেইশ্ /	২৩শ	ত্রয়োবিংশ / troĕobiŋʃo ত্রোয়োবিংশো /
২৪	/cobbiʃ চোব্বিশ্ /	২৪শ	চতুর্বিংশ /coturbiŋʃo চোতুর্বিংশো /
২৫	/pōciʃ পোঁচিশ্ /	২৫শ	পঞ্চবিংশ /pɔnbcobiŋʃo পন্চোবিংশো /
২৬	/chabbiʃ ছাব্বিশ্ /	২৬শ	ষড়বিংশ /ʃɔṛbiŋʃo শড়বিংশো /
২৭	/ʃataʃ শাতাশ্ /	২৭শ	সপ্তবিংশ /ʃɔptobiŋʃo শপ্তোবিংশো /
২৮	/aṭaʃ আটাশ্ /	২৮শ	অষ্টাবিংশ /ɔʃṭabiŋʃo অশ্টাবিংশো /
২৯	/unottriʃ ঊনোত্‌ত্রিশ্ /	২৯শ	ঊনত্রিংশ /unottriŋʃo ঊনোত্‌ত্রিংশো /
৩০	/tiriʃ তিরিশ্ /	৩০শ	ত্রিংশ /triŋʃo ত্রিংশো /

www.pathagar.com

৩১	/ekottriʃ একোত্‌ত্রিশ্‌/	৩১শ	একত্রিংশ/ekottriŋʃo একোত্‌ত্রিংশো/
৩২	/bottriʃ বোত্‌ত্রিশ্‌/	৩২শ	দ্বাত্রিংশ/datriŋʃo দাত্রিংশো/
৩৩	/tettriʃ তেত্‌ত্রিশ্‌/	৩৩শ	ত্রয়স্ত্রিংশ/troẽostriŋʃo ত্রোয়োস্‌ত্রিংশো/
৩৪	/coŭtriʃ চৌউত্রিশ্‌/	৩৪শ	চতুস্ত্রিংশ/cotustriŋʃo চোতুস্‌ত্রিংশো/
৩৫	/pɔ̃ĕtriʃ পঁয়্‌ত্রিশ্‌/	৩৫শ	পঞ্চত্রিংশ/pɔncotriŋʃo পন্‌চোত্রিংশো/
৩৬	/chottriʃ ছোত্‌ত্রিশ্‌/	৩৬শ	ষট্‌ত্রিংশ/ʃɔṭ-triŋʃo শট্‌ত্রিংশো/
৩৭	/ʃãĭtriʃ শাঁইত্রিশ্‌/	৩৭শ	সপ্তত্রিংশ/ʃɔptotriŋʃo শপ্‌তোত্রিংশো/
৩৮	/aṭtriʃ আট্‌ত্রিশ্‌/	৩৮শ	অষ্টাত্রিংশ/ɔʃṭatriŋʃo অশ্‌টাত্রিংশো/
৩৯	/unocolliʃ উনোচোল্‌লিশ্‌/	৩৯শ	ঊনচত্বারিংশ/unocɔttariŋʃo উনোচত্‌তারিংশো/
৪০	/colliʃ চোল্‌লিশ্‌/	৪০শ	চত্বারিংশ/cɔttariŋʃo চত্‌তারিংশো/
৪১	/ækcolliʃ অ্যাক্‌চোল্‌লিশ্‌/	৪১শ	একচত্বারিংশ/ekocɔttariŋʃo একোচত্‌তা-রিংশো/
৪২	/bialliʃ বিয়াল্‌লিশ্‌/	৪২শ	দ্বিচত্বারিংশ/dicɔttariŋʃo দিচত্‌তারিংশো/
৪৩	/tetalliʃ তেতাল্‌লিশ্‌/	৪৩শ	ত্রিচত্বারিংশ/tricɔttariŋʃo ত্রিচত্‌তারিংশো/
৪৪	/cualliʃ চুয়াল্‌লিশ্‌/	৪৪শ	চতুশ্চত্বারিংশ/cotuʃcɔttariŋʃo চোতুশ্‌-চত্‌তারিংশো/
৪৫	/pɔ̃ĕtalliʃ পঁয়্‌তাল্‌লিশ্‌/	৪৫শ	পঞ্চচত্বারিংশ/pɔncocɔttariŋʃo পন্‌চো-চত্‌তারিংশো/
৪৬	/checolliʃ ছেচোল্‌লিশ্‌/	৪৬শ	ষট্‌চত্বারিংশ/ʃɔṭcɔttariŋʃo শট্‌চত্‌তারিংশো/
৪৭	/ʃatcolliʃ শাত্‌চোল্‌লিশ্‌/	৪৭শ	সপ্তচত্বারিংশ/ʃɔptocɔttariŋʃo শপ্‌তো-চত্‌তারিংশো/
৪৮	/aṭcolliʃ আট্‌চোল্‌লিশ্‌/	৪৮শ	অষ্টচত্বারিংশ/ɔʃṭocɔttariŋʃo অশ্‌টো-চত্‌তারিংশো/
৪৯	/unopɔncaʃ উনোপন্‌চাশ্‌/	৪৯তম	ঊনপঞ্চাশত্তম/unopɔncaʃɔttɔmo উনো-পন্‌চাশত্‌তমো/
৫০	/pɔncaʃ পন্‌চাশ্‌/	৫০তম	পঞ্চাশত্তম/pɔncaʃɔttɔmo পন্‌চাশত্‌তমো/
৫১	/ækanno অ্যাকান্‌নো/	৫১তম	একপঞ্চাশত্তম/ekopɔncaʃɔttɔmo একোপন্‌চাশত্‌তমো/
৫২	/baɦanno বাহান্‌নো/	৫২তম	দ্বাপঞ্চাশত্তম/dapɔncaʃɔttɔmo দা-পন্‌চাশত্‌তমো/
৫৩	/teppanno তেপ্‌পান্‌নো/	৫৩তম	ত্রিপঞ্চাশত্তম/tripɔncaʃɔttɔmo ত্রিপন্‌চাশত্‌তমো/
৫৪	/cuanno চুয়ান্‌নো/	৫৪তম	চতুঃপঞ্চাশত্তম/cotuppɔncaʃɔttɔmo চোতুপ্‌পন্‌চাশত্‌তমো/
৫৫	/pɔncanno পন্‌চান্‌নো/	৫৫তম	পঞ্চপঞ্চাশত্তম/pɔncopɔncaʃɔttɔmo পন্‌চোপন্‌চাশত্‌তমো/
৫৬	/chappanno ছাপ্‌পান্‌নো/	৫৬তম	ষট্‌পঞ্চাশত্তম/ʃɔṭpɔncaʃɔttɔmo শট্‌পন্‌চাশত্‌তমো/

www.pathagar.com

৫৭	/ʃatanno শাতান্নো /	৫৭তম	সপ্তপঞ্চাশত্তম /ʃɔptopɔncaʃɔttɔmo শপ্তো-পন্চাশত্তমো /
৫৮	/aṭanno আটান্নো /	৫৮তম	অষ্টপঞ্চাশত্তম /ɔʃṭopɔncaʃɔttɔmo অশ্টো-পন্চাশত্তমো /
৫৯	/unoʃaṭ উনোশাট্ /	৫৯তম	উনষষ্টিতম /unoʃoʃṭitɔmo উনোশোশ্টিতমো /
৬০	/ʃaṭ শাট্ /	৬০তম	ষষ্টিতম /ʃoʃṭitɔmo শোশ্টিতমো /
৬১	/ækʃoṭṭi অ্যাক্শোট্টি /	৬১তম	একষষ্টিতম /ekoʃoʃṭitɔmo একোশোশ্টিতমো /
৬২	/baʃoṭṭi বাশোট্টি /	৬২তম	দ্বাষষ্টিতম /daʃoʃṭitɔmo দাশোশ্টিতমো /
৬৩	/teʃoṭṭi তেশোট্টি /	৬৩তম	ত্রয়ষষ্টিতম /troĕoʃʃoʃṭitɔmo ত্রোয়োশ্-শোশ্টিতমো /
৬৪	/coŭʃoṭṭi চৌউশোট্টি /	৬৪তম	চতুঃষষ্টিতম /cotuʃʃoʃṭitɔmo চোতুশ্শোশ্টি-তমো /
৬৫	/pɔ̃ĕʃoṭṭi পঁয়শোট্টি /	৬৫তম	পঞ্চষষ্টিতম /pɔncoʃoʃṭitɔmo পন্চোশোশ্টি-তমো /
৬৬	/cheʃoṭṭi ছেশোট্টি /	৬৬তম	ষট্‌ষষ্টিতম /ʃɔṭʃoʃṭitɔmo শট্শোশ্টিতমো /
৬৭	/ʃatʃoṭṭi শাত্শোট্টি /	৬৭তম	সপ্তষষ্টিতম /ʃɔptoʃoʃṭitɔmo শপ্তোশোশ্টি-তমো /
৬৮	/aṭʃoṭṭi আট্শোট্টি /	৬৮তম	অষ্টষষ্টিতম /ɔʃṭoʃoʃṭitɔmo অশ্টোশোশ্টি-তমো /
৬৯	/unoʃottor উনোশোত্তোর্ /	৬৯তম	উনসপ্ততিতম /unoʃɔptotitɔmo উনোশপ্তো-তিতমো /
৭০	/ʃottor শোত্তোর্ /	৭০তম	সপ্ততিতম /ʃɔptotitɔmo শপ্তোতিতমো /
৭১	/ækattor অ্যাকাত্তোর্ /	৭১তম	একসপ্ততিতম /ekoʃɔptotitɔmo একোশপ্তো-তিতমো /
৭২	/bahattor বাহাত্তোর্ /	৭২তম	দ্বিসপ্ততিতম /diʃɔptotitɔmo দিশপ্তোতি-তমো /
৭৩	/tehattor তেহাত্তোর্ /	৭৩তম	ত্রিসপ্ততিতম /triʃɔptotitɔmo ত্রিশপ্তোতি-তমো /
৭৪	/cuattor চুআত্তোর্ /	৭৪তম	চতুঃসপ্ততিতম /cotuʃʃɔptotitɔmo চোতুশ্-শপ্তোতিতমো /
৭৫	/pɔ̃cattor পঁচাত্তোর্ /	৭৫তম	পঞ্চসপ্ততিতম /pɔncoʃɔptotitɔmo পন্চো-শপ্তোতিতমো /
৭৬	/chiattor ছিআত্তোর্ /	৭৬তম	ষট্‌সপ্ততিতম /ʃɔṭʃɔptotitɔmo শট্শপ্তোতি-তমো /
৭৭	/ʃatattor শাতাত্তোর্ /	৭৭তম	সপ্তসপ্ততিতম /ʃɔptoʃɔptotitɔmo শপ্তো-শপ্তোতিতমো /
৭৮	/aṭattor আটাত্তোর্ /	৭৮তম	অষ্টসপ্ততিতম /ɔʃṭoʃɔptotitɔmo অশ্টো-শপ্তোতিতমো /
৭৯	/unoaʃi উনোআশি /	৭৯তম	উনাশীতিতম /unaʃititɔmo উনাশিতিতমো /
৮০	/aʃi আশি /	৮০তম	অশীতিতম /oʃititɔmo ওশিতিতমো /

www.pathagar.com

৮১	/ækaʃi অ্যাকাশি /	৮১তম	একাশীতিতম /ekaʃititɔmo একাশিতিতমো /
৮২	/biraʃi বিরাশি /	৮২তম	দ্ব্যশীতিতম /daʃititɔmo দাশিতিতমো /
৮৩	/tiraʃi তিরাশি /	৮৩তম	ত্র্যশীতিতম /troʃititɔmo ত্রোশিতিতমো /
৮৪	/curaʃi চুরাশি /	৮৪তম	চতুরশীতিতম /coturoʃititɔmo চোতুরোশিতিতমো /
৮৫	/pɔ̃caʃi পঁচাশি /	৮৫তম	পঞ্চাশীতিতম /pɔncaʃititɔmo পনচাশিতিতমো /
৮৬	/chiaʃi ছিআশি /	৮৬তম	ষড়শীতিতম /ʃɔroʃititɔmo শড়োশিতিতমো /
৮৭	/ʃataʃi শাতাশি /	৮৭তম	সপ্তাশীতিতম /ʃɔptaʃititɔmo শপ্‌তাশিতিতমো /
৮৮	/ataʃi আটাশি /	৮৮তম	অষ্টাশীতিতম /ɔʃṭaʃititɔmo অশ্‌টাশিতিতমো /
৮৯	/unonobboĭ উনোনোব্‌বোই্/	৮৯তম	ঊননবতিতম /unonɔbotitɔmo উনোনবোতিতমো /
৯০	/nobboĭ নোব্‌বোই্ /	৯০তম	নবতিতম /nɔbotitɔmo নবোতিতমো /
৯১	/ækanobboĭ অ্যাকানোব্‌বোই্ /	৯১তম	একনবতিতম /ekonɔbotitɔmo একোনবোতিতমো /
৯২	/biranobboĭ বিরানোব্‌বোই্ /	৯২তম	দ্বিনবতিতম /dinɔbotitɔmo দিনবোতিতমো /
৯৩	/tiranobboĭ তিরানোব্‌বোই্ /	৯৩তম	ত্রিনবতিতম /trinɔbotitɔmo ত্রিনবোতিতমো /
৯৪	/curanobboĭ চুরানোব্‌বোই্ /	৯৪তম	চতুর্নবতিতম /coturnɔbotitɔmo চোতুর্‌নবোতিতমো /
৯৫	/pɔ̃canobboĭ পঁচানোব্‌বোই্ /	৯৫তম	পঞ্চনবতিতম /pɔnconɔbotitɔmo পন্‌চোনবোতিতমো /
৯৬	/chianobboĭ ছিআনোব্‌বোই্ /	৯৬তম	ষন্নবতিতম /ʃɔnnɔbotitɔmo শননবোতিতমো /
৯৭	/ʃatanobboĭ শাতানোব্‌বোই্ /	৯৭তম	সপ্তনবতিতম /ʃɔptonɔbotitɔmo শপ্‌তোনবোতিতমো
৯৮	/atanobboĭ আটানোব্‌বোই্ /	৯৮তম	অষ্টনবতিতম /ɔʃṭonɔbotitɔmo অশ্‌টোনবোতিতমো /
৯৯	/niranobboĭ নিরানোব্‌বোই্ /	৯৯তম	নবনবতিতম /nɔbonɔbotitɔmo নবোনবোতিতমো /
১০০	/ækʃo অ্যাক্‌শো/	১০০তম	শততম /ʃɔtotɔmo শতোতমো /
১০০০	/ækɦaɟar অ্যাক্‌হাজার্ /	১০০০তম	সহস্রতম /ʃɔɦossrotɔmo শহোস্‌স্রোতমো /

পরিশিষ্ট খ

প্রথম সংস্করণের মুখবন্ধ

আভাষ

বানান-অভিধান প্রচলিত অভিধান থেকে ভিন্ন। প্রচলিত অভিধানগুলো শব্দার্থ অভিধান, যার মূল লক্ষ্য প্রতিটি অন্তর্ভুক্তির নির্ভুল বানানের পাশাপাশি শব্দটির অর্থ ও উৎস নির্দেশ। বানান-অভিধানের লক্ষ্য কেবল শব্দের শুদ্ধ বানানরীতি নির্দেশ করা। প্রশ্ন উঠতেই পারে শব্দার্থের অভিধানেও তো বানান আছে, তা হলে এ ধরনের অভিধানের প্রয়োজনীয়তা কোথায়। প্রয়োজনীয়তা এখানে যে, ভাষায় ব্যবহৃত অনেক শব্দ একাধিক বানানে লেখা যায় এবং হয়ও (কখনো ভুল কখনো শুদ্ধ উভয়তই), যা আদৌ বাঞ্ছনীয় নয়। বানান-অভিধানের লক্ষ্য তাই মূল শব্দ ও তা থেকে উদ্ভূত যাবতীয় শব্দের প্রমিত, এবং সম্ভব হলে, বিকল্পহীন বানান নির্ধারণ করে দেওয়া।

বাংলায় বানান-অভিধানের ধারণা খুব প্রাচীন নয়। ১৯৮৮ সালে অনুষ্ঠিত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের কুমিল্লা কর্মশিবিরে আলোচ্য বিষয়সমূহের মধ্যে ছিল '...পাঠ্যপুস্তকে বাংলা বানানের একটা পূর্ণাঙ্গ নীতিমালা ও বানান-নির্দেশিকা প্রণয়ন করা'। এর আগে বানানে সমতা বিধানের লক্ষ্যে ২৪ ফাল্গুন ১৩৪২ বঙ্গাব্দে (৮ মার্চ ১৯৩৬) 'আনন্দবাজার পত্রিকা'য় প্রকাশিত "বাংলা বানান সমস্যা" প্রবন্ধে অধ্যাপক জ্যোতির্ময় ঘোষ একটি *মাঝারি আকারের অভিধান* প্রণয়নের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। অধ্যাপক জ্যোতির্ময় ঘোষের মতে :

ক) বানান-সমস্যার সমাধান অল্পসংখ্যক বা বহুসংখ্যক নিয়ম প্রণয়ন বা উদাহরণ সংগ্রহের দ্বারা হইবে না।

খ) বহু যত্নে লিখিত নূতন ব্যাকরণের দ্বারা বানান নিয়ন্ত্রণ সম্ভব হইলেও এ যুগে উহা বাঞ্ছনীয় নহে।

গ) একখানি মাঝারি আকারের অভিধান প্রণয়নই এ সমস্যার সমাধান বালিয়া মনে হয়।

অধ্যাপক জ্যোতির্ময় ঘোষের প্রবন্ধ প্রকাশিত হবার পর ইতোমধ্যে প্রায় ষাট বছর অতিক্রান্ত হয়েছে, কিন্তু বাংলায় কোনো পণ্ডিত অদ্যাবধি বানানসংক্রান্ত কোনো অভিধান প্রণয়নের উদ্যোগ নেন নি, যদিও অন্যান্য ভাষায় Orthographic Dictionary-র প্রচলন রয়েছে। উচ্চারণ-অভিধানও এতকাল ছিল না বাংলায়, সম্প্রতি উভয় বঙ্গেই এ ধরনের একাধিক অভিধান প্রকাশিত হয়েছে।

বাংলায় বোধ করি এটিই প্রথম এ জাতীয় অভিধান। কিছুকাল আগে কলকাতা থেকে অধ্যাপক ও সাহিত্য-সমালোচক অরুণ সেন 'বানানের অভিধান—বাংলা বানান ও বিকল্প বর্জন' (ডিসেম্বর ১৯৯৩) নামে যে গ্রন্থ প্রকাশ করেছেন তা সমগোত্রীয় হলেও তাতে কেবল

www.pathagar.com

কিছুসংখ্যক বিতর্কিত বানানের শব্দাবলি গ্রহণ করা হয়েছে। সে অর্থে বাংলা বানানের পূর্ণাঙ্গ অভিধান সেটি নয় এবং সে লক্ষ্যও সংকলকের ছিল না।

বাংলা বানানে যত ধরনের অসমঞ্জসতা ও বৈচিত্র্য দেখা যায় তা ব্যাকরণের নিয়মসূত্র প্রয়োগ করে ঠিক করতে গেলে শুধু বানান-বিষয়েই এক বৃহদাকার ব্যাকরণ রচনা করবার দরকার হয়ে পড়বে। কোনো যোগ্য ব্যক্তি ভবিষ্যতে হয়ত সে-কর্ম সম্পাদন করবেন। কিন্তু এ মুহূর্তে যা নিতান্তই প্রয়োজন, তা হলো বাংলা ভাষায় সাম্প্রতিককালে বানানের যে-ক্রমবর্ধমান নৈরাজ্য বিরাজ করছে তাকে যতটুকু সম্ভব শমিত করা, স্বেচ্ছাচার বন্ধ করা। বর্তমান অভিধানের উদ্দেশ্য এর অধিক কিছু নয়।

ধরে নেওয়া হয়েছে, যাঁরা অভিধানটি ব্যবহার করবেন তাঁরা অবিধানে অন্তর্ভুক্ত শব্দগুলোর সঙ্গে মোটামুটি পরিচিত। এ সব শব্দের বানানের ব্যাপারে নিশ্চিত না হলে অথবা একাধিক অভিধানসিদ্ধ বানানের মধ্যে কোনটিকে গ্রহণ করবেন তা নিয়ে দ্বিধান্বিত হলে এই অভিধান তাঁদের সাহায্য করবে।

এ পর্যন্ত বাংলা বানান-সংস্কার ও প্রমিতীকরণের যত চেষ্টা হয়েছে এখানে সে সম্পর্কে আলোকপাত করা সম্ভবত অপ্রাসঙ্গিক হবে না।

বানান বিতর্ক

বানান বিতর্ক বিষয়টি ব্যাপক। অনেকের ধারণা বাংলা বানানপদ্ধতি অত্যন্ত জটিল ও দুরূহ। দুটি জ, দুটি ণ, তিনটি শ, ত এবং ৎ-র প্রয়োগ, হ্রস্ব-দীর্ঘ স্বরের জন্য একাধিক চিহ্ন এবং কতক যুক্তব্যঞ্জনের অস্বচ্ছ রূপ বানান ও মুদ্রণপদ্ধতিকে আরো সমস্যাসংকুল করেছে।

দীর্ঘকাল যাবৎ বাংলা বানান সংস্কৃত ব্যাকরণের অনুশাসন অনুযায়ী চলে আসছিল। উনিশ শতকের গোড়ায় বাংলা গদ্যরীতিতে তদ্ভব, দেশী ও বিদেশী শব্দের ব্যবহার বৃদ্ধি পেতে থাকে। তখন থেকে ক্রমান্বয়ে অ-তৎসম শব্দের বানানে বিশৃঙ্খলা দেখা দিতে আরম্ভ করে।

বর্তমান শতাব্দীর বিশের দশকে বিশ্বভারতী চলতি ভাষার বানানের একটি নিয়ম স্থির করে। বানানের এই নিয়ম নির্ধারণ করে দেন সুনীতিকুমার চট্টোপাধ্যায় এবং তা দেখে দিয়েছিলেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী। অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশের উদ্যোগে ও রবীন্দ্রনাথের অনুমোদনক্রমে বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত রবীন্দ্ররচনাবলি ঐ বানানরীতি অনুসরণে মুদ্রিত হতে থাকে। এই নিয়মাবলি 'প্রবাসী' পত্রিকার ১৩৩২ বঙ্গাব্দের অগ্রহায়ণ (নভেম্বর-ডিসেম্বর ১৯২৬) সংখ্যায় ছাপা হয়।

এর পর ১৯৩৫ সালে রবীন্দ্রনাথের অনুরোধে কয়েকজন মনীষীকে নিয়ে 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতি' গঠিত হয়। ৮ মে ১৯৩৬ খ্রিষ্টাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম প্রকাশ করে এবং তার পরিমার্জিত তৃতীয় সংস্করণ বের করে ১৯৩৭-এর মে মাসে।

লক্ষ করবার মতো বিষয় হলো এই যে, বিশ্বভারতী বা কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রচারিত বাংলা বানানের নিয়মকানুন দেশের বিদ্বৎসমাজের প্রশ্নাতীত সমর্থন যেমন পায় নি, তেমনি সৃজনশীল সাহিত্যিকবর্গও তা সর্বাংশে মান্য করেন নি ; ফলে বানানের বিশৃঙ্খলা রয়েই গেল।

www.pathagar.com

দেশ বিভাগের পর ১৯৪৯ সালে তদানীন্তন পূর্ববঙ্গ সরকার মৌলানা মোহাম্মদ আকরম খাঁ-র নেতৃত্বে East Bengal Language Committee গঠন করে। এই কমিটি গঠনের অন্যতম লক্ষ্য ছিল বাংলা ভাষাকে 'পাকিস্তানের মানুষের প্রতিভা ও কৃষ্টির সঙ্গে সংগতিপূর্ণ' করা এবং সে-লক্ষ্যে বর্ণমালা সংস্কার, বানান-সংস্কার, লিপি-সংস্কার (আরবি বা রোমান হরফে বাংলা লেখা) ইত্যাদি প্রসঙ্গ বিবেচনা করা। পরবর্তী পর্যায়ে অবশ্য পূর্ববঙ্গ সরকার এই কমিটির রিপোর্ট প্রকাশ সমীচীন মনে করে নি। রিপোর্টটি প্রকাশিত হয় ১৯৫৮ সালে সামরিক শাসন প্রবর্তিত হবার পর।

১৯৬৩ সালে পুনরায় বাংলা একাডেমীর তদানীন্তন পরিচালক সৈয়দ আলী আহসানের নেতৃত্বে বানান-সংস্কারের জন্য একটি কমিটি গঠিত হয়। এই কমিটির সদস্যদের মধ্যে ছিলেন ড. মুহম্মদ শহীদুল্লাহ্, ড. মুহম্মদ এনামুল হক, কাজী মোতাহার হোসেন, অধ্যক্ষ ইব্রাহীম খাঁ, মুহম্মদ ফেরদাউস খান, মুনীর চৌধুরী এবং আবুল কাসেম। এই কমিটি বাংলা বর্ণমালা থেকে ঙ, ঃ, ঈ এবং ী-কার বাদ দেবার সুপারিশ করে। ২৮ মার্চ ১৯৬৭ খ্রিষ্টাব্দে ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র ব্যক্তিগত আগ্রহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পর্ষদ বাংলা ভাষা, ব্যাকরণ ও বর্ণমালা সংস্কার ও সরলায়নের জন্য আরো একটি কমিটি গঠন করে। অন্যান্যদের মধ্যে ড. মুহম্মদ এনামুল হক, অধ্যক্ষ ইব্রাহীম খাঁ, কাজী দীন মুহম্মদ, মুহম্মদ আবদুল হাই, মুনীর চৌধুরী এবং আবুল কাসেম এই কমিটির সদস্য ছিলেন। গঠনের প্রায় ১১ মাস পরে এই কমিটি শিক্ষা পর্ষদের বিবেচনার জন্য একটি সুপারিশ পেশ করে। যতদূর জানা যায় এই কমিটি বাংলা বর্ণমালা থেকে ঈ ঊ ঐ ঔ ঙ ঞ ণ ষ এবং ঈ-কার, ঊ-কার, ঐ-কার এবং ঔ-কার ইত্যাদি বর্জন, যুক্তবর্ণের উচ্ছেদ, ব-ফলা, ম-ফলা ও য-ফলার পরিবর্তে বর্ণদ্বিত্ব গ্রহণ, জ-য এবং স-শ ব্যবহারের জন্য নতুন নিয়ম উদ্ভাবন, এ-কার এবং ই-কারকে ব্যঞ্জনের ডান পাশে বসানোসহ কয়েকটি উদ্ভট প্রস্তাব ঐ সুপারিশের অন্তর্ভুক্ত। ঢাকা বিশ্ববিদ্যালয় সুপারিশটি গ্রহণ করলেও কখনো এই কমিটির রিপোর্ট প্রকাশ করে নি। উক্ত কমিটির সদস্যদের মধ্যে একমাত্র ড. মুহম্মদ এনামুল হক ছিলেন বাংলা ভাষা ও বানান সংস্কার প্রস্তাবের ঘোর বিরোধী এবং পূর্বাপর স্বমতনিষ্ঠ। তিনি কোনো সংস্কার প্রস্তাবে সই করেন নি। পরবর্তী পর্যায়ে মুহম্মদ এনামুল হক, মুহম্মদ আবদুল হাই এবং মুনীর চৌধুরী ২৪ ফেব্রুয়ারি ১৯৬৮ তারিখে স্বাক্ষরিত একটি যুক্ত বিবৃতিতে সংস্কার প্রস্তাবের বিরোধিতা করে এই মর্মে মত প্রকাশ করেন : '... আমরা মনে করি যে, বাংলা লিপিও বানান সরলায়ন ও সংস্কারের কোনো আশু প্রয়োজন নাই। এইরূপ কাজে হাত দিলে নিশ্চিতরূপে ভ্রান্তি বিভ্রান্তিতে পরিণত হইবে এবং পূর্ব-পাকিস্তানের বাঙলা ভাষার দ্রুত উন্নয়ন বিশেষভাবে ব্যাহত হইবে।' বলা বাহুল্য যে পূর্ববঙ্গের কবি, সাহিত্যিক, সাংবাদিক, শিক্ষাবিদ ও বুদ্ধিজীবীরাও স্বতঃস্ফূর্তভাবে এই সংস্কার প্রস্তাবের প্রবল বিরোধিতা করেন।

১৯৮০ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'বাংলা বানানের নিয়ম সমিতি' বাংলা বর্ণমালা থেকে ঙ, ঞ, ণ, ঈ-কার এবং য-ফলা বাদ দেবার প্রস্তাব করে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'বাংলা বানানের নিয়ম সমিতি'র এই প্রয়াস সফল হয় নি।

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রতিষ্ঠালগ্ন থেকেই লিপি সংস্কার, বানান সংস্কার, উচ্চারণ ও পরিভাষা কোষ প্রণয়ন ইত্যাদি বিভিন্ন বিষয়ে আলোচনা ও মতবিনিময়ের সূত্রপাত করে। ১৯৮৫ সালে অনুষ্ঠিত সেমিনারের উপর ভিত্তি করে পশ্চিমবঙ্গ বাংলা

www.pathagar.com

আকাদেমি 'বাংলা বানান সংস্কার : একটি ভিত্তিপত্র' প্রকাশ করে পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের পণ্ডিত ও বিশেষজ্ঞদের কাছে পাঠিয়ে তাঁদর মতামত সংগ্রহের উদ্যোগ নেয়।

১৯৯১ সালে আনন্দ পাবলিশার্স নীরেন্দ্রনাথ চক্রবর্তীর সম্পাদনায় 'বাংলা কী লিখবেন কেন লিখবেন' নামে আনন্দবাজার পত্রিকার নিজস্ব ব্যবহার-বিধি প্রকাশ করে। এ ছাড়াও উভয় বঙ্গে ভাষা বা বানান সংস্কারের কয়েকটি ব্যক্তিগত উদ্যোগ নেওয়া হয়। এঁদের মধ্যে আবুল হাসানাৎ, আবুল কাসেম, মোফাজ্জল হায়দার চৌধুরী, মুহম্মদ ফেরদাউস খান, জগন্নাথ চক্রবর্তী প্রমুখের প্রয়াস বিশেষভাবে উল্লেখযোগ্য।

বাংলা একাডেমীর প্রমিত বাংলা বানানের নিয়ম

বাংলা একাডেমী-র 'প্রমিত বাংলা বানানের নিয়ম'-এ (ডিসেম্বর ১৯৯২, পরিমার্জিত সংস্করণ জানুয়ারি ১৯৯৪) বানান বা লিপি সংস্কারের প্রয়াস করা হয় নি। কেবল বানানকে অভিন্ন ও প্রমিত করবার উদ্যোগ নেওয়া হয়েছে।

এর আগে পাঠ্যপুস্তকে বাংলো বানানের সমতা বিধানের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর উদ্যোগে কুমিল্লায় তিন দিনের (২১-২৩ অকটোবর) একটি কর্মশিবির অনুষ্ঠিত হয়। এই কর্মশিবিরের বিবেচ্য বিষয় ছিল :

'১. এ পর্যন্ত বাংলো বানানের যেসব নীতিমালা প্রণীত হয়েছে, তা পর্যালোচনা করা ;
২. একই শব্দের হ্রস্ব-দীর্ঘ বানানের মধ্যে কোন্‌টি গ্রহণীয়, সে সম্পর্কে নীতি নির্ধারণ করা ;
৩. যুক্তবর্ণের স্বচ্ছ ও স্পষ্ট রূপ ব্যবহারের প্রণালি স্থির করা ;
৪. বিদেশী শব্দের প্রতিবর্ণীকরণের নিয়ম নির্ধারণ করা ;
৫. উপরিউক্ত বিষয়ে সুপারিশের ভিত্তিতে পাঠ্যপুস্তকে বাংলা বানানের একটা পূর্ণাঙ্গ নীতিমালা ও বানান-নির্দেশিকা প্রণয়ন করা।'

কুমিল্লা কর্মশিবিরে গৃহীত সিদ্ধান্তের আলোকে ১৯৯২ সালের নভেম্বর মাসে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ড. আনিসুজ্জামানের সম্পাদনায় 'পাঠ্য বইয়ের বানান' নামে একটি পুস্তিকা প্রকাশ করে। এই পুস্তিকায় লিপিবদ্ধ নিয়ম অনুসরণ করে বোর্ডের বিদ্যালয়পাঠ্য পুস্তকাদি মুদ্রিত হতে আরম্ভ করে।

বর্তমান অভিধানে অনুসৃত বানান-নীতি

বাংলা একাডেমীর 'প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুসরণ করে এই অভিধানে তৎসম শব্দের বানান অপরিবর্তিত রাখা হয়েছে।

- যে-সব তৎসম শব্দে হ্রস্ব ও দীর্ঘ স্বরচিহ্ন উভয়ই সিদ্ধ সে-সব শব্দে কেবল হ্রস্ব স্বর ব্যবহৃত হয়েছে।
- রেফের পরে ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব বর্জন করা হয়েছে (যেমন ধর্ম্ম > ধর্ম, সূর্য্য>সূর্য)।
- ক খ গ ঘ এবং ক্ষ-র পূর্বে নাসিক্যবর্ণ যুক্তকরণের জন্য সর্বত্র ঙ লেখা হয়েছে।

এই নিয়ম পাঠ্যপুস্তক বোর্ড, কলকাতা বিশ্ববিদ্যালয় ও বিশ্বভারতীর নিয়মের সঙ্গে অভিন্ন। সন্ধিতে প্রথম পদের শেষে ম্ থাকলে ক-বর্গের পূর্বে ম স্থানে ং এবং বিকল্পে ঙ লেখা হয়েছে। 'ব্যাংক' শব্দটি প্রচলন অনুসরণ করে ং দিয়ে লেখা হয়েছে। পাঠ্যপুস্তক

www.pathagar.com

বোর্ডের বানান-নীতিতে কোনো বিকল্প না রেখে ম্ স্থানে কেবল ং লিখবার বিধান দেওয়া হয়েছে।

অ-তৎসম, তদ্ভব, দেশী, বিদেশী, অজ্ঞাতমূল এবং মিশ্র শব্দে ই এবং উ স্বর এবং আলি প্রত্যয়ান্ত শব্দে ই-কার ব্যবহার করা হয়েছে। সর্বনাম পদরূপে এবং বিশেষণ ও ক্রিয়া-বিশেষণ পদরূপে কী শব্দ ঈ-কার দিয়ে এবং অব্যয় পদরূপে কি শব্দ ই-কার দিয়ে লেখা হয়েছে।

সংস্কৃত মূল অনুসরণ করে ক্ষীর, ক্ষুর ও ক্ষেত ক্ষ দিয়ে লেখা হয়েছে।

বাংলা একাডেমীর প্রমিত বানানের নিয়মে অ-তৎসম এবং বিদেশী শব্দের বেলায় ণত্ববিধি ও ষত্ববিধি মানা হয় নি। পাঠ্যপুস্তক বোর্ডের নিয়মে চ-বর্গের পূর্বে সর্বত্র ঞ এবং অঘোষ চ-বর্গের কেবল শ, ট-বর্গের পূর্বে সর্বত্র ণ এবং অঘোষ ট-বর্গের পূর্বে কেবল ষ এবং ত-বর্গের পূর্বে সর্বত্র ন এবং অঘোষ ত-বর্গের পূর্বে কেবল স লিখবার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। পাঠ্যপুস্তক বোর্ডের নিয়মে ইসলাম ধর্ম-সংক্রান্ত কতকগুলো শব্দের বানান উচ্চারণ অনুসরণ করে জ-এর পরিবর্তে য দিয়ে লিখবার বিধান দেওয়া হয়েছে। বাংলা একাডেমীর প্রমিতীকরণের নিয়মে এসব শব্দের বানানে য এবং বিকল্পে জ লিখবার বিধান দেওয়া হয়েছে। ও, এ এবং অ্যা-স্বরের জন্য পাঠ্যপুস্তক বোর্ড, বাংলা একাডেমী, বিশ্বভারতী এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অভিন্ন।

বাংলা একাডেমীর 'প্রমিত বাংলা বানানের নিয়ম' (পরিশিষ্ট ক-তে পূর্ণ বিবরণ দ্রষ্টব্য) সম্পর্কে লক্ষণীয় বিষয় হলো যে, বাংলা একাডেমী কোনোরূপ বানান সংস্কারের প্রয়াস করে নি, কেবল দু-একটি ক্ষেত্রে বিকল্প বর্জন করেছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-অনুসৃত নিয়মাবলির দু-একটি ব্যতিক্রম বাদে সবই একাডেমী গ্রহণ করেছে। বাংলা একাডেমীর প্রমিত বাংলা বানানের নিয়ম বিশ্বভারতী ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের বানানের নিয়ম থেকে খুব দূরবর্তী নয়।

বর্তমান অভিধান সঙ্কলন ও স্বহস্তে বর্ণবিন্যাস করতে গিয়ে যে অভিজ্ঞতা হয়েছে তা থেকে জোর দিয়ে বলা যায় কয়েকটি বিকল্প বর্জন ব্যতীত কোনো প্রকার বানান সংস্কার বা বর্ণ বর্জনের প্রয়োজনীয়তা কখনো অনুভূত হয় নি। এ মুহূর্তে যা আশু প্রয়োজন তা হলো বাংলা লিপির নতুন ডিজাইন (সংস্কার নয়), যাতে সকল ব্যঞ্জন ও যুক্তব্যঞ্জনের সঙ্গে অভিন্ন ৃ ৄ ু ূ ্ ্ম ্ণ -চিহ্ন যুক্ত করা যায়। একটি উদারহরণ দিলে এই বাক্যের অর্থ পরিষ্কার হবে। যেমন ক গ অথবা ঘ-এর নিচে বা পাশে এই চিহ্নগুলো বসালে হবে খু গৃ ঘ্ন ..., কিন্তু ক-এর (অথবা ছ ঝ ড় হ ক্ত ক্র ক্ষ ঞ্চ ঞ্জ ষ্ণ ইত্যাদি বর্ণের) নিচে বা পাশে এই চিহ্নগুলো দিলে হবে কু কৃ ছু ডু হু ক্ম (ক্ + ম) ক্ষ্ণ (ক্ষ + ণ) ইত্যাদি। আবার এই বর্ণগুলোর জন্য স্বতন্ত্র চিহ্ন ব্যবহার করলে চেহারা হবে কু কূ কৃ ক্ম ক্ষ্ণ ছু ডু হু হূ হৃ। এইসব চিহ্নযুক্ত কয়েকটি ব্যঞ্জন ও যুক্তব্যঞ্জনের নন্দনতাত্ত্বিক শ্রীবর্ধনের জন্য এক দিকে যেমন অতিরিক্ত সময় নষ্ট হয় অন্য দিকে কমপিউটারের বাড়তি স্মৃতিশক্তি ব্যবহার করতে হয় এবং এ জন্য LASER মুদ্রণে অতিরিক্ত সময় ব্যয় হয়। এই সমস্যা সমাধানের জন্য ১৯৮৮ সালে সংকলকের নেতৃত্বে বাংলা একাডেমীর একটি কমিটি কমপিউটার ও মুদ্রাক্ষরযন্ত্রে ব্যবহারের জন্য প্রতিটি বর্ণ, বর্ণভেদ ও চিহ্নের জন্য registration mark-সহ পরিমাপ ও আপেক্ষিক অবস্থান নির্ধারণ করে দেয়। বাংলা একাডেমী কর্তৃক নির্ধারিত পরিমাপ অনুযায়ী টাইপ ফন্ট ডিজাইন করলে মুদ্রণে জটিলতা অনেকটা কমবে বলে আশা করা যায়।

www.pathagar.com

বর্ণানুক্রম

অভিধানে অনুসৃত বর্ণানুক্রমে অনুস্বার, বিসর্গ এবং চন্দ্রবিন্দুকে স্বরবর্ণ থেকে স্বতন্ত্র এবং ব্যঞ্জনবর্ণের ঠিক পূর্বে বিন্যাস করা হয়েছে। ড় ঢ় এবং য়-কে স্বতন্ত্র বর্ণের মর্যাদা দিয়ে যথাক্রমে ড, ঢ এবং য-এর পরে স্থান দেওয়া হয়েছে। বর্ণানুক্রমে হস্‌যুক্ত ব্যঞ্জন সাধারণত স্বরযুক্ত ব্যঞ্জনের পরে এবং যুক্তবর্ণের অব্যবহিত পূর্বে বিন্যাস করা হয়ে থাকে। সে যুক্তিতে ৎ-র (ত্ = ৎ) অবস্থান হওয়া উচিত স্বরযুক্ত ত-এর পরে এবং ত-এর যুক্তবর্ণ আরম্ভ হবার অব্যবহিত পূর্বে। বর্তমান অভিধানে ৎ-কে স্বতন্ত্র বর্ণের মর্যাদা দিয়ে এবং ত-এর যুক্তবর্ণের পরে বর্ণানুক্রমে লিপিবদ্ধ করা হয়েছে :

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ

ং ঃ ঁ ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত ৎ থ দ ধ ন

প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ

বানান-অভিধানে সাধারণত ব্যাকরণের সূত্র-নির্দেশ থাকবার কথা নয়। কিন্তু সংকলকের বিবেচনায় মনে হয়েছে—অন্তর্ভুক্ত শব্দটি বিশেষ্য, বিশেষণ না অব্যয় ইত্যাকার পদ পরিচিতি কিংবা শব্দটি ইন্‌-প্রত্যয়ান্ত কি না তার নির্দেশনা থাকলে অভিধানটির ব্যবহারযোগ্যতা বাড়বে। কাছাকাছি উচ্চারণের কিছু কিছু শব্দের এবং যে-সব শব্দের অর্থ গ্রহণে বিভ্রান্তির সম্ভাবনা রয়েছে, কেবল সে-ধরনের কিছু কিছু শব্দের অন্তর্ভুক্তির পাশে তৃতীয় বন্ধনীতে অর্থ এবং কোনো কোনো ক্ষেত্রে বাঁকা অক্ষরে উচ্চারণ, এবং কয়েকটি শব্দের প্রয়োগ নির্দেশ করা হয়েছে। প্রয়োগ দেখাবার জন্য যে-সব উদ্ধৃতি দেওয়া হয়েছে স্থান সংকুলানের জন্য তাদের রচয়িতার নাম দেওয়া হয় নি।

প্রণেতা দীর্ঘকাল যাবৎ বাংলাদেশ সরকারের পরিভাষা-সংক্রান্ত সচিব কমিটির সদস্য থাকার সূত্রে যে-সব পারিভাষিক শব্দ সরকার কর্তৃক গৃহীত বলে জানেন, এই অভিধানে সে-সব শব্দ অন্তর্ভুক্ত করা হয়েছে; তার মধ্যে কিছু কিছু অন্তর্ভুক্তির প্রতিশব্দ, বোধগম্যতার স্পষ্টতার লক্ষ্যে, ইংরেজিতে দেওয়া হয়েছে।

পূর্বেও উল্লেখ করা হয়েছে যে, বাংলা একাডেমীর প্রমিত বাংলা বানানের নিয়মে ক খ গ ঘ পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে ং এবং বিকল্পে ঙ লেখার স্বাধীনতা দেওয়া হয়েছে। এছাড়াও বিশেষ কয়েকটি আরবি শব্দের z ধ্বনির উচ্চারণ নির্দেশ করবার জন্য য এবং বিকল্পে জ লিখবার কথা হয়েছে। বাংলায় এমন কিছু শব্দ আছে যে-সব শব্দ চন্দ্রবিন্দু দিয়ে অথবা চন্দ্রবিন্দু ছাড়া লেখা যায় এবং এর ফলে অর্থ গ্রহণে কোনো বিভ্রান্তি ঘটে না। এই তিনটি ক্ষেত্র ছাড়া যতদূর সম্ভব এই অভিধানে বিকল্প বানান বর্জন করা হয়েছে।

অভিধানে নতুন শব্দ আসে লেখকদের কাছ থেকে। সাংবাদিক ও সাহিত্যিকেরা নতুন শব্দ তৈরি করেন, যা শব্দার্থ অভিধানে স্থান পেতে অনেকখানি সময় লেগে যায়। ঐ জাতীয় শব্দ বানান-অভিধানে থাকা সংগত বলে বিবেচিত হয়েছে। সময়ের স্বল্পতার জন্য এ কাজটি সুচারুরূপে সম্পন্ন হয় নি। কিছুটা অসম্পূর্ণতা রয়ে গেল। ভুলভ্রান্তি একেবারে নেই এমন কথা জোর দিয়ে বলা যাবে না বা ভুলভ্রান্তিকে মুদ্রণপ্রমাদ বলেও চালিয়ে দেওয়া যাবে না। এই অভিধানের বর্ণবিন্যাস নিজ হাতে ব্যক্তিগত কমপিউটারে করা ; এবং ভুলভ্রান্তির সমগ্র দায়দায়িত্ব সংকলকের নিজের। বাংলা একাডেমীর বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী স্বরচিহ্নের একাধিক রূপ বর্জন করে কেবল একটি করে রূপ রাখা হয়েছে এবং কয়েকটি

www.pathagar.com

যুক্তবর্ণের রূপকে স্বচ্ছ করা হয়েছে। নন্দনতাত্ত্বিক বিবেচনায় কিছু কিছু যুক্তবর্ণের প্রথাসিদ্ধ রূপ অপরিবর্তিত রাখা হয়েছে।

সহায়ক গ্রন্থপঞ্জি

কাজী আবদুল ওদুদ	ব্যবহারিক শব্দকোষ
জাতীয় গণমাধ্যম ইনসটিটিউট	ব্যাবহারিক উচ্চারণ অভিধান
জ্ঞানেন্দ্রমোহন দাস	বাঙ্গালা ভাষার অভিধান
রাজশেখর বসু	চলন্তিকা
শৈলেন্দ্র বিশ্বাস	সংসদ বাঙ্গালা অভিধান
সুবলচন্দ্র মিত্র	সরল বাঙ্গালা অভিধান
হরিচরণ বন্দ্যোপাধ্যায়	বঙ্গীয় শব্দকোষ
জামিল চৌধুরী	বানান ও উচ্চারণ
A M Macdonald	CHAMBERS TWENTIETH CENTURY DICTIONARY
Monier Monier-Williams	A SANSKRIT-ENGLISH DICTIONARY
	এবং বিভিন্ন পত্রপত্রিকা, সাময়িকী ও সরকারি নথিপত্র

ব্যবহৃত সংকেত-চিহ্ন

এই অভিধানে অনুজ্ঞা বা অনুরোধ ক্রিয়াস্থলে অনু-ক্রি, অব্যয়স্থলে অব্য, অশুদ্ধ প্রয়োগ বা প্রচলনস্থলে অশু-প্র, অসমাপিকা-ক্রিয়াস্থলে অস-ক্রি, ক্রিয়াস্থলে ক্রি, ক্রিয়া-বিশেষণস্থলে ক্রি-বিণ, ক্রিয়া-বিশেষ্যস্থলে ক্রি-বি, বিশেষ্যস্থলে বি, বিশেষণস্থলে বিণ, বিশেষণীয় বিশেষণস্থলে বিণ-বিণ, পুংলিঙ্গস্থলে পুং এবং স্ত্রীলিঙ্গস্থলে সংক্ষেপে স্ত্রীং লেখা হয়েছে। ইন্-প্রত্যয়ান্ত শব্দের পাশে বিন্, -ধিন্, -নিন্ ইত্যাদি সংকেত ব্যবহার করা হয়েছে।

কৃতজ্ঞতা

এই অভিধান প্রণয়নের কাজে যাঁরা সংকলককে বিশেষভাবে সাহায্য করেছেন তাঁদের সবার নাম লিখে শেষ করা যাবে না। কিন্তু যাঁদের নাম উল্লেখ না করলে কাজটি অসম্পূর্ণ রয়ে যাবে তাঁদের মধ্যে প্রথমেই রয়েছেন বাংলা একাডেমীর মহাপরিচালক মোহাম্মদ হারুন-উর-রশিদ। তাঁর ব্যক্তিগত আগ্রহ, উৎসাহ ও সহায়তা ছাড়া এত অল্প সময়ের মধ্যে এই অভিধান প্রকাশ করা সম্ভব হতো না। মূল্যবান পরামর্শ দিয়েছেন বশীর আল্‌হেলাল, আনিসুজ্জামান ও হায়াৎ মামুদ। প্রুফ সংশোধনের কাজে সাহায্য করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যাপক মাহবুবুল হক এবং বাংলা একাডেমী প্রেস ব্যবস্থাপক আশফাক-উল-আলম। সহায়তা দিয়েছেন ওবায়দুল ইসলাম এবং গবেষণা সংকলন ও ফোকলোর বিভাগ এবং বাংলো একাডেমী মুদ্রণালয়ের কর্মকর্তাবৃন্দ। এই অভিধান প্রণয়নের জন্য ব্যবহৃত শহীদলিপি সফটওয়্যারে কয়েকটি বর্ণভেদ এবং যুক্তবর্ণ তৈরি করে দিয়েছেন সাইফুদ্দাহার শহীদ ও শাব্বির শফিউল্লা। প্রতিটি পৃষ্ঠায় শিরোনাম বসাবার কাজে মোহাম্মদ শহীদুল ইসলাম ও সাইদুর রহমান নিষ্ঠার পরিচয় দিয়েছেন।

ঢাকা ২৫ বৈশাখ ১৪০১ জামিল চৌধুরী

www.pathagar.com

পরিশিষ্ট গ

[ব্যবহারিক অভিধানের পরিমার্জিত সংস্করণের পরিশিষ্ট হিসেবে মুদ্রণের পূর্বে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কমিটির নিকট 'বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম'-এর মধ্যকার কিছু অসঙ্গতির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ২৭ নভেম্বর ২০০০ তারিখে উক্ত কমিটির একটি সভায় তা আলোচিত হয় এবং কিছু সংশোধনী গ্রহণ করা হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন প্রফেসর আনিসুজ্জামান, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, জনাব জামিল চৌধুরী এবং জনাব সেলিনা হোসেন। সংশোধিত 'নিয়ম'টি এখানে মুদ্রিত হলো।]

বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম

মুখবন্ধ

উনিশ শতকের আগে পর্যন্ত বাংলা বানানের নিয়ম বলতে বিশেষ কিছু ছিল না। উনিশ শতকের সূচনায় যখন বাংলা সাহিত্যের আধুনিক পর্ব শুরু হলো, বাংলা সাহিত্যিক গদ্যের উন্মেষ হলো, তখন মোটামুটি সংস্কৃত ব্যাকরণের অনুশাসন-অনুযায়ী বাংলা বানান নির্ধারিত হয়। কিন্তু বাংলা ভাষায় বহু তৎসম অর্থাৎ সংস্কৃত শব্দ থাকলেও অর্ধ-তৎসম, তদ্‌ভব, দেশী, বিদেশী শব্দের পরিমাণ কম নয়। এ-ছাড়া রয়েছে তৎসম অ-তৎসম প্রত্যয়, বিভক্তি, উপসর্গ ইত্যাদি সহযোগে গঠিত নানারকমের মিশ্র শব্দ। তার ফলে বানান নির্ধারিত হলেও বাংলা বানানের সমতাবিধান সম্ভবপর হয় নি। তাছাড়া, বাংলা ভাষা ক্রমাগত সাধু রীতির নির্মোক ত্যাগ করে চলিত রূপ পরিগ্রহ করতে থাকে। তার উপর, অন্য অনেক ভাষার মতো বাংলারও লেখ্য রূপ সম্পূর্ণ ধ্বনিভিত্তিক নয়। তাই বাংলা বানানের অসুবিধাগুলি চলতেই থাকে। এই অসুবিধা ও অসঙ্গতি দূর করার জন্য প্রথমে বিশ শতকের বিশের দশকে বিশ্বভারতী এবং পরে ত্রিশের দশকে কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম নির্ধারণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র সহ অধিকাংশ পণ্ডিত ও লেখক সমর্থন করেন। এখন পর্যন্ত এই নিয়মই আদর্শ নিয়মরূপে মোটামুটি অনুসৃত হচ্ছে।

তবু বাংলা বানানের সম্পূর্ণ সমতা বা অভিন্নতা যে প্রতিষ্ঠিত হয়েছে তা নয়। বরং কালে কালে বানানের বিশৃঙ্খলা যেন বেড়ে গেছে। কতকগুলি শব্দের ক্ষেত্রে দেখা যায় নানাজনে নানারকম বানান লিখছেন। বাংলার মতো উন্নত ভাষার পক্ষে এটি গৌরবের কথা নয়। বানানের এইসব বিভিন্নতা ও বিশৃঙ্খলার কী কী ভাষাতাত্ত্বিক, ধ্বনিতাত্ত্বিক, এমনকি সামাজিক কারণ থাকতে পারে এখানে সে-আলোচনার দরকার নেই। তবে অনেক চলমান ও বর্ধিষ্ণু ভাষাতেই দীর্ঘকাল জুড়ে ধীরে ধীরে বানানের কিছু কিছু পরিবর্তন হতে দেখা যায়। তখন এক সময় বানানের নিয়ম নতুন করে বেঁধে দেওয়ার বা সূত্রবদ্ধ করার প্রয়োজন হয়। পূর্বে বলেছি, এ-যাবৎ কলকাতা বিশ্ববিদ্যালয়-নির্দেশিত নিয়ম আমরা অনুসরণ করে চলেছি। কিন্তু আধুনিক কালের দাবি-অনুযায়ী, নানা বানানের যে-সব বিশৃঙ্খলা ও বিভ্রান্তি আমরা দেখছি সেই পরিপ্রেক্ষিতে বানানের নিয়মগুলিকে আর একবার সূত্রবদ্ধ করার প্রয়োজন দেখা দিয়েছে। বিশেষত কলকাতা বিশ্ববিদ্যালয়-নির্দেশিত নিয়মে বিকল্প ছিল কিছু বেশি। বিকল্প

www.pathagar.com

হয়তো একেবারে পরিহার করা যাবে না, কিন্তু যথাসাধ্য তা কমিয়ে আনা দরকার। এইসব কারণে বাংলা একাডেমী বাংলা বানানের বর্তমান নিয়ম নির্ধারণ করছে।

বাংলাদেশে এ-কাজ হয়তো আগে হওয়া উচিত ছিল। ১৯৪৭-এর পর সরকার, কয়েকটি প্রতিষ্ঠান ও কোনো কোনো ব্যক্তি বাংলা বানান ও লিপির সংস্কারের চেষ্টা করেন। কিন্তু সে-চেষ্টা কখনো সফল হয় নি। আমরা এই নিয়মে বানান বা লিপির সংস্কারের প্রয়াস না করে বানানকে নিয়মিত, অভিন্ন ও প্রমিত করার ব্যবস্থা করেছি। এ-কাজ করার দাবি অনেক দিনের। এবং তা যে বাংলাদেশে একেবারে হয় নি সে-কথাও ঠিক বলা চলে না। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ১৯৮৮ সালে কর্মশালা করে ও বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করেছেন। বোর্ড এই নিয়ম করেছেন প্রাথমিক শিক্ষার পর্যায়ে পাঠ্যপুস্তকে ব্যবহারের জন্য। সেই নিয়মের খসড়া থেকে আমরা সাহায্য নিয়েছি এবং সেজন্য আমরা বোর্ডের প্রতি কৃতজ্ঞ। বলা বাহুল্য, বিশ্বভারতী ও কলকাতা বিশ্ববিদ্যালয় এই ক্ষেত্রে যে পথিকৃতের কাজ করেছিলেন তার জন্য সকল বাঙালিই তাঁদের কাছে কৃতজ্ঞ। এ-ছাড়া বহু অভিধানপ্রণেতার সাহায্য আমরা গ্রহণ করেছি। তাঁদের প্রতিও আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি।

এই নিয়ম সুপারিশ করার জন্য বাংলা একাডেমী নিম্নরূপ বিশেষজ্ঞ কমিটি গঠন করেন :

প্রফেসর আনিসুজ্জামান, সভাপতি ;
প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, সদস্য ;
জনাব জামিল চৌধুরী, সদস্য ;
অধ্যাপক নরেন বিশ্বাস, সদস্য ; এবং
জনাব বশীর আল্‌হেলাল, সদস্য-সচিব।

এখন থেকে বাংলা একাডেমী তার সকল কাজে, তার বই ও পত্র-পত্রিকায় এই বানান ব্যবহার করবে। ভাষা ও সাহিত্যের জাতীয় প্রতিষ্ঠানরূপ বাংলা একাডেমী সংশ্লিষ্ট সকলকে—লেখক, সাংবাদিক, শিক্ষক, বুদ্ধিজীবী এবং বিশেষভাবে সংবাদপত্রগুলিকে—সরকারি ও বে-সরকারি সকল প্রতিষ্ঠানকে এই বানান ব্যবহারের সুপারিশ ও অনুরোধ করছে।

প্রতিটি নিয়মের সঙ্গে বেশি করে উদাহরণ দেওয়া হয়েছে যাতে নিয়মটি বুঝতে সুবিধা হয়। অদূর ভবিষ্যতে এই নিয়মানুগ, যতদূর সম্ভব বৃহৎ একটি শব্দকোষ সংকলনও প্রকাশের ইচ্ছা আমাদের রয়েছে।

আর একটি কথা। আমরা আগে ইঙ্গিত করেছি, এটি কোনো বানান-সংস্কারের প্রয়াস নয়। আমরা কেবল বানানের নিয়ম বেঁধে দিয়েছি, বরং বলা যায়, বানানের নিয়মগুলিকে ব্যবহারকারীর সামনে তুলে ধরেছি। এইসব নিয়ম বা এইসব বানানে ব্যাকরণের বিধান লঙ্ঘন করা হয় নি।

তৎসম শব্দ

১.০১. তৎসম অর্থাৎ বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দের বানান যথাযথ ও অপরিবর্তিত থাকবে। কারণ এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে।

১.০২. তবে যে-সব তৎসম শব্দে ই ঈ বা উ ঊ উভয় শুদ্ধ সেইসব শব্দে কেবল ই বা উ এবং তার-কারচিহ্ন ি ু ব্যবহৃত হবে। যেমন : কিংবদন্তি, খঞ্জনি, চিৎকার, ধমনি, ধূলি, পঞ্জি, পদবি, ভঙ্গি, মঞ্জরি, মসি, লহরি, সরণি, সূচিপত্র, ঊর্ণা, উষা।

www.pathagar.com

১.০৩. রেফ-এর পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : অর্চনা, অর্জন, অর্থ, অর্ধ, কর্দম, কর্তন, কর্ম, কার্য, গর্জন, মূর্ছা, কার্তিক, বার্ধক্য, বার্তা, সূর্য।

১.০৪. ক খ গ ঘ পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার (ং) লেখা যাবে। যেমন : অহংকার, ভয়ংকর, সংগীত, শুভংকর, হৃদয়ংগম, সংঘটন। বিকল্পে ঙ লেখা যাবে। ক্ষ-এর পূর্বে ঙ্ হবে। যেমন : আকাঙ্ক্ষা।

অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দ

২.০১. **ই ঈ উ ঊ**

সকল অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দে কেবল ই এবং উ এবং এদের-কার চিহ্ন ি ু ব্যবহৃত হবে। এমনকি স্ত্রীবাচক ও জাতিবাচক ইত্যাদি শব্দের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে। যেমন গাড়ি, চুরি, দাড়ি, বাড়ি, ভারি, শাড়ি, তরকারি, বোমাবাজি, দাবি, হাতি, বেশি, খুশি, হিজরি, আরবি, ফারসি, ফরাসি, বাঙালি, ইংরেজি, জাপানি, জার্মানি, ইরানি, হিন্দি, সিন্ধি, ফিরিঙ্গি, সিঙ্গি, ছুরি, টুপি, সরকারি, মালি, পাগলামি, পাগলি, দিঘি, কেরামতি, রেশমি, পশমি, পাখি, ফরিয়াদি, আসামি, বে-আইনি, ছড়ি, কুমির, নানি, দাদি, বিবি, মামি, চাচি, মাসি, পিসি, দিদি, বুড়ি, ছুঁড়ি, নিচে, নিচু, ইমান, চুন, পুব, ভুখা, মুলা, পুজো, উনিশ, উনচল্লিশ।

অনুরূপভাবে -আলি প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে। যেমন : খেয়ালি, বর্ণালি. মিতালি, সোনালি, হেঁয়ালি।

তবে কোনো কোনো স্ত্রীবাচক শব্দের শেষে ঈ-কার দেওয়া যেতে পারে। যেমন : রানী, পরী, গাভী।

সর্বনাম পদরূপে এবং বিশেষণ ও ক্রিয়া-বিশেষণ পদরূপে কী শব্দটি ঈ-কার দিয়ে লেখা হবে। যেমন : কী করছ? কী পড়ো।? কী খেলে? কী আর বলব? কী জানি? কী যে করি! তোমার কী? এটা কী বই? কী করে যাব? কী বুদ্ধি নিয়ে এসেছিলে। কী আনন্দ! কী দুরাশা!

অন্য ক্ষেত্রে অব্যয় পদরূপে ই-কার দিয়ে কি শব্দটি লেখা হবে। যেমন : তুমিও কি যাবে? সে কি এসেছিল ? কি বাংলা কি ইংরেজি উভয় ভাষায় তিনি পারদর্শী।

পদাশ্রিত নির্দেশক টি-তে ই-কার হবে। যেমন : ছেলেটি, লোকটি, বইটি।

২.০২. **ক্ষ**

ক্ষীর, ক্ষুর ও ক্ষেত শব্দ খির, খুর ও খেত না লিখে সংস্কৃত মূল অনুসরণে ক্ষীর, ক্ষুর ও ক্ষেত-ই লেখা হবে। তবে অ-তৎসম শব্দ খুদ, খুদে, খুর, খেপা. খিধে, ইত্যাদি লেখা হবে।

২.০৩. **মূর্ধন্য ণ, দন্ত্য ন**

তৎসম শব্দের বানানে ণ, ন-য়ের নিয়ম ও শুদ্ধতা রক্ষা করতে হবে। এ-ছাড়া তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র কোনো শব্দের বানানে ণত্ব-বিধি, মানা হবে না অর্থাৎ ণ ব্যবহার করা হবে না। যেমন : অঘ্রান, ইরান, কান, কোরান, গুনতি, গোনা, ঝরনা, ধরন, পরান, সোনা, হর্ন।

তৎসম শব্দে ট ঠ ড ঢ-য়ের পূর্বে ণ হয়, যেমন : কণ্টক, লুণ্ঠন, প্রচণ্ড। কিন্তু তৎসম ছাড়া অন্য সকল শব্দের ক্ষেত্রে ট ঠ ড ঢ-য়ের আগেও কেবল ন হবে। অ-তৎসম শব্দে যুক্তাক্ষরের বানানের জন্য ৪.০১ দ্রষ্টব্য।

www.pathagar.com

২.০৪. **শ, ষ, স**

তৎসম শব্দের বানানে শ,ষ, স-য়ের নিয়ম মানতে হবে। এ-ছাড়া অন্য কোনো ক্ষেত্রে সংস্কৃতের ষত্ব-বিধি প্রযোজ্য হবে না।

বিদেশী মূল শব্দে শ, স-য়ের যে প্রতিষঙ্গী বর্ণ বা ধ্বনি রয়েছে বাংলা বানানে তাই ব্যবহার করতে হবে। যেমন ; সাল (=বৎসর), সন, হিসাব, শহর, শরবত, শামিয়ানা, শখ, শৌখিন, মসলা, জিনিস, আপস, সাদা, পোশাক, বেহেশ্‌ত, নাশতা, কিশমিশ, শরম, শয়তান, শার্ট, স্মার্ট। তবে পুলিশ শব্দটি ব্যতিক্রমরূপে শ দিয়ে লেখা হবে । তৎসম শব্দে ট, ঠ বর্ণের পূর্বে ষ হয়। যেমন : বৃষ্টি, দুষ্ট, নিষ্ঠা, পৃষ্ঠা। কিন্তু বিদেশী শব্দে এই ক্ষেত্রে স হবে। যেমন : স্টল, স্টাইল, স্টিমার, স্টুডিয়ো, স্টেশন, স্টোর, স্ট্রিট।

কিন্তু খ্রিষ্ট যেহেতু বাংলায় আত্তীকৃত শব্দ এবং এর উচ্চারণও হয় তৎসম কৃষ্টি, তুষ্ট, ইত্যাদি শব্দের মতো, তাই ষ্ট দিয়ে খ্রিষ্ট শব্দটি লেখা হবে।

২.০৫. আরবি-ফারসি শব্দে 'সে', 'সিন', 'সোয়াদ' বর্ণগুলির প্রতিবর্ণরূপে স, এবং 'শিন্' -এর প্রতিবর্ণ-রূপ শ ব্যবহৃত হবে। যেমন : সালাম, তসলিম, ইসলাম, মুসলিম, মুসলমান, সালাত, এশা, শাবান (হিজরি মাস), শাওয়াল (হিজরি মাস), বেহেশ্‌ত।

এই ক্ষেত্রে স-এর পরিবর্তে ছ লেখার কিছু কিছু প্রবণতা দেখা যায়, তা ঠিক নয়। তবে যেখানে বাংলায় বিদেশী শব্দের বানান সম্পূর্ণ পরিবর্তিত হয়ে স ছ-য়ের রূপ লাভ করেছে সেখানে ছ ব্যবহার করতে হবে। যেমন : পছন্দ, মিছিল, মিছরি, তছনছ।

২.০৬. ইংরেজি ও ইংরেজির মাধ্যমে আগত বিদেশী শ বর্ণ বা ধ্বনির জন্য স এবং সা, -sion, ssion, -tion প্রভৃতি বর্ণগুচ্ছ বা ধ্বনির জন্য শ ব্যবহৃত হবে। তবে question ইত্যাদি শব্দে বানান অন্যরূপ, যেমন কোএস্‌চন্ হতে পারে।

২.০৭. **জ, য**

বাংলায় প্রচলিত বিদেশী শব্দ সাধারণভাবে বাংলা ভাষার ধ্বনিপদ্ধতি-অনুযায়ী লিখতে হবে। যেমন : কাগজ, জাহাজ, হুকুম, হাসপাতাল, টেবিল, পুলিশ, ফিরিস্তি, হাজার, বাজার, জুলুম, জেব্রা।

কিন্তু ইসলাম ধর্ম-সংক্রান্ত কয়েকটি বিশেষ শব্দে 'যে' 'যাল' 'যোয়াদ' 'যেই' রয়েছে, যার ধ্বনি ইংরেজি z-এর মতো, সে-ক্ষেত্রে উক্ত আরবি বর্ণগুলির জন্য য ব্যবহৃত হতে পারে। যেমন : আযান, এযিন, ওযু, কাযা, নামায, মুয়ায্‌যিন, যোহর, রমযান, তবে কেউ ইচ্ছা করলে এই ক্ষেত্রে য-এর পরিবর্তে জ ব্যবহার করতে পারেন।

জাদু, জোয়াল, জো, ইত্যাদি শব্দ জ দিয়ে লেখা বাঞ্ছনীয়।

২.০৮. **এ, অ্যা**

বাংলায় এ বা ে-কার দ্বারা অবিকৃত এ এবং বিকৃত বা বাঁকা অ্যা এই উভয় উচ্চারণ বা ধ্বনি নিষ্পন্ন হয়। তৎসম বা সংস্কৃত ব্যাস, ব্যায়াম, ব্যাহত, ব্যাপ্ত, জ্যামিতি, ইত্যাদি শব্দের বানান অনুরূপভাবে লেখার নিয়ম রয়েছে। অনুরূপ তৎসম এবং বিদেশী শব্দ ছাড়া অন্য সকল বানানে অবিকৃত-বিকৃত নির্বিশেষে এ

www.pathagar.com

বা ে-কার হবে। যেমন : দেখে, দেখি, যেন, জেনো, কেন, কেনো (ক্রয় করো), গেল, গেলে, গেছে।

বিদেশী শব্দে অবিকৃত উচ্চারণের ক্ষেত্রে এ বা ে-কার ব্যবহৃত হবে। যেমন : এন্ড, নেট, বেড, শেড।

বিদেশী শব্দে বিকৃত বা বাঁকা উচ্চারণে অ্যা বা ্যা ব্যবহৃত হবে। যেমন অ্যান্ড, অ্যাবসার্ড, অ্যাসিড, ক্যাসেট, ব্যাক, ম্যানেজার, হ্যাট।

তবে কিছু তদ্‌ভব এবং বিশেষভাবে দেশী শব্দ রয়েছে যার ্যা-কারযুক্ত রূপ বহুল-পরিচিত। যেমন : ব্যাঙ, চ্যাঙ, ল্যাঙ, ল্যাঠা। এসব শব্দে ্যা অপরিবর্তিত থাকবে।

২.০৯. **ও**

বাংলায় অ-কারের উচ্চারণ বহুক্ষেত্রে ও-কার হয়। এই উচ্চারণকে লিখিত রূপ দেওয়ার জন্য ক্রিয়াপদের বেশ কয়েকটি রূপের এবং কিছু বিশেষণ ও অব্যয় পদের শেষে, কখনো আদিতে অনেক যথেচ্ছভাবে ো-কার ব্যবহার করছেন। যেমন ছিলো, করলো, বলতো, কোরছ, হোলে, যেনো, কেনো (কীজন্য), ইত্যাদি ও-কারযুক্ত বানান লেখা হচ্ছে। বিশেষ ক্ষেত্রে ছাড়া অনুরূপ ো-কার ব্যবহার করা হবে না। বিশেষ ক্ষেত্রের মধ্যে রয়েছে এমন অনুজ্ঞাবাচক ক্রিয়াপদ এবং বিশেষণ ও অব্যয় পদ বা অন্য শব্দ যার শেষে ো-কার যুক্ত না করলে অর্থ অনুধাবনে ভ্রান্তি বা বিলম্ব ঘটতে পারে। যেমন : ধরো, চড়ো, বলো, বোলো, জেনো, কেনো (ক্রয় করো), করানো, খাওয়ানো, শেখানো, করাতো, মতো, ভালো, আলো, কালো, হলো।

২.১০. **ং, ঙ**

তৎসম শব্দে ং এবং ঙ যেখানে যেমন ব্যবহার্য ও ব্যাকরণসম্মত সেইভাবে ব্যবহার করতে হবে। এ-সম্পর্কে পূর্বে ১.০৪ অনুচ্ছেদে কিছু নিয়মের কথা বলা হয়েছে। তদ্‌ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দের বানানের ক্ষেত্রে ওই নিয়মের বাধ্যবাধকতা নেই। তবে এই ক্ষেত্রে প্রত্যয় ও বিভক্তিহীন শব্দের শেষে সাধারণভাবে অনুস্বার (ং) ব্যবহৃত হবে। যেমন : রং, সং, পালং, ঢং, রাং, গাং। তবে শব্দে অব্যয় বা বিভক্তি যুক্ত হলে কিংবা পদের মধ্যে বা শেষে স্বরচিহ্ন থাকলে ঙ হবে। যেমন : বাঙালি, ভাঙা, রঙিন, রঙের। বাংলা ও বাংলাদেশ শব্দ-দুটি ং দিয়ে লিখতে হবে, বাংলাদেশের সংবিধানে তাই করা হয়েছে।

২.১১. **রেফ (র্) ও দ্বিত্ব**

তৎসম শব্দের অনুরূপ বানানের ক্ষেত্রে যেমন পূর্বে বলা হয়েছে, অ-তৎসম সকল শব্দেও রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : কর্জ, কোর্তা, মর্দ, সর্দার।

২.১২ **বিসর্গ**

শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন : কার্যত, মূলত, প্রধানত, প্রয়াত, বস্তুত, ক্রমশ, প্রায়শ।

পদমধ্যস্থ বিসর্গ থাকবে। তবে অভিধানসিদ্ধ হলে পদমধ্যস্থ বিসর্গ বর্জনীয়। যেমন : দুস্থ, নিস্পৃহ।

www.pathagar.com

২.১৩ **-আনো প্রত্যয়ান্ত শব্দ**

-আনো প্রত্যয়ান্ত শব্দের শেষে ো-কার যুক্ত করা হবে। যেমন : করানো, বলানো, খাওয়ানো, পাঠানো, নামানো, শোয়ানো।

২.১৪ **বিদেশী শব্দ ও যুক্তবর্ণ**

বাংলায় বিদেশী শব্দের বানানে যুক্তবর্ণকে বিশ্লিষ্ট করার প্রবণতা দেখা যাচ্ছে। যুক্তবর্ণের সুবিধা হচ্ছে তা উচ্চারণের দ্বিধা দূর করে। তাই ব্যাপকভাবে বিদেশী শব্দের বানানে যুক্তবর্ণ বিশ্লিষ্ট করা অর্থাৎ ভেঙে দেওয়া উচিত নয়। শব্দের আদিতে তো অনুরূপ বিশ্লেষ সম্ভবই নয়। যেমন : স্টেশন, স্ট্রিট, স্প্রিট, স্প্রিং। তবে কিছু কিছু বিশ্লেষ করা যায়। যেমন : সেপটেম্বর, অকটোবর, মার্ক্স, শেক্স্পিয়র, ইস্রাফিল।

২.১৫. **হস্-চিহ্ন**

হস্চিহ্ন যথাসম্ভব বর্জন করা হবে। যেমন : কাত, মদ, চট, ফটফট, কলকল, ঝরঝর, তছনছ, জজ, টন, হুক, চেক, ডিশ, করলেন, বললেন, শখ, টাক, টক। তবে যদি ভুল উচ্চারণের আশঙ্কা থাকে তাহলে হস্-চিহ্ন ব্যবহার করা যেতে পারে। যেমন : উহ্, যাহ্।

যদি অর্থের বিভ্রান্তির আশঙ্কা থাকে তাহলেও তুচ্ছ অনুজ্ঞায় হস্-চিহ্ন ব্যবহার করা যেতে পারে। যেমন : কর্, ধর্, মর্, বল্।

২.১৬. **ঊর্ধ্ব-কমা**

ঊর্ধ্ব-কমা যথাসম্ভব বর্জন করা হবে। যেমন : করল (=করিল), ধরত, বলে (=বলিয়া), হয়ে, দু জন, চার শ, চাল (=চাউল), আল (=আইল)।

বিবিধ

৩.০১ যুক্ত-ব্যঞ্জনবর্ণগুলি যতদূর সম্ভব স্বচ্ছ করতে হবে অর্থাৎ পুরাতন রূপ বাদ দিয়ে এগুলির স্পষ্ট রূপ দিতে হবে। তার জন্য কতকগুলি স্বরচিহ্নকে বর্ণের নিচে বসাতে হবে। যেমন গু, রু, শু, দ্রু, শ্রু, রূ, ভ্রু, হু, ত্রু, ভ্র।

তবে ক্ষ-এর পরিচিত যুক্ত-রূপ অপরিবর্তিত থাকবে।

৩.০২. সমাসবদ্ধ পদগুলি একসঙ্গে লিখতে হবে, মাঝখানে ফাঁক রাখা চলবে না। যেমন : সংবাদপত্র, অনাস্বাদিতপূর্ব, পূর্বপরিচিত, রবিবার, মঙ্গলবার, স্বভাবগতভাবে, লক্ষ্যভ্রষ্ট, বারবার, বিষাদমণ্ডিত, সমস্যাপূর্ণ, অদৃষ্টপূর্ব, দৃঢ়সঙ্কল্প, সংযতবাক, নেশাগ্রস্ত, পিতাপুত্র।

বিশেষ প্রয়োজনে সমাসবদ্ধ পদটিকে একটি, কখনো একটির বেশি হাইফেন (-) দিয়ে যুক্ত করা যায়। যেমন মা-মেয়ে, মা-ছেলে, বেটা-বেটি, বাপ-বেটা, ভবিষ্য-তহবিল, সর্ব-অঙ্গ, বে-সামরিক, স্থল-জল-আকাশ-যুদ্ধ, কিছু-না-কিছু।

৩.০৩. বিশেষণ পদ সাধারণভাবে পরবর্তী পদের সঙ্গে যুক্ত হবে না। যেমন : সুনীল আকাশ, স্তব্ধ মধ্যাহ্ন, সুগন্ধ ফুল, লাল গোলাপ, ভালো দিন, সুন্দরী মেয়ে। কিন্তু যদি সমাসবদ্ধ পদ অন্য বিশেষ্য বা ক্রিয়াপদের গুণ বর্ণনা করে তাহলে স্বভাবতই সেই যুক্তপদ একসঙ্গে লিখতে হবে। যেমন : কতদূর যাবে, একজন অতিথি,

www.pathagar.com

তিনহাজার টাকা, বেশির-ভাগ ছেলে, শ্যামলা-বরন মেয়ে। তবে কোথাও কোথাও সংখ্যাবাচক শব্দ একসঙ্গে লেখা যাবে। যেমন : দুজনা।

৩.০৪. নাই, নেই, না, নি এই নঞর্থক অব্যয় পদগুলি শব্দের শেষে যুক্ত না হয়ে পৃথক থাকবে। যেমন : বলে নাই, যাই নি, পাব না, অর মা নাই, আমার ভয় নেই।

তবে শব্দের পূর্বে নঞর্থক উপসর্গরূপে না উত্তরপদের সঙ্গে যুক্ত থাকবে। যেমন : নারাজ, নাবালক, নাহক।

অর্থ পরিস্ফুট করার জন্য কোনো কোনো ক্ষেত্রে প্রয়োজন অনুভূত হলে না-এর পর হাইফেন ব্যবহার করা যায়। যেমন : না-বলা বাণী, না-শোনা কথা, না-গোনা পাখি।

৩.০৫. উদ্ধৃতি মূলে যেমন আছে ঠিক তেমনি লিখতে হবে। কোনো পুরাতন রচনায় যদি বানান বর্তমান নিয়মের অনুরূপ না হয়, উক্ত রচনার বানানই যথাযথভাবে উদ্ধৃত করতে হবে। উদ্ধৃত রচনায় বানানের ভুল বা মুদ্রণের ত্রুটি থাকে, ভুলই উদ্ধৃত করে তৃতীয় বন্ধনীর মধ্যে বানানটির উল্লেখ করতে হবে। এক বা দুই ঊর্ধ্ব-কমার দ্বারা উদ্ধৃত অংশকে চিহ্নিত করতে হবে। তবে উদ্ধৃত অংশকে যদি ইনসেট করা হয় তাহলে ঊর্ধ্ব-কমার চিহ্ন ব্যবহার করতে হবে না। তাছাড়া কবিতা যদি মূল চরণ-বিন্যাস অনুযায়ী উদ্ধৃত হয় এবং কবির নামের উল্লেখ থাকে সে-ক্ষেত্রেও উদ্ধৃতি-চিহ্ন দেওয়ার দরকার নেই। ইনসেট না হলে গদ্যের উদ্ধৃতিতে প্রথমে ও শেষে উদ্ধৃতি-চিহ্ন দেওয়া ছাড়াও প্রত্যেক অনুচ্ছেদের প্রারম্ভে উদ্ধৃতি-চিহ্ন দিতে হবে। প্রথমে, মধ্যে বা শেষে উদ্ধৃত রচনার কোনো অংশ যদি বাদ দেয়া হয় অর্থাৎ উদ্ধৃত করা না হয়, দেওয়ার স্থানগুলিকে তিনটি বিন্দু বা ডট (অবলোপ-চিহ্ন) দ্বারা চিহ্নিত করতে হবে। গোটা অনুচ্ছেদ, স্তবক বা একাধিক ছত্রের কোনো বৃহৎ অংশ বাদ দেওয়ার ক্ষেত্রে তিনটি তারকার দ্বারা একটি ছত্র রচনা করে ফাঁকগুলিকে চিহ্নিত করতে হবে।

কোনো পুরাতন রচনার অভিযোজিত বা সংক্ষেপিত পাঠে অবশ্য পুরাতন বানানকে বর্তমান নিয়ম-অনুযায়ী পরিবর্তিত করা যেতে পারে।

৪.০১ **ণত্ব-বিধি সম্পর্কে দুই মত**

অ-তৎসম শব্দের যুক্তাক্ষরের বানানের ক্ষেত্রে কমিটির সদস্যগণ একমত হতে পারেন নি। একটি মতে বলা হয়েছে যে, এসব শব্দে যুক্তাক্ষরে ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ হবে। যথা : ঘণ্টা, লণ্ঠন, গুণ্ডা। অন্যমতে বলা হয়েছে যে, এসব শব্দের যুক্তাক্ষরে ন্ট, ন্ঠ, ন্ড, ন্ঢ ব্যবহৃত হবে। যথা : ঘন্টা, প্যান্ট, প্রেসিডেন্ট, লন্ঠন গুন্ডা, পান্ডা, ব্যান্ড, লন্ডভন্ড।

চলতি ভাষায় ক্রিয়াপদের কতকগুলি রূপ

হ-ধাতু: হয়, হন, হও, হস, হই। হচ্ছে। হয়েছে। হোক, হোন, হও, হ। হলো, হলে, হলাম। হতো। হচ্ছিল। হয়েছিল। হবো, হবে। হয়ো, হস। হতে, হয়ে, হলে, হবার (হওয়ার), হওয়া।

খা-ধাতু: খায়, খাও, খান, খাস, খাই। খাচ্ছে। খেয়েছে। খাক, খান, খাও, খা। খেল, খেলে, খেলাম। খেত। খাচ্ছিল। খেয়েছিল। খাব, খাবে। খেয়ো, খাস। খেতে, খেয়ে, খেলে, খাবার (খাওয়ার) খাওয়া।

www.pathagar.com

দি-ধাতু: দেয়, দেন, দাও, দিস, দিই। দিচ্ছে। দিয়েছে। দিক, দিন, দাও, দে। দিল, দিলে, দিলাম। দিত। দিচ্ছিল। দিয়েছিল। দেবো, দেবে। দিও (দিয়ো), দিস। দিতে, দিয়ে, দিলে, দেবার (দেওয়ার), দেওয়া।

নি-ধাতু: নেয়, নেন, নাও, নিস, নিই। নিচ্ছে। নিয়েছে। নিক, নিন, নাও, নে। নিল, নিলে, নিলাম। নিত। নিচ্ছিল। নিয়েছিল। নেব, নেবে। নিও (নিয়ো), নিস। নিতে, নিয়ে, নিলে, নেবার (নেওয়ার), নেওয়া।

শু-ধাতু: শোয়, শোন, শোও, শুস, শুই। শুচ্ছে। শুয়েছে। শুক, শোন, শোও, শো। শুল, শুলে, শুলাম। শুত। শুচ্ছিল। শুয়েছিল। শোব, শুয়ো, শুস। শুতে, শুয়ে, শুলে শোবার (শোওয়ার), শোয়া।

কর্-ধাতু: করে, করেন, করো, করিস, করি। করছে। করেছে। করুক, করুন, করো, কর্। করল, করলে, করলাম। করত। করছিল। করেছিল। করব, করবে। কোরো, করিস। করতে, করে, করলে, করবার (করার), করা।

কাট্-ধাতু : কাটে, কাটেন, কাটো, কাটিস, কাটি। কাটছে। কেটেছে। কাটুক, কাটুন, কাটো, কাট্। কাটল, কাটলে, কাটলাম। কাটত। কাটছিল। কেটেছিল। কাটব, কাটবে। কেটো, কাটিস। কাটতে, কেটে, কাটলে, কাটবার (কাটার), কাটা।

লিখ্-ধাতু : লেখে, লেখেন, লেখো, লিখিস, লিখি। লিখছে। লিখেছে। লিখুক, লিখুন, লেখো, লেখ্। লিখল, লিখলে, লিখলাম। লিখত। লিখছিল। লিখেছিল। লিখব, লিখবে। লিখো, লিখিস। লিখতে, লিখে, লিখলে, লেখবার (লেখার), লেখা।

শিখ্-ধাতু: শেখে, শেখেন, শেখো, শিখিস, শিখি। শিখছে। শিখেছে। শিখুক, শিখুন, শেখো, শেখ্। শিখল, শিখলে, শিখলাম। শিখত। শিখছিল। শিখেছিল। শিখব, শিখবে।শিখো, শিখিস। শিখতে, শিখে, শিখলে, শেখবার (শেখার), শেখা।

উঠ্-ধাতু: ওঠে, ওঠেন, ওঠো, উঠিস, উঠি। উঠছে। উঠেছে। উঠুক, উঠুন, ওঠো, ওঠ্। উঠল, উঠলে, উঠলাম। উঠত। উঠছিল। উঠেছিল। উঠব, উঠবে। ওঠো, উঠিস। উঠতে, উঠে, উঠলে, ওঠবার (ওঠার), ওঠা।

www.pathagar.com

www.pathagar.com